bible educational services

# শিক্ষক-শিক্ষিকাদের জন্য নির্দেশাবলী

## বাইবেলটাইম ৩নং স্তর এবং ৪নং স্তর

A সিরিজ

১নং - ৬নং গল্প

www.besweb.com

# বাইবেল এডুকেশান সার্ভিসেস

**মিশন বিবৃতি**
ধারাবাহিক বাইবেল পাঠগুলি যা বর্তমান এবং পরবর্তী প্রজন্মের কাছে ঈশ্বরের বাক্য শিক্ষা দিতে সক্ষম করে, সেগুলি সারা পৃথিবী জুড়ে ব্যবহারের জন্য প্রকাশিত করার দ্বারা আপনাদের পরিচর্যা করা যেন আপনি অন্যদের পরিচর্যা করতে পারেন।

**দর্শন বিবৃতি**
যারা আমাদের মৌলিক মূল্যবোধগুলি ভাগ করে নেয় তাদের সাথে অংশীদার হয়ে, যোগাযোগের বিভিন্ন উপায়গুলির মাধ্যমে পৃথিবীর অনেক ভাষায় বাইবেল এডুকেশনাল রিসোর্স-এর উৎপাদনটি সহজতর করা।

# সাধারণ তথ্য

### বাইবেল এডুকেশনাল সার্ভিসেস কি করে?

বাইবেল এডুকেশনাল সার্ভিসেস (বিইএস) ইংরেজীতে "বাইবেল টাইম", "নিউ লাইফ" এবং "গ্লীনার্স" নামে পাঠগুলি প্রকাশ করে এবং পরিদর্শন, নেটওয়ার্কিং, পরামর্শদান ও শিক্ষণ দ্বারা ইউ.কে ও বিদেশে পোষ্টাল বাইবেল স্কুল ও বিইএস পাঠগুলি ব্যবহার ক'রে একইরকম এমন সংস্থাগুলিকে সাহায্য করে। বিইএস বর্তমানে অন্য দেশগুলিতে সেই দলগুলির সাথে অংশীদার হয়েও কাজ করছে যারা পাঠগুলির অনুবাদ, নকশা, প্রকাশনা এবং বিতরণ করায় নিয়োজিত আছে। পাঠগুলি সমস্ত ছাত্রছাত্রীদের বিনামূল্যে যোগান আবশ্যক।

বাইবেলটাইম পাঠগুলি ৫০ বছরের বেশী আগে দক্ষিণ আয়ারল্যান্ডে প্রথম ব্যবহৃত হয়েছিল। বাইবেল এডুকেশানাল সার্ভিসেস ইংরেজী এবং সব বিদেশী ভাষায় বাইবেলটাইম পাঠগুলির জন্য সম্পাদকীয় দায়িত্বটি রক্ষা করে। বাইবেলটাইম পাঠগুলি সাধারণতঃ এ৪ আকারে প্রকাশ করা হয়েছিল যা কোন কোন এলাকায় ছাত্রছাত্রীদের, প্রতি চার সপ্তাহ অন্তর, মান নির্ণয়ের জন্য পাঠগুলি বাইবেল স্কুল কেন্দ্রে ফেরত পাঠাতে সক্ষম করে। আরও সাম্প্রতিককালে, বেলফাষ্ট-এর এভরি হোম ক্রুশেড (উদ্দীপনামূলক আন্দোলন)কে ধন্যবাদ জানাই, যারা ছয় মাসের জন্য পাঠগুলি এ৫ আকারে প্রকাশ করেছিল, যা মণ্ডলী এবং বিদ্যালয়গুলিতে আরও সহজতর উপায়ে ব্যবহার করা গিয়েছে, বিশেষতঃ যেখানে ডাক পদ্ধতি ফলপ্রসূ হয়।

বিইএস পাঠগুলি এতই অপূর্ব যে সেগুলি দৃশ্যত গৃহ বা দলীয় (মণ্ডলী/বিদ্যালয়) পাঠের জন্য প্রস্তুত করা হয়েছে, পরবর্তীতে তার পরিকল্পিত সিলেবাস আছে যা ছাত্রছাত্রীকে ২০ বছর বয়স পর্য্যন্ত অধ্যয়নটি চালিয়ে যেতে সুযোগ দেয়। পাঁচটি স্তরে পাঠগুলি বিশেষ বিশেষ বয়সকালীন দলের জন্য পাওয়া যায়, যেমন স্কুল-পূর্ববর্তী, ৫-৭ বছর, ৮-১০ বছর, ১১-১৩ বছর, ১৪-১৬ বছর। প্রতিটি বয়সের দলের জন্য তিন বছরের সিলেবাস আছে (৪নং পৃষ্ঠা দেখুন)। ভিন্ন ভিন্ন যোগ্যতা অনুসারে বয়সের দলগুলি বিভিন্ন হতে পারে। বাইবেলটাইম রিসোর্সগুলি ছেলেমেয়েদের ঈশ্বরের বাক্য অধ্যয়ন করতে, বাইবেলের গল্প শিখতে এবং তাদের জীবনে সুসমাচারের প্রাসঙ্গিকতার সমস্যার সম্মুখীন হতে সুযোগ দেয়।

বিইএস ওয়েবসাইট—www.besweb.com অথবা আন্তর্জাতিক সম্পাদকের কাছ থেকে পাঠগুলির ছাপান কপি ইংরেজীতে পাওয়া যায়। এগুলি অন্যান্য ভাষার ওয়েবসাইটেও পাওয়া যাবে। বিইএস-এর প্রমাণপত্রগুলি আপনার কাছে সাহায্যকারী হতে পারে যদি আপনি আমাদের সাথে অংশীদার হওয়ার জন্য চিন্তা করছেন, যা ওয়েবসাইটেও পাওয়া যাবে।

# বিইএস-এর যোগাযোগের ঠিকানা

# শিক্ষক-শিক্ষিকাদের জন্য নির্দেশাবলী

প্রারম্ভিককালে, বাইবেলটাইম পাঠগুলি ডাকযোগে বাইবেল স্কুল কেন্দ্রের মাধ্যমে ডাক পদ্ধতিতে ব্যবহারের জন্য তৈরী করা হয়েছিল কিন্তু পাঠগুলি সংখ্যায় বৃদ্ধি পেয়ে এমন জায়গায় ব্যবহৃত হচ্ছিল যেখানে ডাক পদ্ধতি বিশ্বাসযোগ্য নয় অথবা অস্তিত্বহীন বিশেষতঃ আফ্রিকা, ভারতবর্ষ এবং অন্যান্য এলাকায় মণ্ডলী এবং বিদ্যালয়গুলিতে। শিক্ষণ নির্দেশাবলী তাদের জন্য প্রকাশ করা হয়েছিল যারা এইরূপ পরিস্থিতিতে বাইবেলটাইম পাঠগুলি ব্যবহার করছিল। এই পুস্তিকায় শিক্ষণ নির্দেশাবলী ৩নং স্তর এবং ৪নং স্তর যাদের বয়সসীমা আন্দাজ ১১-১৬ বছর তাদের সাথে ব্যবহারের জন্য নকশা করা হয়েছে।

প্রতিটি শিক্ষণ নির্দেশাবলী বাইবেলটাইম পাঠের মত একই বাইবেলের অংশ অনুসরণ করে। বাইবেলটাইম পাঠগুলি এবং নির্দেশাবলীগুলি সাপ্তাহিক ভিত্তিতে ব্যবহারের জন্য নকশা করা হয়েছে। এপ্রিলের পাঠগুলি ইষ্টারের সাথে এবং ডিসেম্বরের পাঠগুলি বড়দিনের সাথে সম্পর্কযুক্ত।

কোন কোন এলাকায় পাঠগুলির এ৪ সাপ্তাহিক প্রকাশনা ব্যবহার করবে এবং অন্য জায়গায় ২৪টা পাঠ যুক্ত করে এ৫ পুস্তিকা ব্যবহার করবে। সাধারণতঃ শিক্ষক-শিক্ষিকা বা নেতা-নেত্রী মাসিক এ৪ পাঠটি দিবেন এবং প্রতি সপ্তাহে মণ্ডলীতে বা স্কুলে পাঠটি পূর্ণ করা হবে অথবা বাড়ী নিয়ে যাবে এবং পরবর্তী সপ্তাহে ফেরত আনবে। মাসের শেষে শিক্ষক-শিক্ষিকা অথবা নেতা-নেত্রী পাঠটি সংগ্রহ করবেন এবং প্রয়োজনীয় নম্বর দিবেন, যত শীঘ্র সম্ভব ছাত্রছাত্রীকে নম্বর দেওয়া পাঠগুলি ফেরত দিবেন।

পুস্তিকাটি যখন আদর্শরূপে ব্যবহার করা হবে, তখন প্রতিটি সেসনের শেষে, পুস্তিকাগুলি সংগ্রহ করা হবে এবং নম্বর দেওয়া হবে। আমরা বুঝতে পেরেছি যে অনেক পরিস্থিতিতে তা অসম্ভব। কাজেই শ্রেণীকক্ষের মধ্যে সেগুলি অন্য ছাত্রছাত্রীদের মধ্যে বিতরণ করা যেতে পারে এবং শিক্ষক-শিক্ষিকা অথবা নেতা-নেত্রী পাঠগুলির মাধ্যমে উত্তরগুলি বলবেন আর ছাত্রছাত্রীরা তাদের বন্ধুর পাঠে নম্বর দিবে এবং একটা হিসাব দিবে। পুস্তিকাটির একেবারে শেষে প্রত্যেক মাসের পাঠের জন্য হিসাবের একটা জায়গা আছে এবং ছাত্রছাত্রী কি উন্নতি করেছে সেই বিষয়ে মন্তব্যের জন্য একটা জায়গা আছে। সেখানে একটা সার্টিফিকেটও আছে যা আলাদা করা যেতে পারে এবং পাঠটির ছয় মাসের জন্য ছাত্রছাত্রী যে শতাংশ অর্জন করেছে তার নির্দেশ দিয়ে তা ছাত্রছাত্রীকে ফেরত দেওয়া হবে।

# শিক্ষক-শিক্ষিকাদের জন্য প্রস্তুতি

শিক্ষক-শিক্ষিকাদের নিজেদের কল্পনা এবং কাজ করার উদ্যমের সাথে তাদের নিজেদের মত জিনিসগুলি সাজিয়ে নিতে আমরা তাদের জন্য নির্দেশক হতে এবং বাধা দিতে চাই না। এগুলি পরামর্শ যা বাইবেলটাইম রিসোর্স ব্যবহার করতে সাহায্য করতে পারে।

- **গল্পটি ভালভাবে জানুন** - শিক্ষক-শিক্ষিকাদের বাইবেলের গল্পটির সাথে এবং তার সাথে মিল করা বাইবেলটাইম পাঠের সাথেও যতটা সম্ভব ততটা পরিচিত হওয়া উচিত। আদর্শরূপে, বাইবেলটাইম পাঠটি শিক্ষক-শিক্ষিকার দ্বারা পাঠের আগেই সম্পূর্ণ করা উচিত। প্রতিটি পাঠের জন্য নির্দেশিকাটি পাঠগুলির জন্য পরিকল্পনা করতে এক সাহায্য হিসাবে সাবধানে ধরে নেওয়াও উচিত।
- **শিখবার জন্য পাঠগুলি বোঝা** - প্রতিটি পাঠ পরিকল্পনার উপরে আপনি "আমরা শিখছি যে" শব্দগুলি লক্ষ্য করে থাকবেন, তারপরই আছে শিখবার দুইটা উদ্দেশ্য যা ছেলেমেয়েরা শিক্ষক-শিক্ষিকার উপস্থাপনাটি শুনবার পর এবং বাইবেলটাইম পাঠ সম্পূর্ণ করার পর বুঝবে বলে আশা করা যায়। প্রথম শিখবার উদ্দেশ্যটি গল্পটির বিষয়ে জ্ঞানের সাথে যুক্ত, যেখানে দ্বিতীয়টি জ্ঞানের বিষয়ে চিন্তা করতে, তা প্রয়োগ করতে এবং সাড়া দিতে ছেলেমেয়েদের উৎসাহ দেয়। এই শিখবার উদ্দেশ্যগুলি প্রধান মতবাদ/সত্যের এক সংক্ষিপ্ত বক্তব্য যা পাঠে শিখান হয় এবং শিক্ষক-শিক্ষিকাগণ শিক্ষা দিতে এবং শিখতে তাদের ব্যক্তিগত মূল্যায়নের জন্য ব্যবহার করতে ইচ্ছা করতে পারে যা ঘটেছে।
- **পরিচয় করান** - সমস্ত পাঠগুলির সাথে, আমরা সেখানে শুরু করি যেখানে ছেলেমেয়েরা পরিস্থিতিতে তাদের নিজেদের অভিজ্ঞতার সাথে থাকে। আমরা বিভিন্ন উপায়ের বিষয়ে পরামর্শ দিয়েছি যা গল্পটি পরিচয় করাতে ব্যবহার করা যেতে পারে যেন গল্পটির আরম্ভের মুহূর্তে আলোচনায় উত্তর-প্রত্যুত্তর করতে ছেলেমেয়েদের সক্ষম করে।
- **শিক্ষা দিন** - আমরা গল্পটির মূল বিষয়গুলি দিয়েছি। আমরা আশা করব যে শিক্ষক-শিক্ষিকারা যখন প্রকৃতই গল্পটা বলবেন তখন তাদের এগুলি উল্লেখ করতে হবে না কিন্তু তাঁরা গল্পটির সাথে পরিচিত হবেন এবং এক চমকপ্রদ ও অনুপ্রাণিতভাবে তা শিক্ষা দিতে সক্ষম হবেন। শিক্ষক-শিক্ষিকারা চাইবেন ছেলেমেয়েরা যেন গল্পটা থেকে মূল বিষয়গুলি বুঝতে পারে এবং গল্পটা শিখে তাদের কি সাড়া দিতে হবে তা বুঝতে তাঁরা তাদের সাহায্য করবেন। যতটা উপযোগী করা যায় আমরা কয়েকটি ব্যাখ্যা গল্প বলাটার

মাধ্যমে একত্রে বুনতে চেষ্টা করেছি। এগুলি সবসময় ***বাঁকা অক্ষরগুলিতে*** যুক্ত করা হয়।

- **দেখান** - আমরা বুঝতে পারি যে কোন কোন পরিস্থিতিতে দৃশ্য উপকরণ পাওয়া খুব দুরূহ কিন্তু যেখানে সম্ভব সেখানে গল্পটি বুঝতে সাহায্য করতে ছবি অথবা বস্তুগুলির প্রতি দৃষ্টিপাত করা গুরুত্বপূর্ণ। গল্পগুলি বলতে দৃশ্য উপকরণগুলি অত্যন্ত সাহায্য করতে পারে। প্রতিটি পাঠে যেখানে প্রযোজ্য আমরা ছবিগুলির বিষয়ে www.freebibleimages.org ছবিগুলি থেকে (এফ বি আই) তথ্যটি দিয়েছি যা তাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করা যাবে। দৃশ্য উপকরণের আর একটি উৎস এইকন বাইবেল আর্ট [info@eikonbibleart.com] কিন্তু তাদের উপকরণগুলি কিনতে হবে। যেখানে ফটোকপি পাওয়া যায় সেখানে কয়েকটি বাইবেলটাইম ছবি বড় করে, রঙ করে, শিক্ষা দিবার সময় ব্যবহার করা যেতে পারে।
- **শিখুন** - প্রতিটি গল্পে একটা মূল পদ আছে। কোন কোন ক্ষেত্রে, দুইটা মূল পদ আছে, কারণ আমরা আর একটা মূল পদ যোগ করেছি যা ছেলেমেয়েদের জন্য শিখতে সহজ হতে পারে। আমরা আশা করি যে ছেলেমেয়েরা মূল পদগুলি শিখতে পারবে এবং যতবার সম্ভব তা তাদের মনে করিয়ে দেওয়া হবে যেন তারা মূল পদগুলির বিষয়ে জ্ঞান লাভ করতে শুরু করে।
- **সম্পূর্ণ করুন** - স্কুলের পরিস্থিতিতে আপনি কাজ করার পৃষ্ঠা সম্পূর্ণ করতে ছেলেমেয়েদের যোগ্যতার বিষয়ে এবং কতটা শিক্ষক-শিক্ষিকার সাহায্য প্রয়োজন সেবিষয়ে সচেতন হবেন। কয়েকজনের জন্য, এটা প্রয়োজন হবে যে শিক্ষক/শিক্ষিকা পাঠের অংশটি পড়বেন যখন ছেলেমেয়েরা সেটা অনুসরণ করবে যা এখন এক পরিচিত গল্প। অন্য ছেলেমেয়েরা হয়ত স্বাধীনভাবে পাঠ্যাংশটি পড়তে সক্ষম হবে। অন্য ক্ষেত্রে, এটা হয়ত বিশেষ নির্দেশগুলির প্রতি ছেলেমেয়েদের দৃষ্টি আকর্ষণ করতে একটা চিন্তাধারা যা প্রশ্নগুলির সাথে সম্পর্কযুক্ত। আপনি যদি স্কুলে যায় না যারা তাদের প্রসঙ্গে বাইবেলটাইম ব্যবহার করছেন, তবে সাহায্য করতে আপনাকে পাওয়া গুরুত্বপূর্ণ যেন এটা এক দৈনন্দিন কাজকর্ম বা পরীক্ষা হিসাবে উপলব্ধি না করা হয়। এটা আনন্দজনক, উৎসাহজনক এবং প্রশংসাজনক হওয়া উচিত যখন প্রদত্ত কাজটি করা হয় যা গুরুত্বপূর্ণ।
- **পুনরালোচনা করুন** - আমরা পরামর্শ দিয়েছি যখন সম্ভব, তখন শিখতে সাহায্য করতে, এবং গল্পটি পুনরালোচনা করার এক উপায় হিসাবে কুইজ অথবা নাটক করা যেতে পারে।
- **সক্রিয় হন** - এই বিভাগটি শিরনাম, কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে তা বহন করে, এবং এছাড়াও সম্ভাব্য দলীয় কাজের কিছু পরামর্শ এবং পাঠটির উদ্বুদ্ধ করার প্রতি ব্যক্তিগত সাড়াগুলিও দেয়।

**মূল পদটি শিক্ষা দেওয়া**

১) পদটি একটা বড় কাগজে অথবা বোর্ডে এমনভাবে লেখা যেতে পারে যেখানে ছেলেমেয়েরা যখন পদটি বার বার বলবে তখন একটা করে শব্দ সরানো যাবে যতক্ষন না সমস্ত পদটি সরানো হয় এবং ছেলেমেয়েরা তাদের সামনে শব্দগুলি না দেখেই পদটি পুনরাবৃত্তি করতে পারে।

২) মূল পদটি পরিচয় করিয়ে দিতে আপনি ব্যবহার করতে পারেন ঃ
ক) দুইটা দলের সাথে হ্যাংম্যান পদ্ধতি — অনেক সংখ্যার অক্ষর — কোন অক্ষর ছাড়াই মূল পদটির জন্য জায়গাগুলি দেওয়া — ছেলেমেয়েরা বেছে নিবে কোন অক্ষরগুলি তারা চায় যতক্ষন না কোন একজন পদটি চিনতে সক্ষম হয়।
খ) যেখানে বাইবেল পাওয়া যাবে সেখানে সোর্ড ড্রিল করান, ছেলেমেয়েরা পদটি খুঁজতে বাইবেল ঘাঁটবে এবং যে প্রথমে খুঁজে পাবে সে জোরে পড়বে।

**সময়ের পরিকল্পনা**

- **ধারা।** প্রতিটি পাঠের জন্য আমরা শিক্ষা নির্দেশিকায় দেওয়া একই ধারা রেখেছি কিন্তু শিক্ষকরা হয়ত সময় সময় তা পরিবর্তন করতে পারেন।

    ১। ভূমিকা এবং গল্পটা বলা — প্রায় ১৫ মিনিট
    ২। মূল পদটি শিক্ষা দেওয়া — ৫-১০ মিনিট
    ৩। কাজ করার পৃষ্ঠাটি সম্পূর্ণ করা — ২০ মিনিট
    ৪। কুইজ এবং অন্যান্য কার্যক্রম — ৫-১০ মিনিট

**গুরুত্বপূর্ণ কথাটি মনে রাখুন ঃ**

"আমাকে বল কিন্তু আমি ভুলে যেতে পারি,
আমাকে দেখাও তা আমি মনে রাখব,
আমাকে নিয়োজিত কর তা আমি বুঝতে পারব।"

# বাইবলটাইম সিলেবাস

| | ০ স্তর (প্রি-স্কুল)<br>১ম স্তর (৫-৭ বছর)<br>২য় স্তর (৮-১০ বছর) | ৩য় স্তর (১১-১৩ বছর) | ৪র্থ স্তর (১৪+ বছর) |
|---|---|---|---|
| প্রারম্ভিক সিরিজ | ১। প্রারম্ভিক পাঠ - ভূমিকা<br>২। ইউ১ - লূকলিখিত সুসমাচার<br>৩। ইউ২ - লূকলিখিত সুসমাচার<br>৪। ইউ৩ - লূকলিখিত সুসমাচার | ১। প্রারম্ভিক পাঠ - ভূমিকা<br>২। ইউ১ - লূকলিখিত সুসমাচার<br>৩। ইউ২ - লূকলিখিত সুসমাচার<br>৪। ইউ৩ - লূকলিখিত সুসমাচার | ১। প্রারম্ভিক পাঠ - ভূমিকা<br>২। ইউ১ - লূকলিখিত সুসমাচার<br>৩। ইউ২ - লূকলিখিত সুসমাচার<br>৪। ইউ৩ - লূকলিখিত সুসমাচার |
| সিরিজ ক | ১। সৃষ্টির বিবরণ<br>২। নোহ<br>৩। পিতর<br>৪। পিতর — ক্রুশ<br>৫। অব্রাহাম<br>৬। অব্রাহাম<br>৭। পিতর<br>৮। পিতর<br>৯। যাকোব<br>১০। আদি খ্রীষ্টিয়ানরা<br>১১। পৌল<br>১২। বড়দিনের গল্প | ১। সৃষ্টির বিবরণ<br>২। নোহ<br>৩। পিতর<br>৪। পিতর — ক্রুশ<br>৫। পিতর<br>৬। অব্রাহাম<br>৭। যাকোব<br>৮। প্রার্থনা<br>৯। পৌল<br>১০। পৌল<br>১১। পৌল<br>১২। বড়দিনের গল্প | ১। সৃষ্টির বিবরণ ও পতন<br>২। আদিতে উন্নতি - আদিপুস্তক<br>৩। পিতর<br>৪। পিতর — ক্রুশ<br>৫। পিতর<br>৬। অব্রাহাম<br>৭। যাকোব<br>৮। খ্রীষ্টিয় জীনব<br>৯। পৌল<br>১০। পৌল<br>১১। পৌল<br>১২। বড়দিনের গল্প |
| সিরিজ খ | ১। খ্রীষ্টের বাল্য জীবন<br>২। আশ্চর্য কাজগুলি<br>৩। বৈথনিয়া<br>৪। ক্রুশ<br>৫। দৃষ্টান্তগুলি<br>৬। যোষেফ<br>৭। যোষেফ<br>৮। যীশুর সাক্ষাৎপ্রাপ্ত ব্যক্তিরা<br>৯। মোশি<br>১০। মোশি<br>১১। মোশি<br>১২। বড়দিনের গল্প | ১। দৃষ্টান্তগুলি<br>২। আশ্চর্য কাজগুলি<br>৩। বৈথনিয়া<br>৪। ক্রুশ<br>৫। আদি খ্রীষ্টিয়ানরা<br>৬। যোষেফ<br>৭। যোষেফ<br>৮। সুসমাচার লেখকরা<br>৯। মোশি<br>১০। মোশি<br>১১। মোশি<br>১২। বড়দিনের গল্প | ১। দৃষ্টান্তগুলি<br>২। আশ্চর্য কাজগুলি<br>৩। বৈথনিয়া<br>৪। ক্রুশ<br>৫। আদি খ্রীষ্টিয়ানরা<br>৬। যাকোব ও তার পরিবার<br>৭। যোষেফ<br>৮। প্রেরিত ২:৪২ - অগ্রবর্তী<br>৯। মোশি<br>১০। মোশি<br>১১। নিয়ম<br>১২। বড়দিনের গল্প |
| সিরিজ গ | ১। দানিয়েল<br>২। আরও আশ্চর্যকাজ<br>৩। যীশুর সাক্ষাৎপ্রাপ্ত ব্যক্তিরা<br>৪। খ্রীষ্টের মৃত্যু<br>৫। রূত ও শমূয়েল<br>৬। দায়ূদ<br>৭। দায়ূদ<br>৮। যিহোশূয়<br>৯। এলিয়<br>১০। ইলিশায়<br>১১। যোনা<br>১২। বড়দিনের গল্প | ১। দানিয়েল<br>২। যীশুর সাক্ষাৎপ্রাপ্ত ব্যক্তিরা<br>৩। আরও আশ্চর্যকাজ<br>৪। খ্রীষ্টের মৃত্যু<br>৫। রূত<br>৬। শমূয়েল<br>৭। দায়ূদ<br>৮। যিহোশূয়<br>৯। এলিয়<br>১০। ইলিশায়<br>১১। ঈশ্বর কর্তৃক ব্যবহৃত ব্যক্তি-গন - পুরাতন নিয়ম<br>১২। বড়দিনের গল্প | ১। দানিয়েল<br>২। যীশুর বাণী<br>৩। প্রভুর ক্ষমতা<br>৪। খ্রীষ্টের মৃত্যু<br>৫। রূত<br>৬। শমূয়েল<br>৭। দায়ূদ<br>৮। যিহোশূয়<br>৯। এলিয়<br>১০। ইলিশায়<br>১১। পুরাতন নিয়মের আরও চরিত্র<br>১২। বড়দিনের গল্প |

| | এ১ - ৩ নং স্তর<br>১ নং পাঠ - সৃষ্টির বিবরণ<br>মূল বিষয় - ঈশ্বর জগত সৃষ্টি করেছেন | এ১ - ৪ নং স্তর<br>১ নং অধ্যয়ণ - সৃষ্টির বিবরণ<br>মূল বিষয় - শুরুতে |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ১:১-১৯**<br><br>**মূল পদ ঃ আদিপুস্তক ১:১**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর জগত এবং তার মধ্যে প্রতিটি জিনিস সৃষ্টি করেছিলেন।<br>২। ঈশ্বর প্রতিটি ব্যক্তিগত মানুষকে সৃষ্টি করেছেন, জানেন এবং ভালবাসেন। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ১:১-৩১**<br><br>**মূল পদ ঃ ইব্রীয় ১:১০, যিশাইয় ৪৫:১৮**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর জগত সৃষ্টি করেছিলেন।<br>২। ঈশ্বর সর্বশক্তিমান<br>৩। ঈশ্বর তাঁর প্রতিমূর্তিতে মানুষ সৃষ্টি করেছেন। |
| পরিচয় করান | প্রতিটি ছাত্রছাত্রীকে এই প্রশ্নগুলির উত্তর লিখতে বলুন। অনুমান করা ঠিক আছে। ছাত্রছাত্রীরা তারপর একজন সঙ্গীর কাছে তাদের উত্তরটা বলতে পারে।<br><br>১। বিশ্বে কতগুলি তারা আছে?<br>২। জগতে কতজন লোক আছে?<br><br>কয়েক মিনিট পর নীচের উত্তরগুলি প্রকাশ করুন।<br>• ইউরোপীয়ান স্পেস এজেন্সী অনুযায়ী, ঠিক কতগুলি তারা আছে তা বলা কঠিন। এটা হিসাব করা গিয়েছে যে কেবল আমাদের ছায়াপথে ১০০ হাজার কোটি তারা আছে। অন্য ছায়াপথগুলিতেও কোটি কোটি তারা আছে! তা প্রচুর তারা।<br>• বর্তমান হিসাব হোল জগতে অনুমান ৭ বিলিয়ন লোক আছে। | জোড়া জোড়া হয়ে নীচের প্রশ্নগুলি আলোচনা করুন এব পরে একটা বড় দল হিসাবে করুন।<br>১। শেষ কবে আপনি সৃজনতা দিয়ে কোনকিছু তৈরী করেছিলেন?<br>২। আপনি কি ফলটা দেখে সন্তুষ্ট হয়েছিলেন? |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। কোন কিছু অস্তিত্ব থাকার আগে ঈশ্বর ছিলেন।<br>২। ঈশ্বর ছয় দিনে জগত সৃষ্টি করেছিলেন।<br>৩। ১ম দিনে ঈশ্বর আলো সৃষ্টি করেছিলেন এবং অন্ধকার থেকে আলোকে আলাদা করেছিলেন, ২য় দিন ঈশ্বর আকাশ সৃষ্টি করেছিলেন এবং নীচে জল থেকে তা আলাদা করেছিলেন; ৩য় দিন ঈশ্বর জলকে একত্র করেছিলেন এবং শুকনো জায়গার নাম দিয়েছিলেন "ভূমি"। ভূমি সজী এবং গাছপালা উৎপন্ন করেছিল। চতুর্থ দিনে ঈশ্বর আকাশে আলো বসিয়েছিলেন ঃ যেমন সূর্য্য, চাঁদ ও তারা; ৫ম দিনে ঈশ্বর সমুদ্রের জীবজন্তু এবং পাখী সৃষ্টি করেছিলেন; ৬ দিনের দিন ঈশ্বর পশু সৃষ্টি করেছিলেন।<br>৪। তারপর ঈশ্বর তাঁর প্রতিমূর্তিতে, পুরুষ ও নারী হিসাবে মানুষ সৃষ্টি করেছিলেন, যেন তারা পৃথিবী পূর্ণ করে এবং তারা জীব জন্তুদের উপর কর্তৃত্ব করে।<br>৫। ঈশ্বর মানুষ এবং তাঁর জীবজন্তুদের জন্য খাদ্য যুগিয়েছিলেন।<br>৬। ঈশ্বর যা সৃষ্টি করেছিলেন তা তিনি দেখেছিলেন এবং ভেবেছিলেন তা অতি উত্তম!<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং তা শিখতে ছাত্রছাত্রীদের উৎসাহিত করুন।**<br>**১ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - ঈশ্বর স্বর্গ ও পৃথিবী সৃষ্টি করেছিলেন। (১)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঈশ্বর ছয়দিনে জগত সৃষ্টি করেছিলেন।<br>২। ১ম দিন : ঈশ্বর আলো সৃষ্টি করেছিলেন এবং অন্ধকার থেকে আলোকে আলাদা করেছিলেন। ২য় দিন : ঈশ্বর আকাশ সৃষ্টি করেছিলেন এবং নীচে জল থেকে তা আলাদা করেছিলেন। ৩য় দিন : ঈশ্বর জলকে একত্র করেছিলেন এবং শুকনো জায়গার নাম দিয়েছিলেন "ভূমি"। ভূমি সজী এবং গাছপালা উৎপন্ন করেছিল। ৪র্থ দিন : ঈশ্বর আকাশে আলো বসিয়েছিলেন যেমন সূর্য্য, চাঁদ ও তারা। ৫ম দিন : ঈশ্বর সমুদ্রের জীবজন্তু এবং পাখী সৃষ্টি করেছিলেন। ৬ষ্ঠ দিন : ঈশ্বর পশু সৃষ্টি করেছিলেন।<br>৩। ঈশ্বরের ক্ষমতা অপূর্ব। তিনি বাক্যের দ্বারা জগত সৃষ্টি করেছেন; আর তা কেবলমাত্র তাঁর ছয় দিন লেগেছিল।<br>৪। ঈশ্বর তাঁর প্রতিমূর্তিতে মানুষ সৃষ্টি করেছিলেন; তিনি তাদের পুরুষ ও নারী সৃষ্টি করেছিলেন।<br>৫। ঈশ্বর যা সৃষ্টি করেছিলেন তা যখন তিনি দেখেছিলেন, তখন তাঁর মতামত ছিল তা অতি উত্তম।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং তা শিখতে ছাত্রছাত্রীদের উৎসাহিত করুন।**<br>**১ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - ঈশ্বর স্বর্গ ও পৃথিবী সৃষ্টি করেছিলেন। (১)** |
| পুনরালোচনা করুন | ৪ জনের দলে একটা পোষ্টার তৈরী করুন যেখানে ঈশ্বরের ছয় দিনের সৃষ্টির প্রত্যেকটি দিন দেখান হবে। | এই পাঠে ঈশ্বরের চরিত্রের বিষয়ে আপনি কি শিখেছেন? তা প্রতিফলিত করতে একটা ছোট কবিতা, চিত্রকাব্য অথবা অনুচ্ছেদ লিখুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। ঈশ্বর সর্বশক্তিমান এবং প্রতিটি জিনিস সৃষ্টি করেছেন। যদিও তাঁর সৃষ্টি এত বৃহৎ, তথাপি তিনি আমাদের প্রত্যেককে সৃষ্টি করেছেন, আমাদের জানেন এবং ভালবাসেন। কিভাবে তা ঈশ্বরের এবং তাঁর সৃষ্টির প্রতি আমাদের মনোভাবে প্রভাব ফেলে? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। ঈশ্বর আমাদের জগতকে সৃষ্টি করেছেন এবং তিনি আমাদেরও সৃষ্টি করেছেন। আমাদের জীবনে তা কি পার্থক্য আনা উচিত?<br>২। **আদিপুস্তক ১:২৬-২৭ এবং যিশাইয় ৪৫:১৮** পড়ুন। মানুষের জন্য ঈশ্বরের কি দর্শন ছিল? কিভাবে তা আজ আমাদের জীবন যাত্রায় প্রভাব ফেলে? |

| | এ১ - ৩ নং স্তর<br>২নং পাঠ - আরম্ভ<br>মূল বিষয় - ঈশ্বর মানুষকে সৃষ্টি করেন। | এ১ - ৪ নং স্তর<br>২ নং অধ্যয়ণ - সৃষ্টির বিবরণ<br>মূল বিষয় - সম্পূর্ণ হয়েছে |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ১:২০-৩১**<br><br>**মূল পদ ঃ আদিপুস্তক ১:২৭**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর জীবজন্তু সৃষ্টি করেছেন, কিন্তু তিনি ভিন্নভাবে মানুষকে সৃষ্টি করেছেন।<br>২। ঈশ্বর মানুষকে তাঁর মত হতে এবং সৃষ্টির উপর দেখাশুনা করতে তাঁর প্রতিমূর্তিতে সৃষ্টি করেছেন।<br>৩। ঈশ্বরের সাথে এবং পরস্পরের সাথে সম্পর্কস্থাপনের জন্য ঈশ্বর মানুষের নকশা করেছেন।<br>৪। ঈশ্বর মানুষকে দায়িত্ব দিয়েছেন। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ১:২৭-৩১; ২:১-৯**<br><br>**মূল পদ ঃ যোহন ১:১-৩**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। সপ্তম দিনে ঈশ্বর বিশ্রাম করেছিলেন।<br>২। বিশ্রামের জন্য ঈশ্বর বিশ্রামবার সৃষ্টি করেছিলেন।<br>৩। ঈশ্বর মানুষকে জীবন দিয়েছিলেন।<br>৪। মানুষের জীবন অপূর্ব মূল্যবান। |
| পরিচয় করান | পশু ছবির খেলা খেলুন। ৪ জনের দলে ক্লাসটিকে ভাগ করুন। প্রতিটি দলকে এক টুকরো কাগজ ও একটা মার্কার পেন দিন। প্রতিটি দল থেকে একজনকে একটা পশুর ছবি আঁকতে হবে এবং দলের বাকীরা অনুমান করবে সেটা কি। | তর্ক হাঁটা। কামরাটি ঘিরে "৩টা ষ্টেশন" চিহ্নিত করতে "সম্মত", "অসম্মত" এবং "অনিশ্চিত" নাম দিন। নীচের বক্তব্যগুলি পড়ুন এবং ছাত্রছাত্রীদের সেই ষ্টেশনে যেতে বলুন যা তাদের প্রতিটি বিষয়ে মতামত প্রতিফলিত করে।<br>• রবিবার বিশেষ দিন হওয়ার ধারনাটি আজ অবান্তর<br>• বাড়ীর কাজগুলি শেষ করতে এবং জিনিস কিনতে যাওয়ার জন্য রবিবার এক দারুন সময়।<br>• রবিবার খেলাধূলা বারণ করা উচিত।<br>• মানুষের ভ্রূণের উপর চিকিৎসার গবেষণা গ্রহণযোগ্য।<br>• খ্রীষ্টানদের যুদ্ধে নিয়োজিত হওয়া উচিত নয়। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ফলবান ও বহুবংশ হতে ঈশ্বর জীবজন্তু সৃষ্টি করেছিলেন।<br>২। ঈশ্বর তাঁর নিজের প্রতিমূর্তিতে মানুষ সৃষ্টি করেছিলেন, যেন তারা তাঁর মত হয় এবং মাছ, পাখী ও পশুদের উপর কর্তৃত্ব করে।<br>৩। ঈশ্বর মানুষকে নারী ও পুরুষ করে সৃষ্টি করেছেন।<br>৪। ঈশ্বর মানুষকে আশীর্বাদ করেছেন এবং তাদের বিশেষ কাজ ও দায়িত্ব দিয়েছেন (তাদের ফলবান ও বহুবংশ হতে হবে, পৃথিবী পূর্ণ করতে হবে এবং তা দেখাশুনা করতে হবে, আর ঈশ্বরের সৃষ্ট জীবের উপর কর্তৃত্ব করবে)।<br>৫। ঈশ্বর খাদ্যের উৎস যুগিয়েছেন — যা আমাদের জীবনের জন্য প্রয়োজন।<br>৬। ঈশ্বর যেসব সৃষ্টি করেছিলেন তাতে সন্তুষ্ট হয়েছিলেন। তিনি বলেছিলেন তা অতি উত্তম।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - ঈশ্বর স্বর্গ ও পৃথিবী সৃষ্টি করেছেন। (১)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। শুরুতে, কোনকিছুর অস্তিত্বের আগে ঈশ্বর ছিলেন। বাক্য (প্রভু যীশু) ঈশ্বর এবং শুরুতে ঈশ্বরের সাথে ছিলেন। তিনি প্রতিটি জিনিস সৃষ্টি করেছেন যা সৃষ্টি হয়েছে; কোনকিছুই তাঁকে বাদ দিয়ে সৃষ্টি হয় নি। তিনি সৃষ্টিকর্তা এবং তিনি শুরুর ঈশ্বর।<br>২। ঈশ্বর মানুষকে এদন-এ রাখলেন।<br>৩। তিনি এদন বাগানে দুইটা বিশেষ গাছ-ও রেখেছিলেন; জীবন গাছ এবং ভাল ও মন্দ জ্ঞানের গাছ।<br>৪। ঈশ্বর সপ্তম দিনে বিশ্রাম করেছিলেন এবং বিশ্রাম নিতে মানুষের জন্য এক বিশেষ দিন সৃষ্টি করেছিলেন।<br>৫। ঈশ্বর মানুষের দেহে জীবন বায়ূ প্রবেশ করিয়েছিলেন। এটা মানুষকে জীবজন্তু থেকে আলাদা করেছে। মানব জীবন অপূর্ব এবং তার অপূর্ব মূল্য আছে।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - ঈশ্বর স্বর্গ ও পৃথিবী সৃষ্টি করেছেন। (১)** |
| পুনরালোচনা করুন | ছোট ছোট দলে আলোচনা করুন, তারপর সমগ্র দলের কাছে প্রতিক্রিয়াটি প্রকাশ করুন : মাছ পাখী এবং পশুদের উপর কর্তৃত্ব করতে ঈশ্বর তাঁর প্রতিমূর্তিতে মানুষ সৃষ্টি করেছেন। তাদের প্রতি কিভাবে আমাদের আচরণ করা উচিত?<br><br>ঈশ্বর তাঁর সাথে এবং অন্যদের সাথে সম্পর্ক স্থাপন করতে আমাদের নকশা করেছেন। কি কি উপায়ে আমরা ঈশ্বরের প্রতি এবং ১) বাড়ীতে ২) স্কুলে ৩) মণ্ডলীতে অন্যদের প্রতি আমাদের ভালবাসা দেখাতে পারি? | ছোট ছোট দলে আলোচনা করুন, তারপর সমগ্র দলের কাছে প্রতিক্রিয়াটি প্রকাশ করুন **যাত্রাপুস্তক ২০:৮ এবং মার্ক ২:২৭ পদ** পড়ুন। আজ আমাদের জন্য এই পদগুলির প্রাসঙ্গিকতা কি?<br><br>আমরা শিখেছি যে মানুষের জীবন অতি মূল্যবান। বিজ্ঞান, ওষুধ, নিয়ম এবং বয়স্কদের দেখাশুনা করার মত বিষয়গুলিতে কিভাবে তা সিদ্ধান্ত নিতে প্রভাবান্বিত করতে পারে? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। ঈশ্বর তাঁর সাথে এবং অন্য মানুষের সাথে সম্পর্ক স্থাপন করতে আমাদের সৃষ্টি করেছেন। আমাদের জীবনে তা প্রতিদিন কি পার্থক্য তৈরী করে যদি আমরা অনুতপ্ত হই এবং তাঁকে বিশ্বাস করি?<br>২। প্রার্থনা করুন যেন আমাদের দায়িত্বগুলি পালন করতে এবং এই সপ্তাহে আমাদের পরিবারে, স্কুলে এবং মণ্ডলীর দলগুলিতে ঈশ্বরের চরিত্রের (উদাহরণস্বরূপ তাঁর ভালবাসা, দয়া, ন্যায়বিচার) কিছুটা দেখাতে তিনি আমাদের সাহায্য করেন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। কিভাবে আমরা আজ আমাদের জীবনে বিশ্রামবারের বিশ্রাম নিয়ে জীবনধারণ করি বা জীবনধারণ করতে ব্যর্থ হই? বিশ্রামবারের বিশ্রাম কি গুরুত্বপূর্ণ? কেন?<br>২। কিভাবে আমরা নিশ্চিত হতে পারি যে আমাদের জীবন ঈশ্বর দিয়েছেন এবং তা অতি মূল্যবান? |

| | এ১ - ৩ নং স্তর<br>৩ নং পাঠ - শুরুতে<br>মূল বিষয় - জিনিসগুলি ভুল করা হয় | এ১ - ৪ নং স্তর<br>৩ নং অধ্যয়ণ - সৃষ্টির বিবরণ<br>মূল বিষয় - পাপের আগমন |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ২:১৫-১৭; আদিপুস্তক ৩:১-১৩**<br><br>**মূল পদ ঃ আদিপুস্তক ৩:৩**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। আদম ও হবা ঈশ্বরের অবাধ্য হয়েছিল।<br>২। আদম ও হবা লজ্জিত হয়েছিল এবং তাদের পাপের ফলাফলের সম্মুখীন হয়েছিল। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ২:১৪-১৯; আদিপুস্তক ৩:১-৭**<br><br>**মূল পদ ঃ রোমীয় ৩:২৩; রোমীয় ৬:২৩**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর মানুষকে ভাল এবং মন্দ জ্ঞানের গাছের ফল না খেতে আদেশ দিয়েছিলেন।<br>২। সাপ হবাকে প্রতারিত করেছিল এবং আদম ও হবা ঈশ্বরের আদেশ অমান্য করেছিল।<br>৩। আদম ও হবা লজ্জিত হয়েছিল। |
| পরিচয় করান | দলটিকে জিজ্ঞাসা করুন স্কুলে তাদের কোন নিয়ম আছে কি না। এগুলি কেন গুরুত্বপূর্ণ? মানুষ যদি এগুলি অবজ্ঞা করে তবে কি হবে? | ছাত্রছাত্রীদের জোড়া জোড়া হয়ে নীচের বিষয় আলোচনা করতে বলুন। স্কুলে/কার্য্যক্ষেত্রে/বাড়ীতে তাদের দায়িত্ব থাকতে পারে। নিয়মগুলি অথবা নির্দেশগুলি তাদের অনুসরণ করতে হবে। এই নিয়মগুলি যদি অবজ্ঞা করা হয় বা ভঙ্গ করা হয় তবে কি হবে? |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঈশ্বর মানুষকে এদন বাগানে রাখলেন এবং সেটা দেখাশুনা করার কাজটি তিনি তাকে দিলেন। তার যা প্রয়োজন ছিল তার প্রতিটি জিনিস তিনি তাকে যুগিয়ে দিলেন, কিন্তু একটা নিয়ম তাকে মানতে হোত। একটা গাছের ফল খাওয়ার অনুমতি ছিল না যাকে বলা হোত "ভাল ও মন্দ জ্ঞানের গাছ"। ঈশ্বর বলেছিলেন যদি সে খায়, তবে সেই মানুষ অবশ্যই মরবে।<br>২। তারপর পশু ও পাখীদের নাম রাখার কাজটি মানুষকে দেওয়া হয়েছিল।<br>৩। মানুষটির দায়িত্ব বহন করতে সাহায্য করার জন্য ঈশ্বর একজন নারী সৃষ্টি করেছিলেন। বিয়ের দ্বারা, একজন পুরুষ ও একজন নারী একটা নতুন পরিবার গঠন করে এবং একটা দল হিসাবে একসাথে কাজ করে।<br>৪। চতুর সাপ, ঈশ্বরের শত্রু ছদ্মবেশে, ঈশ্বরের আদেশে সন্দেহ আনে। সে আদম ও হবাকে বলেছিল যদি তারা ঈশ্বরের নিয়মের অবাধ্য হয় তবে তারা মরবে না। সাপ নারীকে প্রতারিত করেছিল এবং সে ফলটি খেয়েছিল যা না খেতে ঈশ্বর তাদের আদেশ দিয়েছিলেন। সে পুরুষটিকে কিছুটা দিয়েছিল এবং সেও তা খেয়েছিল।<br>৫। পুরুষ ও নারী যখন এটা করেছিল তখন তারা অসুখী হয়েছিল। তারা নিজেদের লুকাতে পোষাক তৈরী করতে ডুমুরের পাতা একসাথে সেলাই করেছিল, এবং গাছের মধ্যে লুকিয়ে ছিল। ঈশ্বর যখন তাদের ডাকলেন তখন তারা কি করেছে তা তাঁকে জানাল। আদম হবাকে দোষ দিয়েছিল এবং হবা সাপকে দোষ দিয়েছিল।<br>৬। ঈশ্বর সাপকে অভিশাপ দিয়েছিলেন। আদম ও হবাকে তাদের পাপের ফল ভোগ করতে হয়েছিল। তারা কষ্ট অনুভব করল এবং বেঁচে থাকার জন্য তাদের কঠোর পরিশ্রম করতে হয়েছিল, জীবন কষ্টকর হয়েছিল এবং তাদের মৃত্যু নিশ্চিত হয়েছিল।<br>৭। ঈশ্বর আদম এবং হবার জন্য পশুর চামড়া থেকে পোষাক তৈরী করে দিয়েছিলেন এবং এদন বাগান থেকে বের করে জীবন বৃক্ষ থেকে দূরে পাঠিয়েছিলেন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - আদম ও হবা ঈশ্বরের অবাধ্য হয় এবং ফলাফলের সম্মুখীন হয়। (১)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঈশ্বর আদমকে এদন বাগানের দেখাশোনা করতে এবং পশুপাখীদের নামকরণ করার দায়িত্ব দিয়েছিলেন।<br>২। ঈশ্বর বলেছিলেন একটি গাছের ফল বাদে মানুষ যে কোন গাছের ফল খেতে পারে, যার নাম ভাল ও মন্দ জ্ঞানের গাছ। ঈশ্বর বলেছিলেন এই গাছের ফল খাওয়ার পরিণাম অবশ্যই মৃত্যু।<br>৩। ঈশ্বর পুরুষের জন্য একজন সাহায্যকারিনী সৃষ্টি করেছিলেন যাকে বলা হয় নারী। তাদের একসাথে কাজ করতে হোত। বিয়ের দ্বারা, একজন পুরুষ ও একজন নারী একটা নতুন পরিবার গঠন করে এবং একটা দল হিসাবে একসাথে কাজ করে।<br>৪। ধূর্ত সাপ হবাকে প্রতারিত করেছিল সে ঈশ্বরের অবাধ্য হয়েছিল, বারণ করা ফলটি খেয়েছিল এবং পুরুষটিকেও ফলটি খেতে দিয়েছিল। ফলটি খাওয়ার দ্বারা পুরুষও ঈশ্বরের অবাধ্য হয়েছিল। আদম ও হবা ফলটি খাওয়ার দ্বারা উভয়ে ঈশ্বরের মান থেকে নীচে নেমেছিল।<br>৫। আদম ও হবা জানত যে তারা ঈশ্বরের অবাধ্য হয়েছিল এবং তারা লজ্জিত হয়েছিল। ঈশ্বরের আদেশ অমান্য করতে তাদের সিদ্ধান্তের ফলাফলের সম্মুখীন তাদের হতে হয়েছিল।<br>৬। তারা ঈশ্বরের শাস্তির সম্মুখীন হয়েছিল।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - আদম ও হবা ঈশ্বরের অবাধ্য হয় এবং ফলাফলের সম্মুখীন হয়। (১)** |
| পুনরালোচনা করুন | **রোমীয় ৫:১২ পদের** সাথে পাঠটি সংযোগ করুন। যেহেতু আদম ও হবা আবাধ্য হয়েছিল সেইহেতু আমরা সকলে পাপী হয়ে জন্মেছি। আমাদের জীবনে ঈশ্বরের আদেশের অবাধ্য হওয়ার বিষয় ছাত্রছাত্রীদের চিন্তা করতে বলুন। এইগুলি কিভাবে ১) আমাদের এবং ২) অন্যের উপর প্রভাব ফেলে? | আদম ও হবার অবাধ্য হওয়ার ফলাফলটি কি ছিল? **রোমীয় ৫:১২-১৪ এবং ১৮-১৯ পদগুলি** পড়ুন।<br>কিভাবে আদমের অবাধ্যতা আজ আমাদের প্রভাবিত করে? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। আমাদের ঈশ্বরকে বলতে হবে আমি দুঃখিত যেন তিনি আমাদের ক্ষমা করতে এবং নতুন তৈরী করতে পারেন।<br>তারপর আমরা ঈশ্বরকে অনুসরণ করতে আমাদের জীবন যাপন করতে পারি। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। খ্রীষ্টান হিসাবে, কেন ঈশ্বরের বাধ্য হওয়া গুরুত্বপূর্ণ?<br>২। আজ আমাদের জীবনে ব্যবহারিক উপায়ে কিভাবে আমরা ঈশ্বরের বাধ্য হতে পারি? |

| | এ১ - ৩ নং স্তর<br>৪ নং পাঠ - সৃষ্টির বিবরণ<br>মূল বিষয় - ঈশ্বরের পথে জিনিসগুলি করা | এ১ - ৪ নং স্তর<br>৪ নং অধ্যয়ণ - সৃষ্টির বিবরণ<br>মূল বিষয় - পাপের ফল |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৪:১-১৬**<br><br>**মূল পদ ঃ যোহন ১৪:৬**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। হেবল ঈশ্বরের পথ অনুসরণ করেছিল, কিন্তু কয়িন তার নিজের পথ অনুসরণ করেছিল। ঈশ্বর হেবলের উৎসর্গ গ্রহণ করেছিলেন কিন্তু কয়িনেরটা প্রত্যাখ্যান করেছিলেন।<br>২। কয়িন হেবলকে হত্যা করেছিল। ঈশ্বর তাকে দেশ থেকে তাড়িয়ে দিয়েছিলেন এবং তাকে ভবঘুরে করেছিলেন। কয়িন ঈশ্বরের উপস্থিতি ত্যাগ করেছিল।<br>৩। ঈশ্বরের কাছে যাওয়ার একটা মাত্র পথ আছে, আর তা হোল ঈশ্বরের পথ! | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৩:৭-২৪**<br><br>**মূল পদ ঃ ১ করিন্থীয় ১৫:১২; রোমীয় ৬:২৩**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। আদম ও হবা ঈশ্বরের কাছ থেকে লুকাবার চেষ্টা করেছিল।<br>২। ঈশ্বর প্রতারণাকারী সাপকে অভিশাপ দিয়েছিলেন।<br>৩। ঈশ্বর আদম ও হবাকে বলেছিলেন তাদের পাপের ফল হিসাবে তারা ব্যাথা এবং কঠিনতার সম্মুখীন হবে।<br>৪। আদম ও হবার উলঙ্গতা ঢাকতে ঈশ্বর পোষাক যুগিয়েছিলেন।<br>৫। এদন বাগান থেকে ঈশ্বর আদম ও হবাকে বিতাড়িত করেছিলেন। |
| পরিচয় করান | যদি আপনি মানচিত্র অথবা নির্দেশের দিকে না তাকিয়ে কোথাও যাত্রা শুরু করেন তবে কি হবে? আপনি কি কখনও নির্দেশ অবহেলা করেছিলেন এবং হারিয়ে গিয়েছিলেন? কয়িন ঈশ্বরের নির্দেশে মনযোগ দেয় নি এবং এক হারান ভবঘুরে হয়ে শেষ করেছিল। | ছাত্রছাত্রীদের কোন এক সময়ের কথা চিন্তা করতে বলুন যখন তারা শিশু হিসাবে, বাড়ীতে বা স্কুলে অবাধ্য হয়েছিল। সেটা তাদের কেমন অনুভব করিয়েছিল? |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। আদম ও হবার দুটি ছেলে ছিল। হেবল ছিল পশুপালক, এবং কয়িন শষ্য উৎপন্ন করত।<br>২। ঈশ্বর পশু উৎসর্গ গ্রহণ করেছিলেন যা হেবল এনেছিল: তা তার পশুপাল থেকে প্রথমজাত মেষশাবকদের মধ্যে সবচেয়ে ভাল ছিল। ঈশ্বর কয়িনের উৎসর্গ অগ্রাহ্য করেছিলেন : তা ছিল তার শষ্যের কিছুটা। কয়িন ক্রুদ্ধ এবং নিরানন্দ হয়েছিল।<br>৩। ঈশ্বর পাপ এবং ঈশ্বরের ঠিক পথ অনুসরণ করার বিষয়ে কয়িনকে সতর্ক করেছিলেন। কয়িন বলেনি যে সে দুঃখিত, এবং ঈশ্বরের কথাও শোনে নি।<br>৪। কয়িন তার ভাই, হেবলকে হত্যা করেছিল। ঈশ্বর দেশ থেকে তাকে বিতাড়িত করেছিলেন, এবং সে ঈশ্বরের উপস্থিতির বাইরে, অনেক দূরে ভবঘুরে হয়ে বেরিয়ে ছিল।<br>৫। হেবল বুঝেছিল যে ঈশ্বরের উদ্দেশে তার একটা মেষশাবক উৎসর্গ করার প্রয়োজন ছিল। কয়িন ঈশ্বরের পথে ঈশ্বরের কাছে আসে নি, এবং সে শাস্তি পেয়েছিল।<br>৬। হেবলের উৎসর্গ ছিল প্রভু যীশু ক্রুশে যে উৎসর্গ করবেন তার একটা ছবি।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - কয়িন ও হেবল। (১)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। আদম ও হবার আবাধ্যতার ফল হয়েছিল ভাল ও মন্দের এক নতুন সচেতনতা এবং তাদের উলঙ্গতার এক সচেতনতা। তারা ভীত হয়েছিল এবং ঈশ্বরের কাছ থেকে লুকাতে চেয়েছিল।<br>২। ঈশ্বর আদম ও হবাকে প্রশ্ন জিজ্ঞাসা করেছিলেন। ঈশ্বর চেয়েছিলেন তারা যেন ভুল স্বীকার করে যা তারা করেছিল। যাই হোক, পরিবর্তে তারা উভয়ে অন্য কাউকে দোষ দিয়েছিল। আদম হবাকে দোষ দিয়েছিল আর হবা সাপকে দোষ দিয়েছিল।<br>৩। আদম ও হবা তাদের অবাধ্যতার জন্য ফলাফলের সম্মুখীন হয়েছিল : তারা জীবনে ব্যাথা ও পরিশ্রমের সম্মুখীন হয়েছিল এবং এদন বাগানে ঈশ্বরের উপস্থিতি থেকে বিতাড়িত হয়েছিল।<br>৪। আমরাও তাদের পাপের ফলাফলের সম্মুখীন হই — কারণ আদম পাপ করেছিল, তাই আমরা তার সাথে অভিন্ন হই, এবং আমরা সকলে মারা যাই।<br>৫। ঈশ্বর সদয় সরবরাহের ঈশ্বর। তিনি তাদের নগ্নতা ঢাকতে আদম ও হবাকে পশুর চামড়ার বস্ত্র দিয়েছিলেন। **রোমীয় ৬:২৩** আমাদের শিক্ষা দেয় যে তিনি প্রভু যীশু খ্রীষ্টের মাধ্যমে আমাদের অনন্ত জীবন উপহার দিয়েছেন যদি আমরা তাঁকে আমাদের পরিত্রাতা হিসাবে স্বীকার করি।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - আদম ও হবা ঈশ্বরের অবাধ্য হয়। (১)** |
| পুনরালোচনা করুন | মূল পদে, যীশু বলেছেন ঈশ্বরের কাছে যেতে তিনিই একমাত্র পথ। ঈশ্বরের কাছে যেতে মানুষ অন্য কি কি পথ চেষ্টা করে?<br><br>একটা বুকমার্ক বা পোষ্টকার্ড নকশা করুন, যেখানে মূল পদটি পরিষ্কার করে লেখা থাকবে। | এই পাঠ থেকে ঈশ্বরের চরিত্রের বিষয়ে আমরা কি শিখতে পারি?<br>**রোমীয় ৫:১২** পদের সাথে পাঠটি সংযোগ করুন। যেহেতু আদম ও হবা পাপ করেছিল তাই আমরা সকলে পাপী হয়ে জন্মগ্রহণ করেছি। আমাদের জীবনে ঈশ্বরের আদেশের অবাধ্য হওয়ার উদাহরণগুলি ছাত্রছাত্রীদের চিন্তা করতে বলুন। কিভাবে এগুলি ১) আমাদের এবং ২) অন্য মানুষের উপর প্রভাব ফেলে? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। মূল পদটি মুখস্থ করুন।<br>২। আপনি কি যীশুকে, ঈশ্বরের কাছে যাওয়ার একমাত্র পথকে অনুসরণ করছেন? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। ঈশ্বরের বাধ্য হতে তাঁর কাছে শক্তি চান এবং যখন আমরা তাঁকে ব্যর্থ করি এবং তাঁকে নীচে নামাই তখন তাঁর সদয় সরবরাহের জন্য তাঁকে ধন্যবাদ দিন।<br>২। আমাদের ঈশ্বরকে দুঃখিত বলা প্রয়োজন যেন তিনি আমাদের ক্ষমা করতে এবং আমাদের নতুন করতে পারেন। তখন আমরা ঈশ্বরকে সন্তুষ্ট করতে আমাদের জীবন কাটাতে এবং তাঁর আদেশ অনুসরণ করতে পারি। |

| | এ২ - ৩ নং স্তর<br>১ নং পাঠ - নোহ ও জলপ্লাবন<br>মূল বিষয় - জাহাজ তৈরী | এ২ - ৪ নং স্তর<br>১ নং অধ্যয়ণ - কয়িন ও হেবল<br>মূল বিষয় - ঈশ্বরের আরাধনা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৬:৫-২২**<br><br>**মূল পদ ঃ আদিপুস্তক ৬:৮**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর পবিত্র। মানুষের পাপাচার ঈশ্বরের হৃদয় ভেঙে দেয়।<br>২। ঈশ্বর নোহকে রক্ষা করার সিদ্ধান্ত নিয়েছিলেন। ঈশ্বর নোহকে বলেছিলেন একটা বিরাট বড় নৌকা তৈরী করতে যেন নোহ, তার পরিবার এবং প্রতি প্রকারের পশু এবং পাখী দুইটা করে রক্ষা করতে পারেন।<br>৩। ঈশ্বর নোহকে যেমন বলেছিলেন সে ঠিক তেমনই করেছিল। ঈশ্বরের উপর নোহর বিশ্বাস ছিল এবং সে তাঁর বাধ্য হয়েছিল। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৪:১-১৬**<br><br>**মূল পদ ঃ ইব্রীয় ১১:৪**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। হেবল ঈশ্বরের কাছে তেমনভাবে এসেছিল ঠিক যেমন ঈশ্বর চেয়েছিলেন। ঈশ্বর হেবলের নৈবেদ্য গ্রহণ করেছিলেন।<br>২। কয়িন তার নিজের মত করে ঈশ্বরের কাছে এসেছিল। ঈশ্বর কয়িনের নৈবেদ্য অস্বীকার করেছিলেন। |
| পরিচয় করান | একটা মডেল তৈরী করার জন্য এক সেট নির্দেশ বা একটা কেক তৈরী করার জন্য রান্নার পদ্ধতি দলটিকে দেখান। যখন দালান গাঁথা হয় বা কোনকিছু তৈরী করা হয় তখন নির্দেশগুলি অনুসরণ করার গুরুত্বের বিষয়ে তাদের সাথে কথা বলুন। ব্যাখ্যা করুন যে ঈশ্বর নোহকে বিশেষ নির্দেশগুলি দিয়েছিলেন এবং নোহ নির্দেশগুলি ঠিক তেমনই অনুসরণ করেছিল। | বিভিন্ন পরিস্থিতিগুলির একটা তালিকা তৈরী করুন যার জন্য আমাদের নির্দেশগুলি অনুসরণ করা প্রয়োজন হয়। যখন আমরা সেগুলি অবহেলা করি তখন কি হয়? |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পৃথিবীর মানুষ অত্যন্ত দুষ্ট এবং মন্দ হয়েছিল। তাদের পাপাচার ঈশ্বরকে খুব দুঃখিত করেছিল।<br>২। ঈশ্বর মানুষ এবং সমস্ত জন্তু ধ্বংস করার সিদ্ধান্ত নিয়েছিলেন যাদের তিনি সৃষ্টি করেছিলেন।<br>৩। নোহ আলাদা ছিল। সে ঈশ্বরকে সন্তুষ্ট করেছিল। সে অন্য সমস্ত লোকদের চেয়ে আলাদা ছিল কারণ সে ঠিক কাজটি করত, এবং সে ঈশ্বরকে ভালবাসত এবং বাধ্য ছিল।<br>৪। ঈশ্বর নোহকে সাবধান করেছিলেন যে তিনি সমস্ত মানুষ এবং জীবিত বস্তুকে বন্যার দ্বারা ধ্বংস করবেন কারণ তারা পৃথিবী হিংস্রতায় পূর্ণ করেছে।<br>৫। ঈশ্বর নোহকে প্রস্তুতি নিতে বিশেষ নির্দেশ দিয়েছিলেন। তিনি নোহ, তার পরিবার এবং প্রত্যেক প্রকারের জীবিত বস্তুর দুইটা রক্ষা করতে কিভাবে একটা বিরাট বড় নৌকা তৈরী করবে তা ঠিকভাবে নোহকে বলেছিলেন।<br>৬। ঈশ্বরের উপর নোহর বিশ্বাস ছিল এবং একেবারে ঠিক তেমনই সে নির্দেশগুলি পালন করেছিল।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - নোহ এবং প্রবল জলপ্লাবন (১)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। আদম ও হবার দুইজন ছেলে ছিল। হেবল ছিল একজন পশুপালক, এবং কয়িন কৃষিকাজ করত।<br>২। ঈশ্বর হেবলের আনা পশু বলি গ্রাহ্য করেছিলেন : যা ছিল তার পশুপাল থেকে প্রথমজাত মেষশাবকদের মধ্যে সবচেয়ে ভাল মেষশাবক। ঈশ্বর কয়িনের নৈবেদ্য গ্রাহ্য করেন নি : যা ছিল তার ফসলের কিছু অংশ। কয়িন ক্রুদ্ধ এবং নিরানন্দ হয়েছিল।<br>৩। ঈশ্বর পাপ এবং ঈশ্বরের ঠিক পথ অনুসরণ করার গুরুত্বের বিষয়ে কয়িনকে সতর্ক করেছিলেন। কয়িন ঈশ্বরকে বলেনি সে দুঃখিত, এবং সে ঈশ্বরের কথা শুনে নি।<br>৪। কয়িন তার ভাই, হেবলকে হত্যা করেছিল। ঈশ্বর তাকে দেশ থেকে তাড়িয়ে দিয়েছিলেন, এবং সে অনেক দূরে, ঈশ্বরের উপস্থিতির বাইরে ভবঘুরে পরিণত হয়েছিল।<br>৫। হেবল বুঝতে পেরেছিল যে ঈশ্বরের উদ্দেশে একটা মেষশাবক উৎসর্গ করা প্রয়োজন ছিল। কয়িন ঈশ্বরের পথে ঈশ্বরের কাছে আসে নি, এবং সে শাস্তি পেয়েছিল।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - কয়িন ও হেবল (১)** |
| পুনরালোচনা করুন | নোহ, তার পরিবার এবং ঈশ্বরের নির্দেশগুলির বিষয়ে এই পাঠে আমরা যা শিখেছি তার উপর ভিত্তি করে কুইজ দিয়ে গল্পটি পুনরালোচনা করুন। | মূল পদ, **ইব্রীয় ১১:৪** পদটি পড়ুন। এই পদটি কিভাবে কয়িন ও হেবলের মধ্যে পার্থক্যটি স্থির করে? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। নোহ ঈশ্বরকে বিশ্বাস করেছিল এবং ঈশ্বর তাকে যা করতে বলেছিলেন একেবারে ঠিক তাই করেছিল। কিভাবে আমরা ঈশ্বরে বিশ্বাস স্থাপন করতে পারি? আপনি কি তাঁকে বিশ্বাস করেন? নোহের ঈশ্বরে বিশ্বাস ছিল আর ঈশ্বর তাকে রক্ষা করেছিলেন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। হেবল ও কয়িনের জীবন এবং মনোভাব থেকে আমরা কি শিক্ষা পেতে পারি?<br>২। কিভাবে আমরা এই শিক্ষাগুলি আজ আমাদের জীবনে কাজে লাগাতে পারি? |

| | এ২ - ৩ নং স্তর<br>২ নং পাঠ - নোহ ও জলপ্লাবন<br>মূল বিষয় - জাহাজের ভিতরে | এ২ - ৪ নং স্তর<br>২ নং অধ্যয়ণ - কয়িন ও হেবল<br>মূল বিষয় - ঈশ্বরের সাথে চলা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৭:১-২০**<br><br>**মূল পদ ঃ আদিপুস্তক ৭:৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। নোহ এবং তার পরিবারকে রক্ষা করতে ঈশ্বর এক উপায় যুগিয়েছিলেন।<br>২। নোহ ঈশ্বরে বিশ্বাস করেছিল এবং ঈশ্বর তাকে যা করতে বলেছিলেন সে ঠিক তাই করেছিল। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৫:২১-৩৩; আদিপুস্তক ৬:১-১৫**<br><br>**মূল পদ ঃ ইব্রীয় ১১:৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। হনোক এবং তাঁর নাতির ছেলে, নোহ ঈশ্বরের সাথে ঘনিষ্ঠ সহভাগিতায় চলাফেরা করতেন।<br>২। ওই দুইজন ব্যক্তি ঈশ্বরের সাথে তাদের সম্পর্কের কারনে অন্য মানুষদের থেকে বিশিষ্ট হয়েছিলেন। |
| পরিচয় করান | আপনি কি কখনও আপনার পরিবারের সাথে ভ্রমনে বা যাত্রায় গিয়েছেন? কিভাবে আপনি তার জন্য প্রস্তুতি নিয়েছিলেন? | ঈশ্বরের সাথে সম্পর্ক স্থাপিত হলে জনতা থেকে আমাদের বিশিষ্ট হওয়া উচিত। কিভাবে খ্রীষ্টানরা অন্য মানুষদের চেয়ে আলাদা একটা তালিকা করুন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঈশ্বর নোহকে সতর্ক করেছিলেন যে ৭ দিন পর তিনি বন্যা পাঠাতে যাচ্ছেন।<br>২। ঈশ্বর নোহকে বলেছিলেন পশুপাখীদের জাহাজের ভিতর নিয়ে যেতে যেন বন্যার পর তারা বেঁচে থাকে।<br>৩। সেই দিন, ৬০০ বছর বয়সে, দ্বিতীয় মাসের ১৭ দিনের দিন, নোহ তার পরিবার এবং পশুপাখীদের, জাহাজের ভিতর নিয়েছিল ঠিক যেমন ঈশ্বর তাকে আদেশ দিয়েছিলেন। ৭ দিন পর বন্যা এসেছিল, ঠিক যেমন হবে ঈশ্বর বলেছিলেন।<br>৪। যখন নোহ, তার পরিবার এবং জীবজন্তু জাহাজে প্রবেশ করেছিল তখন ঈশ্বর জাহাজের দরজা বন্ধ করেছিলেন, জাহাজের ভিতর তাদের নিরাপদ রেখেছিলেন। কেবলমাত্র নোহ, তার পরিবার এবং জীবজন্তুরা জাহাজের ভিতরে থেকে সাংঘাতিক বন্যা থেকে রক্ষা পেয়েছিল। ৪০ দিন ধরে বৃষ্টি হয়েছিল! জল ২০ ফুটের চেয়ে আরও উপরে উঠেছিল এমন কি সবচেয়ে উঁচু পাহাড়ের উপরে উঠেছিল।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - নোহ এবং প্রবল জলপ্লাবন (১)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। হনোক ৩৬৫ বছর পর্য্যন্ত বেঁচে ছিলেন ঈশ্বরের সাথে ঘনিষ্ঠ সহভাগিতায় চলাফেরা করতেন।<br>২। বাইবেল বলে হনোক অন্য মানুষদের মত মারা যান নি। তাঁর জীবনের শেষে এসে তিনি অদৃশ্য হয়েছিলেন, কারণ ঈশ্বর তাঁকে স্বর্গে নিয়ে গিয়েছিলেন।<br>৩। নোহ ছিল হনোকের নাতির ছেলে। হনোকের মত, নোহ-ও ঈশ্বরের সাথে ঘনিষ্ঠ সহভাগিতায় চলাফেরা করত এবং একজন ধার্মিক ব্যক্তি ছিল, তার চারিপাশে দুষ্ট লোকদের মত ছিল না।<br>৪। নোহের সময় মানুষের পাপাচার ঈশ্বরের হৃদয়কে ভেঙে দিয়েছিল। তিনি বন্যা দিয়ে তাদের শাস্তি দেবার সিদ্ধান্ত নিয়েছিলেন, কিন্তু নোহকে রক্ষা করেছিলেন।<br>৫। নোহ এবং তার পরিবারকে বন্যা থেকে রক্ষা করতে ঈশ্বর নোহকে একটা জাহাজ তৈরী করতে নির্দেশ দিয়েছিলেন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - নোহ এবং প্রবল জলপ্লাবন (১)** |
| পুনরালোচনা করুন | সৃজনশীল হন। জাহাজের ভিতর নোহ, তার পরিবার এবং জীবজন্তুদের একটা ছবি আঁকুন, যে জলোর উপর ভাসছে। আপনার ছবিটার শিরোনাম দিন : "ঈশ্বর দ্বারা রক্ষাপ্রাপ্ত।" | হনোক এবং নোহ কি ধরনের মানুষ ছিলেন? কি তাঁদের অন্য মানুষদের থেকে আলাদা করেছিল? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>ঈশ্বর নোহকে ভালবাসতেন এবং প্রস্তুতি নিতে তার জন্য একটা উপায়, বন্যা থেকে তাকে রক্ষা করতে একটা উপায় তিনি যুগিয়েছিলেন। নোহকে প্রথমে ঈশ্বরের নির্দেশগুলি অনুসরণ করতে হয়েছিল। তিনি চান আমরা যেন প্রভু যীশু খ্রীষ্টকে বিশ্বাস করি যিনি আমাদের রক্ষা করতে ক্রুশের উপর মরেছিলেন। আপনি কি তাঁকে বিশ্বাস করেছেন? আপনি কি রক্ষা পেতে প্রস্তুত? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>বৈশিষ্ট্যগুলির তালিকাটির দিকে ফিরে তাকান যা খ্রীষ্টানদের জনতার মধ্যে আলাদা করে এবং হনোক ও নোহ এবং তাঁদের সাথে ঈশ্বরের সম্পর্কটির বিষয়ে চিন্তা করুন। এই সপ্তাহে তাঁর উপর বিশ্বাস রাখতে এবং তাঁর পথে হাঁটতে ঈশ্বরকে সাহায্য করতে বলুন। আপনি হয়ত একজন বিশ্বস্ত খ্রীষ্টানের একটা বৈশিষ্ট্য বেছে নিতে পছন্দ করতে পারেন এবং সেই ক্ষেত্রে আপনার বৃদ্ধি পেতে ঈশ্বরকে সাহায্য করতে বলুন। |

| | এ২ - ৩ নং স্তর<br>৩ নং পাঠ - নোহ ও জলপ্লাবন<br>মূল বিষয় - জাহাজের দ্বারা মুক্তি | এ২ - ৪ নং স্তর<br>৩ নং অধ্যয়ণ - নোহ ও জলপ্লাবন<br>মূল বিষয় - ঈশ্বরের জন্য কাজ করা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৮:১-২২**<br><br>**মূল পদ ঃ আদিপুস্তক ৮:১**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর স্মরণ করেছিলেন এবং জাহাজের মধ্যে নোহ ও তার পরিবার এবং জীবজন্তুদের দেখাশুনা করেছিলেন।<br>২। নোহ ঈশ্বরের প্রতি কৃতজ্ঞ ছিল কারণ তিনি জাহাজের মধ্যে তাকে রক্ষা করেছিলেন।<br>৩। ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে আবার কখনও সমস্ত জীবিত জিনিস ধ্বংস করবেন না। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৬:১৪-২২; আদিপুস্তক ৭:১-২৪**<br><br>**মূল পদ ঃ ইব্রীয় ১১:৭**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। একটি জাহাজ তৈরী করার বিষয়ে ঈশ্বর নোহকে বিস্তারিত নির্দেশ দিয়েছিলেন।<br>২। নোহ যথাযথভাবে ঈশ্বরের নির্দেশগুলির বাধ্য হয়েছিল এবং সে রক্ষা পেয়েছিল। |
| পরিচয় করান | ১। আপনার পরিবার এবং বন্ধুবান্ধব বা শিক্ষক-শিক্ষিকা যেভাবে আপনার দেখাশোনা করে তার একটা তালিকা তৈরী করুন।<br>২। প্রতিদিন ঈশ্বর যেভাবে আমাদের দেখাশোনা করেন সে সমস্তের একটা তালিকা তৈরী করুন।<br>৩। আমাদের জন্য আমাদের পরিবার বন্ধুবান্ধব এবং শিক্ষক-শিক্ষিকারা যা করেন তার জন্য ধন্যবাদ দেওয়ার গুরুত্বটি দলটিকে মনে করিয়ে দিন। এমন কি তার চেয়েও গুরুত্বপূর্ণ, আমাদের ঈশ্বরকে ধন্যবাদ দেওয়া উচিত যিনি আমাদের রক্ষা করেন যখন আমরা তাঁর উপর আমাদের বিশ্বাস স্থাপন করি। | বিমান এবং জাহাজগুলিতে নিরাপত্তার নির্দেশগুলি নিয়ে দলটির সাথে আলোচনা করুন। মানুষরা কি তা গুরুতরভাবে গ্রহণ করে? কেন? কেন না? কেন তা এত গুরুত্বপূর্ণ ছিল যে নোহ প্রতিটি নির্দেশের বাধ্য হয়েছিল যা ঈশ্বর তাকে দিয়েছিলেন? |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঈশ্বর জাহাজের মধ্যে নোহ, তার পরিবার এবং জীবজন্তুকে স্মরণ করেছিলেন। তিনি পৃথিবীর প্রান্ত দিয়ে থেকে বাতাস পাঠিয়েছিলেন এবং বন্যার জল কমতে শুরু করেছিল।<br>২। ১৫০ দিন (সবশুদ্ধ পাঁচ মাস) পর জাহাজটি অরারট নামে এক পাহাড়ের উপর আটকে গিয়েছিল। আড়াই মাস পর জল আরও নীচে নেমে গিয়েছিল আর তখন অন্য পাহাড়গুলি আবার দেখা গিয়েছিল।<br>৩। ৪০ দিন পর, নোহ জাহাজের জানালা খুলেছিল এবং একটা দাঁড়কাক ছেড়ে দিয়েছিল, যেটা ফিরে আসে নি। তারপর সে একটা কপোত ছেড়েছিল। কপোতটি কোন শুকনা জায়গা খুঁজে পায় নি, কাজেই সে জাহাজে ফিরে এসেছিল। ৭ দিন পর নোহ আবার সেই কপোতটা জাহাজ থেকে ছেড়ে দিয়েছিল। এই সময়, সে যখন ফিরে এসেছিল, তখন জিত গাছের একটি পাতা এনেছিল। কাজেই নোহ জানত যে বন্যার জল প্রায় চলে গিয়েছে। যখন সে আবার ৭দিন পর কপোতটি ছেড়ে দিল, সে আর ফিরে আসে নি।<br>৪। শেষ পর্য্যন্ত বন্যার সাড়ে বার মাস পর পৃথিবী আবার শুকনো হয়েছিল।<br>৫। ঈশ্বর নোহকে তার পরিবার এবং জীবজন্তু নিয়ে বের হয়ে আসতে বলেছিলেন।<br>৬। নোহ খুব কৃতজ্ঞ হয়েছিল। সে একটা বেদী তৈরী করেছিল এবং ঈশ্বরের উদ্দেশে হোম বলি দিয়েছিল।<br>৭। ঈশ্বর নোহর হোম উৎসর্গে সন্তুষ্ট হয়েছিলেন। তিনি প্রতিজ্ঞা করেছিলেন আর কখনও জীবিত প্রাণীদের ধ্বংস করবেন না।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - নোহ এবং প্রবল জলপ্লাবন। (১)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। একটা বিরাট জাহাজ তৈরী করার বিষয়ে এবং যা তিনি পাঠাতে যাচ্ছিলেন সেই বন্যার জন্য প্রস্তুতির বিষয়ে ঈশ্বর নোহকে বিস্তারিত নির্দেশ দিয়েছিলেন।<br>২। ঈশ্বর নোহকে বন্যার বিষয়ে কিছু বিস্তারিত বিবরণ দিয়ে সতর্ক করেছিলেন।<br>৩। ঈশ্বর নোহ, তার পরিবার এবং জীবজন্তুকে রক্ষা করতে প্রতিজ্ঞা করেছিলেন।<br>৪। কিভাবে জীবজন্তুদের রক্ষা করবে সে বিষয়ে ঈশ্বর বিস্তারিত নির্দেশ দিয়েছিলেন। নোহ, তার পরিবার এবং জীবজন্তুরা জাহাজের ভিতর ঢুকলে ঈশ্বর তাদের ভিতরে বন্ধ করে দিয়েছিলেন।<br>৫। বন্যা ৪০ দিন স্থায়ী ছিল এবং ভারী বৃষ্টিতে জাহাজের বাইরে থাকা যে কোন জীবিত প্রাণী ধ্বংস হয়েছিল। কেবলমাত্র জাহাজের ভিতর নোহ ও তার পরিবার, সেই সাথে জীবজন্তুরা রক্ষা পেয়েছিল। ঈশ্বর তাদের সকলকে নিরাপদে রেখেছিলেন, যখন তারা বন্যার জলে ভাসছিল।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - নোহ এবং প্রবল জলপ্লাবন। (১)** |
| পুনরালোচনা করুন | একটা পোষ্টার তৈরী করুন এবং সেই জিনিসগুলি যুক্ত করুন যার জন্য আমাদের ঈশ্বরকে ধন্যবাদ দেওয়া উচিত বিশেষত পরিত্রাণ। | এই গল্পে নোহ এবং ঈশ্বরের চরিত্র সম্বন্ধে আমরা কি শিখি? সেগুলির প্রতিটি বর্ণনা করতে আপনি যে শব্দগুলি ব্যবহার করবেন তার একটা তালিকা তৈরী করুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। ঈশ্বর নোহকে রক্ষা করেছিলেন এবং তিনি তার দেখাশোনা করেছিলেন। নোহ ঈশ্বরের প্রতি কৃতজ্ঞ ছিল। ঈশ্বর আমাদের রক্ষা করতে এবং দেখাশোনা করতে সমর্থ এবং ইচ্ছুক। তাঁকে আমাদের বিশ্বাস করা এবং ধন্যবাদ দেওয়া উচিত। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। মূল পদটি পড়ুন। কিভাবে আমরা আমাদের জীবনে নোহের উদাহরণটি অনুসরণ করতে পারি?<br>২। আমাদের চারিপাশে মানুষদের উপর এটা কি প্রভাব ফেলতে পারে? |

| | এ২ - ৩ নং স্তর<br>৪ নং পাঠ - নোহ ও জলপ্লাবন<br>মূল বিষয় - জাহাজের বাইরে | এ২ - ৪ নং স্তর<br>৪ নং অধ্যয়ণ - নোহ ও জলপ্লাবন<br>মূল বিষয় - ঈশ্বরের আরাধনা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৯:৭-১৭**<br><br>**মূল পদ ঃ আদিপুস্তক ৯:১৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর নোহের সাথে এক চুক্তিবদ্ধ প্রতিজ্ঞা করেছিলেন। তিনি প্রতিজ্ঞা করেছিলেন যে তিনি আবার কখনও বন্যা দিয়ে পৃথিবীর সমস্ত জীবিত প্রাণিকে হত্যা করবেন না।<br>২। ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা মনে করিয়ে দিতে আকাশে একটা মেঘধনু স্থাপন করেছিলেন। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৮:১-২২; আদিপুস্তক ৯:১১-১৫**<br><br>**মূল পদ ঃ ইফিষীয় ২:৮**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর জাহাজের ভিতরে নোহ, তার পরিবার এবং জীবজন্তুদের স্মরণ করেছিলেন।<br>২। নোহ কৃতজ্ঞ ছিল, এবং জাহাজটি পরিত্যাগ করার পর অন্য কোনকিছু করার আগে সে ঈশ্বরের আরাধনা করেছিল।<br>৩ ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন আর কখনও বন্যা দিয়ে পৃথিবীর অধিবাসীদের ধ্বংস করবেন না। |
| পরিচয় করান | জোড়া জোড়া করে, মানুষ যে বিভিন্ন প্রকারের প্রতিজ্ঞা করে তা আলোচনা করুন। মানুষ কি সর্বদা তাদের প্রতিজ্ঞাগুলি রাখে? | জোড়া জোড়া করে ধন্যবাদের কার্ড এবং উপহার নিয়ে আলোচনা করুন। মানুষ কেন সেগুলি পাঠায়? আপনি কি কখনও পাঠিয়েছেন? কেন? |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঈশ্বর নোহ এবং তার পরিবারকে সংখ্যা বৃদ্ধি করতে এবং পৃথিবী পূর্ণ করতে বলেছিলেন।<br>২। নোহ এবং তার ছেলেদের সাথে এবং পৃথিবীতে সমস্ত জীবজন্তু ও জীবিত প্রাণীদের সাথে ঈশ্বর এক প্রতিজ্ঞা করেছিলেন যাকে বলা হয় চুক্তি।<br>৩। ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন আর কখনও বন্যা দিয়ে পৃথিবী এবং তার প্রাণিদের ধ্বংস করবেন না।<br>৪। ঈশ্বর তাঁর অনন্ত চুক্তি মনে রাখবার জন্য মেঘের মধ্যে একটি মেঘধনু স্থাপন করেছিলেন। তা সারাজীবন স্থায়ী থাকবে। তিনি কখনও তাঁর প্রতিজ্ঞা ভাঙবেন না।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - নোহ এবং প্রবল বন্যা। (১)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। একটা বিরাট বড় জাহাজ তৈরী করার বিষয়ে এবং ঈশ্বর যে সাংঘাতিক বন্যা পাঠাতে যাচ্ছেন তার জন্য প্রস্তুতি নেবার বিষয়ে ঈশ্বর নোহকে বিস্তারিত নির্দেশ দিয়েছিলেন।<br>২। ঈশ্বর বড় জাহাজের ভিতর নোহ, তার পরিবার এবং জীবজন্তুদের রক্ষা করতে প্রতিজ্ঞা করেছিলেন।<br>৩। সাংঘাতিক বন্যা হয়েছিল এবং ৪০ দিন স্থায়ী ছিল। কেবলমাত্র নোহ ও তার পরিবার, জাহাজের ভিতর জীবজন্তুদের সাথে একসাথে রক্ষা পেয়েছিল।<br>৪। বন্যা শেষ হয়েছিল, এবং ধীরে ধীরে জল সরে গিয়েছিল। জাহাজটি অরারট পর্বতের উপর এসে থেমে গিয়েছিল।<br>৫। ৪০ দিন পর নোহ একটা দাঁড়কাক জাহাজের বাইরে পাঠিয়েছিল। কাকটি উড়ে উড়ে আসা যাওয়া করছিল যতক্ষণ না পৃথিবীর জল শুকিয়েছিল্ তারপর সে একটা কপোতকে পাঠিয়েছিল। সে কোন জায়গা শুকনো পায় নি তাই সে ফিরে এসেছিল, কিন্তু সাত দিন পর, নোহ আবার তাকে পাঠিয়েছিল। এইবার সে একটা জিত গাছের পাতা নিয়ে ফিরে এসেছিল। পরের বার যখন নোহ তাকে পাঠিয়েছিল, তখন কপোতটি আর ফিরে আসে নি। পৃথিবী শুকাচ্ছিল।<br>৬। ঈশ্বর নোহ ও তার পরিবারকে জাহাজ থেকে বেরিয়ে আসতে এবং সংখ্যায় বৃদ্ধি পেতে ও পৃথিবী পূর্ণ করতে বলেছিলেন।<br>৭। নোহ জাহাজ থেকে বেরিয়ে প্রথম জিনিস সে যা করেছিল তা ছিল ঈশ্বরের উদ্দেশ্যে নৈবেদ্য উৎসর্গ।<br>৮। ঈশ্বর নোহ ও তার ছেলেদের সাথে এবং পৃথিবীতে সমস্ত জীবজন্তু ও জীবিত প্রাণিদের সাথে এক বিশেষ প্রতিজ্ঞা করেছিলেন যাকে বলা হয় চুক্তি।<br>৯। ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন আর কখনও বন্যা দিয়ে পৃথিবী এবং তার প্রাণিদের ধ্বংস করবেন না।<br>১০। ঈশ্বর তাঁর অনন্ত চুক্তি মনে রাখতে মেঘের মধ্যে একটা মেঘধনু স্থাপন করেছিলেন। তা চিরকাল স্থায়ী থাকবে। তিনি কখনও তাঁর প্রতিজ্ঞা ভঙ্গ করবেন না।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফ বি আই - নোহ এবং প্রবল বন্যা। (১)** |
| পুনরালোচনা করুন | সৃজনশীল হন! একটা মেঘধনু পোষ্টার নকশা করুন। তার একটা শিরোনাম দিন : "ঈশ্বর চিরদিন তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেন"। | দলে দলে আলোচনা করুন তারপর সমগ্র দলের সামনে প্রতিক্রিয়াটি জানান। এই পাঠটি আরাধনার বিষয়ে আমাদের কি শিক্ষা দেয়? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>নোহের কাছে ঈশ্বরের প্রতিজ্ঞাটি ছিল চিরস্থায়ী। ঈশ্বর চিরদিন তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেন! এটা আমাদের জীবনে কি পার্থক্য তৈরী করা উচিত? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>নোহ ঈশ্বরের কাছে কৃতজ্ঞ ছিল। আমরা কিভাবে, ব্যবহারিক উপায়ে, আমাদের জীবনে ঈশ্বরের আশীর্বাদের জন্য তাঁর প্রতি আমাদের ধন্যবাদ প্রকাশ করতে পারি। |

| | এ৩ - ৩ নং স্তর<br>১ নং পাঠ - পিতরের জীবন<br>মূল বিষয় - যীশু পিতরকে ডাকেন | এ৩ - ৪ নং স্তর<br>১ নং অধ্যয়ণ - পিতরের জীবন<br>মূল বিষয় - তাঁর আহ্বান |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ৪:১৭-২২**<br><br>**মূল পদ ঃ মথি ৪:১৯**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যীশু তাঁকে অনুসরণ করতে মানুষদের ডাকেন।<br>২। যীশুকে অনুসরণ করার অর্থ তাঁকে বিশ্বাস করা এবং অনুতাপ করা আর পাপ থেকে ঘুরে যাওয়া। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ মথি ৪:১৭-২২; যোহন ১:৩৫-৪২**<br><br>**মূল পদ ঃ মথি ৪:১৯**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। আন্দ্রিয় এবং সম্ভবতঃ যোহনের প্রথমে যীশুর সাথে সাক্ষাত হয়েছিল, পরে তারা তাঁর শিষ্য হয়েছিল।<br>২। তারা আবিষ্কার করেছিল যে যীশু মশীহ এবং উদ্ধারকর্তা। |
| পরিচয় করান | সত্যটির বিষয় কথা বলুন যে অনেক খেলাধূলায় বা প্রোজেক্টে আপনার একদল মানুষের প্রয়োজন যারা একসাথে কাজ করবে। যীশু সবেমাত্র তাঁর পরিচর্য্যা কাজ শুরু করছিলেন এবং তাঁর লোকের প্রয়োজন হয়েছিল যাদের তিনি শিক্ষা দিতে পারবেন যেন তারা তাঁর কাজটি চালিয়ে নিয়ে যেতে পারবে যখন তিনি আর থাকবেন না। | কিভাবে মানুষ ফুটবল খেলোয়াড়, পপ গায়ক-গায়িকা ইত্যাদির অনুগামী বা অনুসরণকারী হয় সেবিষয়ে কথা বলুন।<br>ব্যাখ্যা করুন যে যীশু, তাঁর চরিত্র এবং তাঁর কথা দিয়ে মানুষকে তাঁর দিকে আকর্ষণ করেছিলেন।<br>এটাও ব্যাখ্যা করুন যে তাঁর শিষ্য হতে বিশেষ কয়েকজন ব্যক্তিকে আহ্বান করেছিলেন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। সেই বার্তাটি যা যীশু প্রচার করেছিলেন (৪:১৭)<br>২। যীশু দেখেছিলেন পিতর ও যোহন তাদের জাল ফেলছিল।<br>৩। যীশু জেলেদের ডেকেছিলেন যারা দল হিসাবে, কঠোর পরিশ্রম করছিল, এবং তিনি জানতেন তাদের শিক্ষা দেওয়া যেতে পারে যেন তারা তাঁর কাজ করতে পারে।<br>৪। তাঁর আহ্বানে তাদের তৎক্ষণাৎ বাধ্যতা।<br>৫। যীশু যাকোব ও যোহনকেও ডেকেছিলেন এবং তারাও তৎক্ষণাৎ তাঁর বাধ্য হয়েছিল। এরা ছিল প্রথম শিষ্য।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ কোন প্রযোজ্য এফ বি আই গল্প নেই।** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। যোহন বাপ্তাইজক বলেছিলেন যীশু ছিলেন ঈশ্বরের মেষশাবক এবং আন্দ্রিয় ও তার বন্ধুরা বুঝতে পেরেছিলেন যে তিনি ছিলেন মশীহ। (যোহন ১:৩৫, ৪১)<br>২। আন্দ্রিয় যীশুর সাথে পিতরের পরিচয় করিয়ে দেবার বৈশিষ্ট্য।<br>৩। এটা অবাক হওয়ার ছিল না যখন পরে যীশুর সাথে তাদের সাক্ষাত হয়েছিল যখন তারা মাছ ধরছিল, এবং তাঁকে অনুসরণ করতে তিনি তাদের ডেকেছিলেন, আর তারা তৎক্ষণাৎ তাঁর বাধ্য হয়েছিল।<br>৪। আন্দ্রিয়ের ব্যক্তিগত সাক্ষ্যের উদাহরণ।<br>৫। যীশুর বিষয়ে ব্যক্তিগত অভিজ্ঞতার এবং তা অন্যদের বলার গুরুত্ব।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ কোন প্রযোজ্য এফ বি আই গল্প নেই।** |
| পুনরালোচনা করুন | **ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন :**<br>১। কেন যীশু এই বিশেষ ব্যক্তিদের আহ্বান করেছিলেন?<br>২। আজ ঈশ্বরের আহ্বানের বাধ্য হওয়ার অর্থ কি?<br>৩। ঈশ্বরের আহ্বানের বাধ্য হতে কোন বিষয়গুলি কঠিন হয়?<br>৪। যীশু তাদের কাছে কি প্রতিজ্ঞা করেছিলেন? **(৪:১৯ পদ দেখুন)** | **ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন :**<br>১। আপনি কিভাবে জানেন যে আপনার জীবনের জন্য ঈশ্বরের এক পরিকল্পনা আছে?<br>২। এই প্রথম চার জন শিষ্যের জন্য ঈশ্বরের কি পরিকল্পনা ছিল?<br>৩। ঈশ্বরের পরিকল্পনা জানার উপকারিতাগুলি কি কি?<br>৪। কিভাবে আমরা আমাদের জীবনের জন্য ঈশ্বরের পরিকল্পনা খুঁজতে পারি এবং কিভাবে আমাদের সাড়া দেওয়া উচিত? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। আজ অনুতাপের অর্থটি আলোচনা করুন।<br>২। অনুতাপের একটা প্রার্থনা লিখুন এবং পরে তা ময়লা ফেলার জায়গায় ফেলে দিন।<br>৩। আজ বিখ্যাত খ্রীষ্টানদের আহ্বানটি গবেষনা করুন যেমন ডেভিড লিভিংস্টোন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। আজ আমরা যে উপায়গুলি দিয়ে ঈশ্বরের জন্য সাক্ষ্য দিতে পারি সেগুলি আলোচনা করুন।<br>২। যীশুর কয়েকটি নাম এবং উপাধির তালিকা করুন। |

| | এ৩ - ৩ নং স্তর<br>২ নং পাঠ - পিতরের জীবন<br>মূল বিষয় - জালে প্রচুর ধরা | এ৩ - ৪ নং স্তর<br>২ নং অধ্যয়ণ - পিতরের জীবন<br>মূল বিষয় - তাঁর ঝুঁকি |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ লূক ৫:১-১১**<br><br>**মূল পদ ঃ রোমীয় ৩:২৩**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। শিষ্যরা যীশুর বাধ্য হতে শিখেছিল।<br>২। যীশু মহান ও শক্তিশালী এবং অদ্ভুত আশ্চর্যকাজ করতে পারেন।<br>৩। ঈশ্বর যে কাউকে ব্যবহার করতে পারেন যে অনুতাপ করে। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ মথি ১৪:২২-৩৩**<br><br>**মূল পদ ঃ মথি ১৪:৩৩**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। শিষ্যরা শিখেছিল যে যীশু ঈশ্বরের পুত্র এবং তিনি আমাদের ভয়কে শান্ত করতে সমর্থ।<br>২। যীশুকে বিশ্বাস আমাদের জীবনের ঝড়ে উত্তীর্ণ হতে সক্ষম করে। |
| পরিচয় করান | কিভাবে স্কুলে প্রায়ই নির্ণয়ন হয়, অথবা ছাত্রছাত্রীদের যে পাঠ শিক্ষা দেওয়া হয়েছে তা তারা শিখেছে কিনা তা দেখতে পরীক্ষা নেওয়া হয় এ বিষয়ে কথা বলুন।<br>এই ঘটনায় যীশু তাঁর শিষ্যদের বিশ্বাস ও বাধ্যতার পরীক্ষা করছিলেন। | ব্যাখ্যা করুন যে আমাদের জীবন এক দীর্ঘ ভ্রমণ, যা আমাদের জন্ম দিয়ে শুরু হয় এবং চলতে থাকে যখন আমরা মারা যাই। সেখানে শান্ত সময় থাকে যখন জীবন সহজ হয় এবং ঝড়ে পূর্ণ সময় থাকে যখন জীবন কঠিন হয়। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পিতরের নৌকা থেকে যীশু জনতার কাছে কথা বলছিলেন।<br>২। যখন তিনি শেষ করেছিলেন তখন তিনি তাদের আবার মাছ ধরতে যেতে বলেছিলেন। (তারা ইতিমধ্যে সারারাত মাছ ধরেছিল, তারা ক্লান্ত ও ক্ষুধার্ত হয়েছিল এবং কিছুই ধরতে পারে নি।)<br>৩। যীশু যেমন আদেশ করেছিলেন পিতর তা-ই করেছিল এবং তারা অতি বেশী সংখ্যার মাছ ধরেছিল।<br>৪। পিতর বুঝতে পেরেছিল যীশু কত মহান, এবং সে কত তুচ্ছ (৮ পদ)!<br>৫। শিষ্যরা সব ফেলে রেখেছিল এবং যীশুকে অনুসরণ করেছিল।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — যীশু তাঁর প্রথম শিষ্যদের আহ্বান করেন। (P)।** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। যীশু এক বিরাট আশ্চর্য্য কাজ করেছিলেন এবং তারপর তিনি শিষ্যদের গালীল সমুদ্রের ওপারে পাঠিয়েছিলেন।<br>২। তিনি পাহাড়ের উপর প্রার্থনা করতে গিয়েছিলেন।<br>৩। শিষ্যরা এক ঝড়ে পড়েছিল।<br>৪। যীশু তা জানতেন এবং তিনি সমুদ্রের উপর দিয়ে হেঁটে, তাদের কাছে এসেছিলেন।<br>৫। পিতর তাঁর কাছে যেতে চেয়েছিল, সে সমুদ্রের উপর দিয়ে হেঁটে ছিল।<br>৬। সে ডুবতে শুরু করল, যীশুকে ডাকল এবং যীশু তাকে রক্ষা করলেন।<br>৭। যীশুকে বিশ্বাস করার গুরুত্বটি ব্যাখ্যা করুন।<br>৮। ব্যাখ্যা করুন কিভাবে যীশু আমাদের জীবনের ঝড়ে আমাদের সাহায্য করতে পারেন যখন আমরা তাঁকে বিশ্বাস করি।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — যীশু জলের উপর দিয়ে হাঁটেন। (I)** |
| পুনরালোচনা করুন | **ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন :**<br>১। **৫ পদে** শিমোন পিতরের উত্তরের অর্থ কি?<br>২। পিতরের পাপ স্বীকারের বিষয় থেকে আমরা কি শিক্ষা পেতে পারি?<br>৩। আলোচনা করুন অনুতাপ বলতে কি বোঝায়।<br>৪। কিভাবে আমরা যীশুর জন্য "সব ত্যাগ" করতে পারি? | **ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন :**<br>১। **২৭ পদে** যীশুর কথাগুলি কিভাবে আমাদের উৎসাহিত করে?<br>২। এই পাঠ্যাংশে পিতরের উদাহরণ থেকে আমরা কি শিখতে পারি?<br>৩। আমাদের জীবনে ঝড়ের সম্মুখীন হওয়ার দ্বারা আমরা কি শিক্ষা পেতে পারি? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। তিনটি উপায়ের নাম করুন যার দ্বারা আগামী সপ্তাহে আপনি যীশুর বাধ্য হতে পারেন।<br>২। আপনার জানাশুনা একজন খ্রীষ্টানকে একটা সময়ের কথা আপনাকে বলতে বলুন যখন তিনি (পুরুষ/মহিলা) ঈশ্বরের ক্ষমার বিষয় সচেতন হয়েছিলেন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। একটা দলে এক বিরাট 'ঝড়' নিয়ে আলোচনা করুন যা জীবনে আপনি সম্মুখীন হয়েছেন এবং কিভাবে সেই পরিস্থিতিতে যীশু সাহায্য করতে পারেন যখন আমরা তাঁকে বিশ্বাস করি সেবিষয়ে চিন্তা করুন।<br>২। **যিশাইয় ৪৩:২** পদ পড়ুন। তাদের কথা চিন্তা করুন যারা যীশুকে অনুসরণ করেছে, এই পদটি কিভাবে আজ আমাদের বাইবেল পড়ার সাথে যোগ করা যায়? |

| | এ৩ - ৩ নং স্তর<br>৩ নং পাঠ - পিতরের জীবন<br>মূল বিষয় - যীশু পিতরকে রক্ষা করুন | এ৩ - ৪ নং স্তর<br>৩ নং অধ্যয়ণ - পিতরের জীবন<br>মূল বিষয় - তাঁর স্বীকারোক্তি |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ মথি ১৪:২২-৩৩**<br><br>**মূল পদ ঃ রোমীয় ১৪:৩৩**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যীশু ঈশ্বরের পুত্র।<br>২। যীশুতে বিশ্বাস আমাদের জীবনের ঝড় এবং ভয় থেকে উত্তীর্ণ হতে আমাদের সাহায্য করে। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ মথি ১৬:২৩-২৬**<br><br>**মূল পদ ঃ রোমীয় ১০:৯**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যীশু হলেন "খ্রীষ্ট" বা "মশীহ"।<br>২। পিতরকে দেওয়া যীশুর উত্তরটি মণ্ডলীর ভিত্তি প্রদান করে। |
| পরিচয় করান | জীবনের ভ্রমণের বিষয় কথা বলুন। ব্যাখ্যা করুন যে জীবন একটা ভ্রমণের মত যা শুরু হয় যখন আমরা জন্মগ্রহণ করি এবং চলতে থাকে যতক্ষণ না আমরা ভ্রমণের শেষে এসে পোঁছাই যখন আমরা মারা যাই। | সত্যটির বিষয় কথা বলুন যে প্রত্যেকে সবচেয়ে বড় প্রশ্নগুলির মধ্যে যে একটির সম্মুখীন হচ্ছে তা হ'ল যীশু প্রকৃত কে।<br>ব্যাখ্যা করুন যে তাঁর সময় যীশু কে ছিলেন তা ব্যাখ্যা করতে লোকেরা বিভিন্ন উত্তর দিচ্ছিল, এবং পরে যীশু শিষ্যদের জিজ্ঞাসা করেন তারা কি মনে করে তিনি কে ছিলেন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। যীশু এক মহৎ আশ্চর্য কাজ করেছিলেন এবং পরে তিনি শিষ্যদের গালীল সাগরের ওপারে পাঠিয়ে দিয়েছিলেন।<br>২। তিনি এক পর্বতের উপর প্রার্থনা করতে গিয়েছিলেন।<br>৩। শিষ্যরা ঝড়ের মধ্যে পড়েছিল।<br>৪। যীশু তা জানতেন এবং তিনি সমুদ্রের উপর দিয়ে হেঁটে তাদের কাছে গিয়েছিলেন।<br>৫। পিতর তাঁর কাছে যেতে চেয়েছিল, তখন সে সমুদ্রের উপর দিয়ে হেঁটে যাচ্ছিল।<br>৬। সে ডুবতে শুরু করল, যীশুকে ডাকল, এবং যীশু তাকে রক্ষা করলেন।<br>৭। যীশুতে বিশ্বাস করার গুরুত্বটি ব্যাখ্যা করুন।<br>৮। ব্যাখ্যা করুন কিভাবে যীশু আমাদের জীবনের ঝড়গুলিতে আমাদের সাহায্য করতে পারেন যখন আমরা তাঁকে বিশ্বাস করি।<br>৯। কঠিন সময়ে যীশুকে বিশ্বাস করার গুরুত্বটির বিষয় চিন্তা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — যীশু জলের উপর দিয়ে হাঁটেন। (১)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। যীশু সবচেয়ে উত্তর অভিমুখের স্থানে আছেন যেখানে তিনি গিয়েছিলেন (অধ্যয়নে মানচিত্রটি দেখুন)<br>২। তিনি জিজ্ঞাসা করলেন, "লোকেরা কি বলে আমি কে?" — চারটি উত্তর লক্ষ্য করুন।<br>৩। তারপর তিনি জিজ্ঞাসা করেন, "তোমরা কি বল আমি কে?" পিতরের তৎক্ষণাৎ উত্তরটি দেখুন।<br>৪। তারপর তিনি ব্যাখ্যা করেছিলেন যে যারা বিশ্বাস করে তিনি জীবিত ঈশ্বরের পুত্র তারাই মণ্ডলী গঠন করে। এটা একটা দালান নয় কিন্তু বিশ্বাস করা মানুষের একটি দল।<br>৫। যীশু তারপর ব্যাখ্যা করেন যে তিনি মরতে যাচ্ছেন এবং তারপর আবার বেঁচে উঠবেন।<br>৬। পিতর বলে যে তা কখনও হওয়া উচিত নয়। পিতরের প্রতি যীশুর উত্তরটি চিন্তা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — কোন প্রযোজ্য এফবিআই নাই।** |
| পুনরালোচনা করুন | **ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন :**<br>১। ভয়ের সম্মুখীন হলে কিভাবে ঈশ্বর আমাদের সাহায্য করতে পারেন?<br>২। যুবকযুবতীরা সম্মুখীন হয় এমন কয়েকটা সাধারণ সমস্যার নাম করুন।<br>৩। কিভাবে এই পাঠ্যাংশটি সাহায্য করে? | **ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন :**<br>১। কিভাবে আমরা নিশ্চিত হতে পারি যে আমরা প্রকৃতই যীশুর?<br>২। কিভাবে আমরা মণ্ডলীর অংশ হতে পারি?<br>৩। মণ্ডলীর অংশ হওয়ার বিষয়ে ভাল জিনিসগুলি কি কি? |
| সক্রিয় হন | ১। 'পোষ্ট ইট' নোটের উপর সমস্যাগুলি লেখার দ্বারা দেয়ালে প্রদর্শন করুন এবং তারপর সেগুলি ক্রুশে পেরেক বিদ্ধ করে দিন।<br>২। একটা মেঘধনু আঁকুন এবং তার উপর বাইবেলের প্রতিজ্ঞার একটি লিখুন। | ১। আপনার মণ্ডলীর জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিয়ে ব্যক্তিগত প্রার্থনাগুলি লিখুন।<br>২। একজন ব্যক্তির বিষয় চিন্তা করুন যার কাছে আপনি যীশুর সুসমাচারটি বলতে পারবেন। |

| | এ৩ - ৩ নং স্তর<br>৪ নং পাঠ - পিতরের জীবন<br>মূল বিষয় - যীশু কে? | এ৩ - ৪ নং স্তর<br>৪ নং অধ্যয়ণ - পিতরের জীবন<br>মূল বিষয় - পর্বতের উপর |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ মথি ১৬:১৩-২৩**<br><br>**মূল পদ ঃ রোমীয় ১০:৯**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। আমাদের যীশুর বিষয় সাক্ষ্য দেওয়া আবশ্যক যিনি ঈশ্বরের পুত্র।<br>২। যীশু মণ্ডলীর মস্তক। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ মথি ১৭:১-১৩**<br><br>**মূল পদ ঃ ২ পিতর ১:১৬-১৮**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বরের পুত্র হিসাবে যীশু অপূর্ব।<br>২। যীশু মোশি বা এলিয়ের চেয়ে মহান। |
| পরিচয় করান | বিখ্যাত ব্যক্তিদের বিষয় কথা বলুন এবং চিন্তা করুন কেন তাদের বিখ্যাত ধরা হয়। যীশু বিখ্যাত হয়েছিলেন কিন্তু অনেক লোক তখনও জানত না তিনি প্রকৃত কে ছিলেন। | স্মরণীয় অভিজ্ঞতাগুলির বিষয় কথা বলুন যা ছাত্রছাত্রীরা কখনও ভুলতে নাও পারে। ব্যাখ্যা করুন যে তিনজন শিষ্য পর্বতের উপর যীশুর প্রকৃত মহিমায় তাঁকে দেখার অভিজ্ঞতাটি কখনও ভুলবে না। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। যীশু জিজ্ঞাসা করেন, "লোকেরা কি বলে আমি কে?" - চারটি উত্তর লক্ষ্য করুন।<br>২। তারপর তিনি জিজ্ঞাসা করেন, "তোমরা কি বল আমি কে"? - পিতরের তৎক্ষণাৎ উত্তরটি দেখুন। পিতরের স্বীকারোক্তির গুরুত্বটি এবং বিশ্বাসীদের জন্য তার কি অর্থ ব্যাখ্যা করুন।<br>৩। তারপর তিনি বর্ণনা করেছিলেন যে যারা বিশ্বাস করে তিনি জীবিত ঈশ্বরের পুত্র তারাই মণ্ডলী গঠন করে। এটা একটা দালান নয় কিন্তু বিশ্বাসী মানুষের একটি দল!<br>৪। যীশু তারপর ব্যাখ্যা করেন যে তিনি মরতে যাচ্ছেন এবং আবার বেঁচে উঠবেন।<br>৫। পিতর বলে উঠে তা কখনও হওয়া উচিত নয়। পিতরকে দেওয়া প্রভুর উত্তরটি চিন্তা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — কোন প্রযোজ্য এফবিআই নাই** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পর্বতের উপর তাঁর সাথে থাকার জন্য যীশু তিনজন শিষ্যকে বেছে নেন।<br>২। তিনি মোশি এবং এলিয়ের সাথে তাঁর সমস্ত গৌরব ও মহিমা নিয়ে উপস্থিত হন।<br>৩। পিতর সেখানে থাকতে এবং তিনজনের জন্য বিশ্রামঘর তৈরী করতে চায়। যীশু যে কারও চেয়ে অনেক বেশী মহৎ তা তাদের মনে করিয়ে দিতে ঈশ্বর স্বর্গ থেকে কথা বলেন।<br>৪। শিষ্যরা ভয় পায় কিন্তু যীশু তাদের সান্ত্বনা দেন এবং তাদের কি হয়েছে তা ব্যাখ্যা করেন।<br>৫। যীশুর অপূর্বতা এবং তিনি যে আশ্চর্য ব্যক্তি তা বর্ণনা করুন।<br>৬। আমাদের জীবনে তাঁকে প্রথম স্থান দেওয়ার গুরুত্বটির বিষয় চিন্তা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — যীশু রূপান্তরিত হন (১)** |
| পুনরালোচনা করুন | **ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন :**<br>১। কেন পিতরের কথাগুলি (২২ পদ) ভুল ছিল?<br>২। কিভাবে আমাদের মণ্ডলী আরও ভালভাবে ঈশ্বরের পরিচর্য্যা করতে আমাদের সাহায্য করতে পারে?<br>৩। যীশু প্রকৃত কে বলতে, কিভাবে আমরা আরও ভাল সাক্ষী হতে পারি? | **ছাত্রছাত্রীদের জন্য প্রশ্ন :**<br>১। কেন এটা গুরুত্বপূর্ণ ছিল যে যীশুর রূপান্তরীকরণটিতে পিতর সাক্ষী হয়?<br>২। আপনি কি মনে করেন এই অভিজ্ঞতা থেকে শিষ্যরা কি শিখেছিল?<br>৩। কিভাবে আমরা যীশুকে আমাদের জীবনে প্রথম স্থান দিতে পারি? |
| সক্রিয় হন | ১। একটা গীর্জার রূপরেখা আঁকার দ্বারা এবং মণ্ডলীর পরিবারের মধ্যে থাকার উপকারগুলি লেখার দ্বারা একটা দেয়াল প্রদর্শনী তৈরী করুন।<br>২। একজন ব্যক্তিবিশেষকে খেয়াল রাখুন যাকে আপনি সাক্ষ্য দিতে ইচ্ছা করেন এবং পরে নিয়মিত প্রার্থনায় তাদের সমর্পণ করুন। | ১। যীশুকে প্রথম স্থান দেওয়া থেকে যে জিনিসগুলি আমাদের সরিয়ে দেয় তার একটা তালিকা করুন।<br>২। **৫ পদ** ব্যক্ত করে "আমার কথা শুন।" ঈশ্বর আপনাকে কি বলছেন তা শুনতে এই সপ্তাহে একটু সময় দিন। |

| | এ৪ - ৩ নং স্তর<br>১ নং পাঠ - পিতরের জীবন<br>মূল বিষয় - ভালবাসার এক উদাহরণ | এ৪ - ৪ নং স্তর<br>১ নং অধ্যয়ণ - পিতরের জীবন<br>মূল বিষয় - নম্রতায় শিক্ষা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ যোহন ১৩:১-১৭**<br><br>**মূল পদ ঃ যোহন ১৩:১৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যীশু একজন প্রকৃত দাস ছিলেন।<br>২। আমাদেরও অন্যদের পরিচর্য্যা করা আবশ্যক। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ যোহন ১৩:১-১৭**<br><br>**মূল পদ ঃ ২ যোহন ১৩:১৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যীশু একজন নম্র দাস, ঈশ্বরের ইচ্ছার প্রতি বাধ্য ছিলেন।<br>২। খ্রীষ্টিয় পরিচর্য্যায় নম্রতা কেন্দ্রবিন্দু। |
| পরিচয় করান | যে দেশে যীশু বাস করতেন তা ছিল উষ্ণ এবং শুষ্ক। (ছাত্রছাত্রীরা যেখানে বাস করে তার সাথে দেশটি তুলনা করুন) মানুষরা ধূলায় ভরা রাস্তা দিয়ে হাঁটাচলা করত এবং যখন তারা কোন বাড়ীতে পৌঁছত তখন গৃহকর্তা নিশ্চিত থাকতেন তারা খেতে বসবার আগে যেন তাদের পা ধোওয়ান হয়। (সম্ভবতঃ ছাত্রছাত্রীর দেশে যখন গৃহে প্রবেশ করে সে সময়ে সাংস্কৃতিক বিয়গুলির উপরে চিন্তা করা যেতে পারে) | প্রভু যীশু প্রায়ই তাঁর দৃষ্টান্তগুলির মাধ্যমে খ্রীষ্টিয় জীবনের বিষয়ে গুরুত্বপূর্ণ সত্যগুলিকে ব্যাখ্যা করতেন। এই কারণে তিনি যাকে বলা হয়েছে "চলমান অবস্থায় দৃষ্টান্ত"-এর মধ্যে তাঁর শিক্ষাটি তুলে ধরা বেছে নিয়েছেন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। এটা ছিল যীশু ক্রুশারোপিত হওয়ার আগের দিন, এবং তিনি তাঁর শিষ্যদের সাথে তাঁর শেষ ভোজ খাচ্ছিলেন।<br>২। কেউই স্বাভাবিক প্রথাটি অনুসরণ করতে এবং তাদের পা ধোবার কথা ভাবে নি। যীশু তা করতে প্রস্তুত হন। (৪-৫ পদ)<br>৩। পিতর বলেছিল সে চায় না যে যীশু তার পা ধুয়ে দেন।<br>৪। যীশু ব্যাখ্যা করেছিলেন যে তাঁকে করতে হবে, নয়ত তাঁর সাথে পিতরের কোন অংশ নাই। (৮পদ)<br>৫। যীশু তাদের পা ধোওয়াটি এটা দেখাতে ব্যবহার করছিলেন যে আমরা সকলে পাপ দিয়ে নোংরা হয়েছি এবং আমাদের পাপ থেকে ধৌত হওয়া বা পরিষ্কার হওয়া প্রয়োজন, এবং কেবলমাত্র তিনিই তা করতে পারেন কারণ তিনি আমাদের জন্য ক্রুশে মরেছিলেন।<br>৬। যীশু আরও দেখছিলেন যে অন্যের জন্য দাস্যকর্ম করতে আমাদের প্রস্তুত থাকা উচিত।<br>৭। একে অপরের পা ধোওয়ানোর বৈশিষ্ট্যটি ব্যাখ্যা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — যীশু শিষ্যদের পা ধুয়ে দেন।** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। যীশু তাঁর শিষ্যদের সাথে নিস্তারপর্ব পালন করছিলেন এবং ইস্রায়েলীয়রা যখন মিশর থেকে বেরিয়ে এসেছিল তখন কি ঘটেছিল সেসব স্মরণ করছিলেন।<br>২। এটা ছিল সেই ভোজের সময় যখন তিনি দুইটা গুরুত্বপূর্ণ শিক্ষা দিতে কাজ করেছিলেন।<br>৩। প্রথমতঃ তিনি দাসের স্থানটি নিয়েছিলেন এবং তাদের পা ধুয়েছিলেন, দেখিয়েছিলেন তিনি অতি নীচু কাজ করতে প্রস্তুত হয়েছিলেন এবং তাদের কাছে আদর্শ হয়েছিলেন। (মূল পদটি দেখুন।)<br>৪। তিনি তাদের আরও দেখিয়েছিলেন যে আমাদের সকলের পাপ থেকে পরিষ্কার হওয়া প্রয়োজন (তিনি চান করার উদাহরণটি ব্যবহার করেন, ১০ পদ) কিন্তু তবুও আমাদের দৈনিক পা ধোওয়া প্রয়োজন যখন আমরা খ্রীষ্টান হয়েছি, যেহেতু প্রত্যেক দিন আমরা পাপ করি এবং তাঁর ক্ষমার প্রয়োজন হয়।<br>৫। ছাত্রছাত্রীদের এটা বুঝতে সাহায্য করতে দেখুন প্রভু পিতরকে কি বলেছিলেন।<br>৬। দ্বিতীয়তঃ তিনি রুটি এবং দ্রাক্ষারস নিয়েছিলেন এবং ব্যাখ্যা করেছিলেন যে রুটি তাঁর শরীর যা ক্রুশারোপিত হওয়ার কথা বলে এবং দ্রাক্ষারস, ক্রুশের উপর তাঁর রক্ত ঢেলে দেওয়া বোঝায়। **(লূক ২২:১৯ ও ২০ পদ দেখুন)**<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — যীশু শিষ্যদের পা ধুয়ে দেন।** |
| পুনরালোচনা করুন | ১। এক ব্যবহারিক উপায় আলোচনা করুন যার দ্বারা খ্রীষ্টানরা পরের সপ্তাহে একে অন্যকে পরিচর্য্যা করতে পারে।<br>২। একটা ব্যবহারিক উপায় চিন্তা করুন যার দ্বারা আপনি আগামী সপ্তাহে মণ্ডলীর বাইরে একটা পরিচর্য্যা করতে পারেন। | ১। সেই উপায়গুলি আলোচনা করুন যার দ্বারা আমরা আজ নম্রতা অনুশীলন করতে পারি।<br>২। একটি ব্যবহারিক উপায় চিন্তা করুন যার দ্বারা আমরা আমাদের জীবনে ঈশ্বরকে প্রথম স্থানে রাখতে পারি।<br>৩। একজন খ্রীষ্টানের জীবন গবেষনা করুন যিনি নম্রভাবে পরিচর্য্যার জন্য অতি পরিচিত। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। যীশু যখন এখানে পৃথিবীতে ছিলেন তখন কিভাবে অন্যের পরিচর্য্যা করেছিলেন?<br>২। যীশু এটাও শিক্ষা দিচ্ছিলেন যে যখন আমরা খ্রীষ্টান তখনও আমরা পাপ করি এবং আমাদের তাঁর পরিষ্করণ এবং তাঁর ক্ষমা অন্বেষণ করা উচিত। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। এই ঘটনা থেকে পিতর কি শিক্ষা পেয়েছিলন?<br>২। আমাদের পাপ থেকে পরিষ্কার হওয়ার অর্থ কি এবং প্রভুর ঘনিষ্ট থাকতে ও আমাদের জীবনে তাঁর ইচ্ছা অনুসরণ করতে প্রতিদিন আমাদের কি করা উচিত? |

| | এ৪ - ৩ নং স্তর<br>২ নং পাঠ - পিতরের জীবন<br>মূল বিষয় - সে তার প্রভুকে অস্বীকার করে | এ৪ - ৪ নং স্তর<br>২ নং অধ্যয়ণ - পিতরের জীবন<br>মূল বিষয় - আনুগত্যের শিক্ষাগুলী |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ লুক ২২:৩১-৩৪, ৫৪-৬২**<br><br>**মূল পদ ঃ লূক ২২:৩১-৩২**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। আমরা যে যীশুর তা বলা কঠিন।<br>২। আমাদের সর্বদা সত্য বলতে চেষ্টা করা উচিত। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ লূক ২২:৩১-৩৪, ৩৯-৬২**<br><br>**মূল পদ ঃ লূক ২২:৩১-৩২**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। আমাদের আত্মবিশ্বাস এড়িয়ে যাওয়া উচিত, বরং যীশুতে নির্ভর করা উচিত।<br>২। পিতরের মত আমাদেরও আমাদের পাপের জন্য প্রকৃতই দুঃখিত হওয়া আবশ্যক। |
| পরিচয় করান | সেই পরিস্থিতিগুলির কথা চিন্তা করুন যখন ছাত্রছাত্রীরা হয়ত মিথ্যা বলার দিকে ঝুঁকবে অথবা সম্পূর্ণ সত্যি কথা বলবে না। পরীক্ষা করুন কেন আমরা মাঝে মাঝে সত্য বলতে খুব ভয় পাই। ব্যাখ্যা করুন যে পিতরও এই রকম পরিস্থিতির মধ্যে নিজেকে ঢুকিয়েছিল। | পিতর অহঙ্কার করেছিল যে সে কখনও যীশুকে নীচে নামাবে না, এমন কি কারাগারে যাবে অথবা তাঁর জন্য মরবে **(লূক ২২:৩৩)** আমরা জানি পতনের পূর্বে অহঙ্কার আসে। **(হিতোপদেশ ১৬:১৮)** পিতরের জন্য, এক সর্বনাশা পতনের আগে তার অহঙ্কার এসেছিল। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। মহাযাজকের বাড়ীর অভিমুখে যাওয়া গ্রেপ্তারকারী দলকে পিতর অনুসরণ করেছিল।<br>২। বাড়ীর উঠানে থাকা কয়েকজন লোকের সাথে সে মিশে গিয়েছিল।<br>৩। তাদের মধ্যে কয়েকজন জিজ্ঞাসা করেছিল সে যীশুর একজন বন্ধু ও অনুসরণকারী কি না এবং তিনবার পিতর অস্বীকার করেছিল যে সে যীশুকে জানে না আর সে তাদের কাছে মিথ্যা বলেছিল।<br>৪। যীশু যখন পিতরের দিকে তাকিয়েছিলেন, তখন মোরগ ডেকে উঠেছিল এবং তারপর পিতর বুঝতে পেরেছিল সে কি করেছিল। সে বাইরে গিয়েছিল এবং প্রচণ্ড কেঁদেছিল। যীশুর যখন তাকে প্রয়োজন ছিল তখনই সে তাঁকে নীচে নামিয়েছিল, এবং সাহসী হওয়ার পরিবর্তে বরং ভীরু হয়েছিল।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পিতর যীশুকে অস্বীকার করে** (P & I) | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পিতর সম্ভবতঃ হতভম্ব হয়েছিল। সে জানত অস্বীকার করার বিষয়ে যীশু কি বলেছিলেন। **(২২:৩৪)** সে ভেবেছিল যীশুর পক্ষ নিতে সে যথেষ্ট শক্ত ছিল।<br>২। যখন চাপ এসেছিল তখন সে সত্যটা বলতে প্রচন্ড ভয় পেয়েছিল। প্রকৃতপক্ষে সে তিনবার যীশুকে অস্বীকার করেছিল ঠিক যেমন যীশু বলেছিলেন সে অস্বীকার করবে।<br>৩। যীশুকে নীচে নামিয়ে সে কেমন অনুভব করেছিল সে বিষয়ে চিন্তা করুন।<br>৪। পিতরের পরীক্ষার প্রকৃতিটি আলোচনা করুন।<br>৫। এছাড়াও, কোথায় আমরা যাই, কাদের সাথে আমরা মেলামেশা করি এবং কিভাবে আমরা চিন্তা করি তার গুরুত্বটি আলোচনা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পিতর যীশুকে অস্বীকার করে** (P & I) |
| পুনরালোচনা করুন | ১। কেন আমরা যীশুর পক্ষ নিতে কঠিন হওয়া মনে করি তার কারণগুলির তালিকা করুন এবং তারপর সেগুলির উপর বাইবেলভিত্তিক প্রতিজ্ঞাগুলি লিখুন।<br>২। পিতর যীশুকে অপমানিত করেছিল, সেজন্য সে কি কখনও ক্ষমা পাবে?<br>৩। খুঁজে বের করুন দায়ূদ কিভাবে বৎশেবার সাথে তাঁর পাপ স্বীকার করেছিলেন **(২ শমূয়েল ১১)** যা গীতসংহিতা ৫১ অধ্যায়ে পাওয়া যায় এবং পুনরায় উদ্ধার পেয়েছিল। | ১। ভাল বন্ধুদের মধ্যে কি কি গুণ খোঁজা উচিত তার তালিকা করুন।<br>২। এই সপ্তাহে যীশুর প্রতি অনুগত হতে আপনি কি করতে পারেন তার একটা নাম করুন।<br>৩। চিন্তা করুন যীশু যখন পিতরকে সতর্ক করেছিলেন যে কি ঘটতে পারে তখন তিনি কি বোঝাতে চেয়েছিলেন। **(লূক ২২:৩৩)** |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। কেন খ্রীষ্টানদের জন্য মাঝে মাঝে বলা কঠিন যে তারা যীশুর পক্ষ?<br>২। সত্য বলতে কি আমাদের বাধা দেয়? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। কিভাবে আমরা দেখাতে পারি যে আমরা প্রকৃতই আমাদের পাপের জন্য দুঃখিত?<br>২। নিয়মিতভাবে কোন বন্ধুদের সাথে আমরা মিশবো তা আমরা কিভাবে সিদ্ধান্ত নিই? |

| | এ৪ - ৩ নং স্তর<br>৩ নং পাঠ - পিতরের জীবন<br>মূল বিষয় - প্রভু যীশু মারা যান | এ৪ - ৪ নং স্তর<br>৩ নং অধ্যয়ণ - পিতরের জীবন<br>মূল বিষয় - দুঃখ ও আনন্দে শিক্ষা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ মার্ক ১৫:২২-৪০**<br><br>**মূল পদ ঃ গালাতীয় ২:২০**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যীশু নিষ্পাপ এবং খাঁটি ছিলেন।<br>২। আমাদের জন্য ক্রুশের উপর যীশুর মৃত্যুর জন্য আমাদের কৃতজ্ঞ থাকা উচিত। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ লূক ২৪:১-১২ এবং ৩৩-৪৯**<br><br>**মূল পদ ঃ লূক ২৪:৪৬-৪৭**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যীশু আমাদের পাপের জন্য শাস্তি নিয়েছিলেন যেন আমরা পরিত্রাণ পেতে পারি।<br>২। যীশু আমাদের ক্ষমা এবং অনন্ত জীবন দান করেন। |
| পরিচয় করান | আলোচনা করুন ছাত্রছাত্রীরা কি করতে পারে যদি তারা কাউকে নীচে নামায় যেমন পিতর করেছিল? পিতর কি করতে চেষ্টা করতে পারত এবং কিভাবে তা সম্ভবতঃ অসম্ভব ছিল সে বিষয়ে চিন্তা করুন। | ব্যাখ্যা করুন যে আমরা প্রকৃত জানি না পিতর কি করছিল যখন যীশু ক্রুশে ছিলেন, কিন্তু আমরা এটা জানি যে পুনরুত্থান রবিবার সকালে সে কবরে গিয়েছিল, এবং বাইবেল বলে যে সে প্রকৃতই সেই দিনে যীশুর সাথে সাক্ষাত করেছিল। **(৩৪ পদ দেখুন)** |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। বর্ণনা করুন কিভাবে যীশুকে শহরের বাইরে নিয়ে গিয়েছিল ক্রুশে দিবার জন্য।<br>২। বর্ণনা করুন তাঁর সাথে কেমন ব্যবহার করা হয়েছিল এবং তাঁর চারিপাশে যারা ছিল তারা কিভাবে তাঁকে অপমান করেছিল ও বিদ্রূপ করেছিল।<br>৩। ব্যাখ্যা করুন যে ৩ ঘন্টা ধরে অন্ধকার কোনকিছু আশ্চর্যজনক ছিল এবং তা আমাদের বুঝতে সাহায্য করে যে ঈশ্বর তাঁর পুত্রের দিকে তাকাতে পারেন নি যিনি আমাদের পাপের জন্য শাস্তি পাচ্ছিলেন।<br>৪। সেই সময়টা যীশু পাপের শাস্তি বহন করেছিলেন যা আমাদের পাওয়া উচিত ছিল।<br>৫। ব্যাখ্যা করুন যীশু যখন সত্যিই মারা গিয়েছিলেন তখন কি ঘটেছিল। **(৩৮-৩৯ পদ)**<br>৬। ক্রুশের পাশে দাঁড়িয়ে থাকা শতপতির প্রতিক্রিয়াটি ব্যাখ্যা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — যীশু ক্রুশারোপিত হন এবং মারা যান (P & I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। বর্ণনা করুন কিভাবে মহিলারা পুনরুত্থানের সকালে কবরের কাছে গিয়েছিল।<br>২। ব্যাখ্যা করুন তারা কি দেখেছিল এবং তাদের কি বার্তা দেওয়া হয়েছিল।<br>৩। পিতর যখন খবরটি শুনেছিল, তখন সে কি করেছিল তা বর্ণনা করুন। **(১২ পদ)**<br>৪। আলোচনা করুন কেন কয়েকজন এটা বিশ্বাস করা কঠিন ভেবেছিল যে যীশু জীবিত।<br>৫। ব্যাখ্যা করুন কি ঘটেছিল যখন প্রভু যীশু তাদের সামনে উপস্থিত হয়েছিলেন।<br>৬। পিতর এবং তার বন্ধুরা তাদের পুনরুত্থিত প্রভুকে দেখে আশ্চর্যজনক আনন্দ পেয়েছিল।<br>৭। কিভাবে যীশু তাঁর কষ্টভোগটি ব্যাখ্যা করেছিলেন?<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — যীশু জীবিত এবং মৃত থেকে বেঁচে উঠেছেন (I & P)** |
| পুনরালোচনা করুন | ১। ক্রুশের উপর যীশুর মৃত্যুর বৈশিষ্ট্য মূল পদটির অর্থ, এবং সত্যটি যে যীশু ব্যক্তিগত মানুষের জন্য মরেছিলেন এসব বিষয়ে চিন্তা করুন।<br>২। ক্রুশের উপর যীশুর মৃত্যুর উপকারিতাগুলি আলোচনা করুন। চিন্তা করুন এমন কোন জায়গায় আপনি একটা ক্রুশ প্রদর্শিত করতে পারেন যা আপনাকে যীশুর ত্যাগটি মনে করিয়ে দিবে। | ১। উপায়গুলি আলোচনা করুন যা ব্যবহারিকভাবে আমরা দেখাতে পারি যে আমরা আমাদের পাপের জন্য দুঃখিত।<br>২। মৃত্যুর উপর যীশুর জয়লাভ, এবং তাঁর পুনরুত্থান উদযাপন করতে একটা গানের কথা তৈরী করুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। আপনি কেন মনে করেন যীশু ক্রুশে মরেছিলেন?<br>২। কিভাবে আমরা দেখাতে পারি যে ক্রুশের উপর যীশুর মৃত্যুর জন্য আমরা কৃতজ্ঞ? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। কিভাবে আমরা নিশ্চিত হতে পারি যে যীশু জীবিত?<br>২। অনন্ত জীবন থাকার অর্থ কি?<br>৩। কিভাবে আমরা জানতে পারি যে সত্যিই আমরা ক্ষমা পেয়েছি? |

| | এ৪ - ৩ নং স্তর<br>৪ নং পাঠ - পিতরের জীবন<br>মূল বিষয় - "তুমি কি আমাকে ভালবাস?" | এ৪ - ৪ নং স্তর<br>৪ নং অধ্যয়ণ - পিতরের জীবন<br>মূল বিষয় - ভালবাসার বিষয় শিক্ষা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ যোহন ২১:১-১৭**<br><br>**মূল পদ ঃ যোহন ২১:১৭**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। এমন কি যখন আমরা যীশুকে ব্যর্থ করি, যেমন পিতর করেছিল, তবুও আমরা ক্ষমা পেতে পারি।<br>২। যীশু চান আমরা যেন অন্যদের শিক্ষা দিই এবং তাদের জন্য চিন্তা করি যেমন একজন মেষপালক তার মেষদের জন্য চিন্তা করে। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ যোহন ২১:১-২০**<br><br>**মূল পদ ঃ যোহন ২১:১৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। যীশু আমাদের নতুনভাবে জীবন শুরু করতে দিতে প্রস্তুত।<br>২। আমাদের ব্যর্থতা থাকা সত্ত্বেও, যীশু আমাদের কোনমতে কম ভালবাসেন না। |
| পরিচয় করান | যীশুর মৃত্যুর পর পিতর আবার তার জীবনটা পুনরারম্ভ করার চেষ্টা করছে। সে তার বাড়ীর এলাকায় এবং তার আগের কাজে ফিরে যায় এবং গালীল সমুদ্রে মাছ ধরতে যায়। | মৃত থেকে জীবিত হয়ে উঠবার পর, প্রভু যীশু কয়েকটি ঘটনায় তাঁর শিষ্যদের কাছে উপস্থিত হয়ে প্রমাণ করেছিলেন যে তিনি জীবিত। **(১ করিন্থীয় ১৫:৩-৮)** |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। শিষরা সারারাত মাছ ধরেছিল কিন্তু কিছুই ধরতে পারে নি। তারা তীরে ফিরে আসছিল, ক্লান্ত, ক্ষুধার্ত এবং হতাশ ছিল।<br>২। প্রভু যীশু তীর থেকে ডাকেন কিন্তু তারা তাঁকে চিনতে পারে নি। তিনি তাদের জিজ্ঞাসা করলেন তাদের কাছে কোন মাছ আছে কি না।<br>৩। তারা তাঁর আদেশের বাধ্য হয় এবং নৌকার অন্য পাশে তাদের জাল ফেলে আর তারপর প্রচুর মাছ ধরে।<br>৪। যোহন বুঝতে পারে তিনি যীশু এবং পিতর সম্ভবতঃ সাঁতার দিয়ে গিয়ে তাঁর সাথে সাক্ষাত করে।<br>৫। যীশু তাদের সকলকে প্রাতঃরাশের জন্য নিমন্ত্রণ করেন এবং তারপর পিতরকে জিজ্ঞাসা করেন সে তাঁকে ভালবাসে কি না।<br>৬। পিতর উত্তর দেয় সে ভালবাসে এবং যীশু তাকে তাঁর অনুসরণকারীদের (মেষ) দেখাশোনা করার এক নতুন কাজ দেন।<br>৭। আলোচনা করুন কেন যীশু তাকে একই প্রশ্ন তিনবার করেছিলেন।<br>৮। চিন্তা করুন যীশু পিতরকে কতটা ক্ষমা করেছিলেন যে এই রকম এক গুরুত্বপূর্ণ কাজ তাকে দিয়েছিলেন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — গালীলে যীশু তাঁর শিষ্যদের দেখা দেন এবং পিতরকে প্রশ্ন জিজ্ঞাসা করেন।** (P) | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পুনরুত্থানের পর যীশুর দেখা দেওয়ার মধ্যে একটি ছিল সাতজন শিষ্যের কাছে যারা গালীল সমুদ্রে মাছ ধরতে গিয়েছিল।<br>২। তাদের প্রভুর মাছ ধরতে দিয়ে তিনি প্রমাণ করেছিলেন তিনি কে ছিলেন।<br>৩। শিষ্যরা তীরে যীশুর সাথে প্রাতঃরাশ করেছিল।<br>৪। প্রভু যীশু নিশ্চিত হতে চেয়েছিলেন যে পিতর প্রকৃতই অনুতপ্ত হয়েছিল কি না কারণ তাঁর জীবনের শেষ সময়ে সে অনেকবার তাঁকে নীচে নামিয়ে ছিল।<br>৫। পিতর অন্যদের সামনে তিনবার যীশুর জন্য তার ভালবাসা প্রকাশ করে।<br>৬। এবার পিতরকে মেষপালক হতে হবে যে নতুন মণ্ডলীতে প্রভুর অনুসরণকারীদের জন্য চিন্তা করবে। প্রভুর পরিচর্যা করতে তাকে দ্বিতীয়বার সুযোগ দেওয়া হয়েছিল।<br>৭। আলোচনা করুন ঈশ্বর আমাদের কতটা ভালবাসেন, আমাদের ব্যর্থতা থাকা সত্ত্বেও, কম ভালবাসেন না, এবং চান যেন আমরাও তাঁকে ভলবাসি।<br>৮। ছাত্রছাত্রীদের মনে করিয়ে দিন যে ঈশ্বর কখনও ব্যর্থ হন না যদিও আমরা প্রায়ই তাঁকে ব্যর্থ করি।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — গালীলে যীশু তাঁর শিষ্যদের দেখা দেন এবং পিতরকে প্রশ্ন জিজ্ঞাসা করেন।** (P) |
| পুনরালোচনা করুন | ১। এই সপ্তাহে যীশুর কথা শুনতে সময় করতে পারার এক ব্যবহারিক উপায় আলোচনা করুন।<br>২। একজন নাম করা খ্রীষ্টানকে খুঁজে বের করুন যিনি শিখেছিলেন কিভাবে যীশুর কথা শুনতে হয় এবং তারপর তাঁর ইচ্ছামত করেছিলেন। | ১। আলোচনা করুন কিভাবে ঈশ্বরের ভালবাসা এবং ক্ষমা আমাদের উৎসাহিত করতে পারে।<br>২। একজন বিখ্যাত খ্রীষ্টানের জীবন গবেষণা করুন যাঁকে যীশু নতুনভাবে শুরু করতে দিয়েছিলেন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। প্রভু আমাদের জন্য যে সব কাজ করেছেন তার জন্য তাঁর প্রতি আমাদের ভালবাসা প্রকাশ করা কত গুরুত্বপূর্ণ তা চিন্তা করুন।<br>২। জেনে নিন যে যখন আমরা প্রভুকে নীচে নামাই তখন তিনি আমাদের একবারের বেশী সুযোগ দিতে প্রস্তুত যদি আমরা প্রকৃত অনুতাপ দেখাই। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। কিভাবে আমরা আমাদের জন্য ঈশ্বরের ভালবাসার প্রশংসা করতে পারি?<br>২। কিভাবে আমরা আমাদের কার্য্যকলাপের দ্বারা আমাদের জন্য ঈশ্বরের ভালবাসা প্রমাণ করতে পারি? |

| | এ৫ - ৩ নং স্তর<br>১ নং পাঠ - পিতরের জীবন<br>মূল বিষয় - পিতর প্রচার করে | এ৫ - ৪ নং স্তর<br>১ নং অধ্যয়ণ - পিতরের জীবন<br>মূল বিষয় - পঞ্চাশত্তমী |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ২:১-৪৩**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ১:৮**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। উপহার হিসাবে যীশুর অনুসরণকারীদের পবিত্র আত্মা দেওয়া হয়েছে।<br>২। শিষ্যদের বার্তাটি ছিল আমাদের অনুতাপ করা এবং ঈশ্বরের ক্ষমা গ্রহণ করা আবশ্যক। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ২:১-৪২**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ২:৩৮**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। পঞ্চাশত্তমী যিহুদীদের একটি উৎসব, যা নিস্তারপর্বের পঞ্চাশ দিন পর উদ্‌যাপন করা হয়।<br>২। পিতরের প্রচারের পর, মণ্ডলীর জন্ম হয়েছিল। |
| পরিচয় করান | ছাত্রছাত্রীরা কেমন অনুভব করতে পারে যদি তাদের জীবনে বড় পরিবর্তন দেখা যায় সে বিষয়ে চিন্তা করুন। নতুন স্কুল, নতুন বাড়ী, পারিবারিক পরিস্থিতিতে পরিবর্তন। ব্যাখ্যা করুন এবার শিষ্যদের মধ্যে বড় পরিবর্তন আসছিল যে প্রভু যীশু স্বর্গে উঠে গেছেন, এবং তাঁর কাজ তাদের বহন করতে হবে। | সত্যটির বিষয় চিন্তা করুন যে জন্মদিন, বিবাহবার্ষিকী এবং ধর্মীয় উৎসব সমস্ত পরিবারে গুরুত্বপূর্ণ। আগামী মাসগুলিতে কয়েকটি বিশেষ দিনের কথা চিন্তা করুন। যিহুদী জাতি পশ্চাশত্তমী পালন করত যা ছিল নিস্তারপর্বের পঞ্চাশ দিনের দিন যখন তারা মিশর ছেড়ে এসেছিল এবং যখন সীনয় পর্বতে মোশি আজ্ঞা পেয়েছিলেন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। শিষ্যরা পবিত্র আত্মা আসার জন্য অপেক্ষা করছিল যা যীশু তাদের কাছে প্রতিজ্ঞা করেছিলেন। **(প্রেরিত ১:৮)**<br>২। পশ্চাশত্তমীর দিন পবিত্র আত্মা এসেছিলেন যেমন **২-৩ পদে** বর্ণনা দেওয়া আছে।<br>৩। শিষ্যরা অন্যান্য ভাষায় কথা বলতে শুরু করেছিল যেন অন্য দেশগুলি থেকে যে লোকেরা যিরূশালেমে এক বিশেষ উৎসবের জন্য এসেছিল তারা যেন তাদের কথা বুঝতে পারে।<br>৪। কেউ কেউ বলেছিল তারা অতিরিক্ত দ্রাক্ষারস পান করেছে।<br>৫। পিতর এগিয়ে যায় এবং কি ঘটেছিল তা জনতার কাছে ব্যাখ্যা করে। সে তাদের বলে যে যোয়েল ভাববাদীর বলা ভাববাণী পূর্ণ হয়েছে এবং পবিত্র আত্মা এসেছেন। **(যোয়েল ২:২৬-৩২)**<br>৬। সাহস সহকারে সে তাদের বলে যে যীশুর মৃত্যুর জন্য তারাই দোষী কিন্তু ঈশ্বর তাঁকে মৃত থেকে জীবিত করেছেন।<br>৭। লোকেরা দুঃখিত হয়েছিল এবং জিজ্ঞাসা করেছিল তাদের কি করতে হবে।<br>৮। পিতর তাদের বলেছিল অনুতাপ করতে ও বাপ্তিস্ম নিতে এবং সেই দিন তিন হাজার লোক বিশ্বাস করে যীশুর অনুসরণকারী হয়েছিল।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পঞ্চাশত্তমীর দিন (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। প্রভু যীশুর প্রতিজ্ঞা পূর্ণ হয়েছিল যখন শিষ্যরা পশ্চাশত্তমীর দিন এক প্রদর্শনীর মত সুন্দর উপায়ে পবিত্র আত্মা পেয়েছিল।<br>২। যখন পবিত্র আত্মা এসেছিলেন তখন কি হয়েছিল তা ব্যাখ্যা করুন।<br>৩। পিতর বলেছিল যে যিহুদী জাতি যীশুর মৃত্যুর জন্য দায়ী ছিল, কিন্তু ঈশ্বর তাঁকে জীবিত করে তুলেছেন এবং স্বর্গে উন্নীত করেছেন আর এখন তিনি পবিত্র আত্মাকে পাঠালেন।<br>৪। সেদিন যারা বিশ্বাস করেছিল তারাই মণ্ডলীর প্রথম সদস্য হয়েছিল। এটা সেদিন শুরু হয়েছিল এবং বর্তমান দিন পর্য্যন্ত চলছে।<br>৫। যারা বিশ্বাস করেছিল তাদের সত্যি কি হয়েছিল আলোচনা করুন। **(৩৮-৩৯ পদ দেখুন)**<br>৬। তাদের জীবন যে পরিবর্তিত হয়েছিল তা দেখাতে তারা কি করেছিল দেখুন **(৪২ পদ দেখুন)**<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পঞ্চাশত্তমীর দিন (I)** |
| পুনরালোচনা করুন | ১। সাক্ষী হতে পবিত্র আত্মা কিভাবে আমাদের ক্ষমতা দেন সেবিষয়ে চিন্তা করুন।<br>২। সারা জগত জুড়ে শুভ সংবাদ ছড়িয়ে দেবার গুরুত্বটি আলোচনা করুন।<br>৩। একটা দলে উপায়গুলি আলোচনা করুন যেন ছাত্রছাত্রীরা এই সপ্তাহে একজন সাক্ষী হতে পারে।<br>৪। অনেক বছর আগে কি আকারে প্রায়শ্চিত্ত অথবা অনুতাপ হোত তা খুঁজে বের করুন। | ১। পবিত্র আত্মার কাজের গুরুত্বটি আলোচনা করুন।<br>২। এক মণ্ডলী হিসাবে, ঘনিষ্ট সহভাগিতায় একসাথে মিলিত হওয়ার উপকারিতাগুলি আলোচনা করুন।<br>৩। একটা মণ্ডলীর নাম খুঁজে বের করুন যেটা দ্রুত বৃদ্ধি পাচ্ছে এবং তার বৈশিষ্ট্যগুলির নাম করুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। একজন সাক্ষী হওয়ার অর্থ কি?<br>২। অনুতাপ করার অর্থ কি? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। আজ মণ্ডলীতে পঞ্চাশত্তমী কেন এত গুরুত্বপূর্ণ?<br>২। মণ্ডলীতে যোগদান করা এবং মণ্ডলীর সহভাগিতার অংশ হওয়ার মধ্যে পার্থক্যটি আলোচনা করুন। |

| | এ৫ - ৩ নং স্তর<br>২ নং পাঠ - পিতরের জীবন<br>মূল বিষয় - পিতর সুস্থ করো | এ৫ - ৪ নং স্তর<br>২ নং অধ্যয়ণ - পিতরের জীবন<br>মূল বিষয় - একজন খোঁড়া লোককে সুস্থ করা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ৩:১-১৬**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ৩:৬**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। প্রভু যীশুর অসুস্থতা এবং রোগ সুস্থ করার ক্ষমতা আছে।<br>২। তিনি আমাদের জীবন পরিবর্তন করতে পারেন যদি আমরা তাঁকে বিশ্বাস করি। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ৩:১-২৬**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ৪:১০**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর ঠিক সময় আমাদের ঠিক জায়গায় রাখেন।<br>২। এটা ছিল ঈশ্বরের শক্তি যে খোঁড়া লোকটি সুস্থ হয়েছিল তা শিষ্যদের শক্তি ছিল না। |
| পরিচয় করান | দয়ালু শমরীয় এবং "প্রতিবাসীকে ভালবাসার" প্রয়োজনের বিষয়ে যীশু পিতর এবং অন্য শিষ্যদের দৃষ্টান্ত দিয়ে যে শিক্ষা দিয়েছিলেন তা তারা কখনও ভুলবে না। **(লূক ১০:২৫-৩৭)** যখন তারা এই ব্যক্তিকে দেখেছিল তারা জানত যে যীশু যা করতেন তাদের তাই করতে হবে। | প্রভু যীশুর শিক্ষাগুলির মধ্যে সবচেয়ে মহৎ শিক্ষা ছিল অন্যের জন্য চিন্তা করা। তিনি অনবরত তাঁর শিষ্যদের দেখিয়েছিলেন প্রত্যেকের জন্য তাঁর ভালবাসা, বিশেষভাবে যাদের প্রয়োজন আছে। তিনি বলেছিলেন তিনি যখন থাকবেন না তখন তিনি যে কাজ করেছেন তার চেয়েও মহৎ জিনিস তারা করবে। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা এবং ব্যাখ্যা করুন ঃ**<br>১। পিতর ও যোহন প্রার্থনা করতে মন্দিরে যাচ্ছে।<br>২। তাদের সাথে এক ব্যক্তির দেখা হয় যে চল্লিশ বছর আগে, তার জন্ম থেকে, হাঁটতে সক্ষম ছিল না।<br>৩। সে অর্থ চাইল, কিন্তু পিতর বলল তার কাছে এর চেয়েও ভাল কেউ আছেন যিনি সুস্থ করতে পারেন।<br>৪। সে লোকটিকে দাঁড়াতে সাহায্য করেছিল এবং তারপর লোকটি লাফাতে, এবং হাঁটতে শুরু করেছিল এবং ঈশ্বরের প্রশংসা করতে মন্দিরে গিয়েছিল। এটা আদি মণ্ডলীতে প্রথম আশ্চর্য্য কাজ ছিল।<br>৫। জনতা যখন জড় হয়েছিল তখন পিতর ব্যাখ্যা করেছিল লোকটি তার নিজের ক্ষমতায় বা পিতরের ক্ষমতায় সুস্থ হয়নি কিন্তু যীশুর নামে সুস্থ হয়েছে যাঁকে লোকেরা ক্রুশে মেরেছিল **(১৬ পদটি দেখুন।)**<br>৬। **১৬ পদে** লোকটির বিশ্বাসের উপর জোর দেওয়াটি লক্ষ্য করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — একজন খোঁড়া ভিখারী সুস্থ হয় (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পঞ্চাশত্তমীর ঠিক পরেই পিতর ও যোহন মন্দিরে প্রার্থনা করতে যাচ্ছিল।<br>২। যখন তারা খোঁড়া লোকটিকে দেখেছিল, তখন তারা জানত প্রভু থাকলে কি করতেন।<br>৩। বিশ্বাসে, পিতর লোকটিকে উঠে দাঁড়াতে সাহায্য করেছিল। তৎক্ষনাৎ সে সুস্থ হয়েছিল এবং হেঁটে ও লাফ দিয়ে এবং মন্দিরে গিয়ে ঈশ্বরের প্রশংসা করার দ্বারা তা প্রমাণ করেছিল।<br>৪। সে তৎক্ষণাৎ সম্পূর্ণ সুস্থ হয়েছিল; ঠিক সেই অনেক আশ্চর্য্য কাজের মত যা যীশু সম্পাদন করেছিলেন।<br>৫। প্রভু যীশুর ক্ষমতা এখন পবিত্র আত্মা আসার মাধ্যমে তাঁর শিষ্যদের মধ্যে দেখা গিয়েছিল।<br>৬। পিতরের বক্তৃতার প্রধান প্রধান বিষয়গুলি ধরুন যেমন সে ব্যাখ্যা করেছিল যীশু কে এবং এখনও তিনি কি করতে পারেন।<br>৭। কিভাবে ঈশ্বর সুস্থতা দিতে তাঁর শিষ্যদের ক্ষমতা দিয়ে সঞ্জীভূত করতে পারেন তা খেয়াল করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — একজন খোঁড়া ভিখারী সুস্থ হয় (I)** |
| পুনরালোচনা করুন | ১। সুস্থতার আশ্চর্য কাজটি এবং সকলে যে সুস্থ হয় না সেই সত্যটির বিষয়ে চিন্তা করুন।<br>২। আলোচনা করুন কিভাবে খ্রীষ্টানদের পৃথিবীর প্রান্ত পর্যন্ত যাবার আগে নিজের বাড়ীতে (আমাদের যিরূশালেম) সাক্ষী হওয়া প্রয়োজন।<br>৩। বর্তমান যুগের একজন খ্রীষ্টানকে খুঁজে বের করুন যিনি অশ্চর্যভাবে সুস্থতার অভিজ্ঞতা লাভ করেছেন।<br>৪। যখন আমরা যীশুকে বিশ্বাস করি তখন তিনি যে পরিবর্তন দিতে পারেন তা আলোচনা করুন। | ১। আলোচনা করুন যীশুর সাথে সময় কাটানো কিভাবে আমাদের প্রতিদিনের কাজে এবং সাক্ষী হতে প্রভাবিত করতে পারে।<br>২। অন্য খ্রীষ্টানদের সাথে প্রার্থনা করতে সময় তৈরী করুন ঈশ্বরকে বলুন তাঁর ক্ষমতা দিয়ে আপনাকে পূর্ণ করতে এবং পরিচর্য্যার জন্য সুযোগ দিতে।<br>৩। প্রভুকে অস্বীকার করার পর থেকে পিতরের কেন এত পরিবর্তন হয়েছিল তার কারণগুলির বিষয়ে চিন্তা করুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। আপনি কেন মনে করেন ঈশ্বর সব লোকদের সুস্থ করেন না?<br>২। কিভাবে আমরা প্রতিদিনের ভিত্তিতে ঈশ্বরকে বিশ্বাস করতে পারি? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। কিভাবে আপনি জানেন আপনি যেখানে আছেন সেখানেই ঈশ্বর আপনাকে চান?<br>২। আমাদের পাপ ক্ষমা করার এবং আমাদের জীবন পরিবর্তন করার জন্য কিভাবে আমরা ঈশ্বরের প্রশংসা করতে পারি? |

| | এ৫ - ৩ নং স্তর<br>৩ নং পাঠ - পিতরের জীবন<br>মূল বিষয় - পিতর সাক্ষী হয় | এ৫ - ৪ নং স্তর<br>৩ নং অধ্যয়ণ - পিতরের জীবন<br>মূল বিষয় - ধর্মীয় আদালতের সামনে |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ৪:১-২২**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ৪:২**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। পবিত্র আত্মা পিতরের জীবনে এক বিরাট পার্থক্য তৈরী করেছিলেন।<br>২। খ্রীষ্টানদের প্রভুর পক্ষে দাঁড়াতে হবে। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ৪:১-৩১**<br><br>**মূল পদ ঃ প্রেরিত ৪:১৩**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ধর্মীয় কর্তৃত্বের কাছে সাক্ষী হতে ঈশ্বর পিতরকে সাহস এবং শক্তি দিয়েছিলেন।<br>২। যীশুর বিষয় অন্যদের বলতে বিশ্বাসীদের প্রস্তুত থাকা আবশ্যক এতে যে মূল্যই দিতে হোক না কেন। |
| পরিচয় করান | পূর্ববর্তী পাঠে কি ঘটেছিল তা পুনরালোচনা করুন। ছাত্রছাত্রীদের মনে করিয়ে দিন যে কোন কোন দেশে, তুমি যদি প্রভু যীশুর পক্ষে দাঁড়াও, তবে তার ফল অত্যাচার বা এমনকি কারাবরণও হতে পারে। এই ঘটনায় পিতর ও যোহন ধর্মীয় কর্তাদের কাছ থেকে অত্যাচারের সম্মুখীন হয়েছিল। | পিতর আর একটি মহান বক্তৃতা দিয়েছিল। (৩ অধ্যায়) বিশ্বাসীদের সংখ্যা ছিল প্রায় ৫০০০ (৪ পদ) ধর্মীয় নেতারা মনে করেছিলেন যে প্রভুকে যখন ক্রুশে মারা হয়েছে তখন তা অনুসরণ করার শেষ হয়েছে। এখন বরং আরও বেশী হয়েছে। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ধর্মীয় নেতারা পিতরের বক্তৃতা শুনেছিলেন এবং উত্তেজিত হয়েছিলেন কারণ শিক্ষা দেওয়া তাঁদের কাজ ছিল, এবং এছাড়াও পিতর প্রচার করেছিল যে প্রভু যীশু জীবিত।<br>২। পিতর ও যোহনকে বন্দী করা হয়েছিল এবং কারাগারে রাখা হয়েছিল।<br>৩। পরের দিন তাদের ধর্মীয় আদালতের (বিচারালয়ে) সম্মুখীন হতে হয়েছিল, যেমন যীশুকে হতে হয়েছিল।<br>৪। তাঁরা জানতে চেয়েছিলেন লোকটিকে হাঁটাতে পিতর কি শক্তি ব্যবহার করেছিল।<br>৫। পিতর তাদের বলেছিল সেটা ছিল যীশুর নামের শক্তি। **(১০ পদ)**<br>৬। ধর্মীয় নেতারা পিতর ও যোহনের সাহস দেখে প্রভাবিত হয়েছিলেন।<br>৭। তাঁরা তাদের যীশুর বিষয়ে প্রচার করা বন্ধ করতে বলেছিলেন।<br>৮। পিতর বলেছিল তাঁদের বাধ্য হওয়ার পরিবর্তে তাদের ঈশ্বরের বাধ্য হতে হবে।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পিতর ও যোহন বন্দী হয়েছিল (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। পিতর ও যোহন বন্দী হয়েছিল।<br>২। ধর্মীয় বিচারালয়ের (যিহুদী আদালত) বৈশিষ্ট্যটি লক্ষ্য করুন।<br>৩। পিতর সাহসপূর্বক ধর্মীয় বিচারালয়কে বলেছিল যে সেটা ছিল যীশুর ক্ষমতা যা লোকটিকে সুস্থ করেছিল এবং তারপর ব্যাখ্যা করেছিল যে তিনিই একমাত্র পরিত্রাতা **(১২ পদ)**<br>৪। ধর্মীয় বিচারালয় পিতর ও যোহনের সাহস দেখে অবাক হয়েছিলেন এবং বুঝতে পেরেছিলেন তার কারণ ছিল তারা যীশুর সাথে সাথে থেকেছিল।<br>৫। তাঁরা তাদের যীশুর নামে প্রচার করা বন্ধ করতে বলেছিলেন। কিন্তু পিতর তাঁদের বলেছিল যিহুদী আদালতের বাধ্য হওয়া অপেক্ষা তাদের ঈশ্বরের বাধ্য হতে হবে।<br>৬। পিতর ও যোহন তাদের নিজেদের লোকদের কাছে ফিরে এসেছিল এবং একসাথে তারা প্রার্থনা করেছিল যেন তারা সাহসিকতার সাথে বক্তৃতা দিতে সক্ষম হয়। লক্ষ্য করুন কিভাবে তাদের প্রার্থনার উত্তর এক ক্ষমতাসম্পন্ন উপায়ে পেয়েছিল।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — পিতর ও যোহন বন্দী হয়েছিল (I)** |
| পুনরালোচনা করুন | ১। খ্রীষ্টিয় বিশ্বাসের মূল বিষয়গুলি সারাংশ করুন যা এক ভিত্তি হিসাবে কাজ করা আবশ্যক। মনে রাখবেন যে একজন বিশ্বাসীর বিশ্বাসের ভিত্তি প্রভু যীশু হওয়া আবশ্যক। **(১২ পদটি ধরুন)**<br>২। একজন নামকরা খ্রীষ্টানের বিষয় খুঁজে বার করুন যিনি তাঁর বিশ্বাসের জন্য 'দাঁড়িয়েছিলেন'। যেমন এরিক লিডেল। | ১। আলোচনা করুন কিভাবে আপনি আপনার বিশ্বাসে এবং সাক্ষী হতে আরও বেশী সাহসী হতে পারেন।<br>২। ওপেন ডোর-এর কাজ অথবা বার্ণাবাস ট্রাষ্টের কাজ নিয়ে গবেষণা করুন যে খুঁজে পান কিভাবে খ্রীষ্টানরা সেই জায়গাগুলিতে বিজয়ী হতে পারে যেখানে তাড়না আছে। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। অন্যদের যীশুর বিষয়ে বলতে কি আমাদের বাধা দেয়?<br>২। একজন বিশ্বসীর জন্য 'জীবন্ত প্রস্তর' **(১ পিতর ২:৪ ও ৫)** হওয়া বলতে কি বোঝায়? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। সাক্ষী হতে আমাদের সাহায্য করতে কিভাবে আমরা পবিত্র আত্মার উপর নির্ভর করতে পারি?<br>২। কিভাবে সুসমাচারের বিরোধিতা আমাদের বিশ্বাসে বৃদ্ধি পেতে সাহায্য করে? |

| | এ৫ - ৩ নং স্তর<br>৪ নং পাঠ - পিতরের জীবন<br>মূল বিষয় - কারাগারে পিতর | এ৫ - ৪ নং স্তর<br>৪ নং অধ্যয়ণ - পিতরের জীবন<br>মূল বিষয় - কারাগারে |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১২:১-১৯**<br><br>**মূল পদ ঃ ১ যোহন ৫:১৪**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। তাড়না এমন কিছু যা ঈশ্বরের লোকদের উপর প্রভাব ফেলতে পারে।<br>২। বাইবেল শিক্ষা দেয় যে ঈশ্বর আমাদের ভালবাসেন এবং জানেন কোনটা আমাদের জন্য সবচেয়ে ভাল। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ প্রেরিত ১২:১-১৯**<br><br>**মূল পদ ঃ ১ যোহন ৫:৫**<br><br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বরে বিশ্বাস করা গুরুত্বপূর্ণ যেমন পিতর করেছিল, এমন কি সবচেয়ে কঠিন পরিস্থিতির মধ্যেও।<br>২। ঈশ্বর অসম্ভব কাজ করতে পারেন কিন্তু তিনি বাকীটা আমাদের উপর ছেড়ে দেন। |
| পরিচয় করান | প্রভু যীশু বলেছিলেন যে ঠিক জগত যেমন তাঁকে ঘৃণা করেছিল, তেমনই তারা প্রেরিতদের এবং সমস্ত ঈশ্বরের লোকদের ঘৃণা করবে। **(যোহন ১৫:১৮)**, যীশুর শিশুকালে হেরোদ রাজা তাঁকে প্রায় হত্যা করে ফেলেছিলেন। এখন তাঁর নাতি, আর একজন হেরোদ পিতরের প্রতি প্রায় একই জিনিস করতে যাচ্ছেন। | আর একবার পিতর কারাগারে ছিলেন কারণ তার বিশ্বাস এবং তার বক্তৃতা। তার অবশ্যই এত বিশ্বাস ছিল যে সে কারাগারে গভীর নিদ্রায় নিদ্রিত ছিল তার বিচারের আগের রাতে। পিতর কি বাক্যের সত্য জেনেছিল যা সে পরে লিখেছিল? **(১ পিতর ৫:৭)** |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। হেরোদ রাজা যাকোবকে মেরে ফেলেছিলেন এবং যখন তিনি জানতে পারলেন যে তা যিহুদীদের সন্তুষ্ট করেছিল তখন তিনি পিতরকে বন্দী করেছিলেন।<br>২। পিতর আবার কারাগারে, বিচারের অপেক্ষায় ছিল।<br>৩। মণ্ডলী প্রার্থনা করতে একসাথে মিলিত হয়েছিল।<br>৪। বিচারের আগের দিন রাতে একজন দূত কারাগার থেকে রক্ষা পেতে পিতরকে সাহায্য করেছিল।<br>৫। সে সেই বাড়ীতে গিয়েছিল যেখানে তার বন্ধুরা প্রার্থনা করছিল।<br>৬। দাসী মেয়েটি যে দরজা খুলেছিল সে তাদের বলেছিল পিতর সেখানে আছে, কিন্তু কেউ তার কথা বিশ্বাস করে নি।<br>৭। শেষ পর্য্যন্ত তারা বুঝতে পেরেছিল যে ঈশ্বর তাদের প্রার্থনার উত্তর দিয়েছেন।<br>৮। বিশ্বাসীদের মধ্যে প্রকৃত সহাভাগিতার গুরুত্বটি চিন্তা করুন।<br>৯। কিভাবে আমাদের নিয়মিত প্রার্থনা করা আবশ্যক, আশা করা ঈশ্বর উত্তর দিবেন এবং আমাদের জীবনের জন্য ঈশ্বরের ইচ্ছাগ্রহণ করা এসব বিষয়ে চিন্তা করুন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — কারাগার থেকে পিতরের আশ্চর্যজনকভাবে উদ্ধার।** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br><br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। মণ্ডলীর পিতরের বিষয়ে চিন্তিত হয়েছিল এবং একাগ্রভাবে তার জন্য প্রার্থনা করছিল।<br>২। পিতরকে ১৬ জন সেনা পাহারা দিয়েছিল এবং তাদের দুজনের মাঝখানে শিকল দিয়ে বাঁধা ছিল।<br>৩। একজন দূত উপস্থিত হয়েছিল, পিতরকে জাগিয়েছিল এবং শিকল বাঁধা থেকে তাকে মুক্ত করেছিল আর কারাগার থেকে বাইরে আসতে চালিত করেছিল। আশ্চর্যভাবে পিতর মুক্ত হয়েছিল।<br>৪। পিতর বুঝতে পেরেছিল যে তিনি ছিলেন প্রভু যিনি তাকে মুক্ত করেছেন।<br>৫। সে আবিষ্কার করেছিল যে মণ্ডলী প্রার্থনা করছিল কিন্তু প্রকৃতই বিশ্বাস করেনি যে ঈশ্বর অসম্ভব কাজ করতে পারেন।<br>৬। পরিষ্কারভাবে পিতরের করার জন্য ঈশ্বরের কাছে আরও অনেক কাজ ছিল। তখনও তার মারা যাবার সময় হয় নি তাই ঈশ্বর সবকিছুর উপর কাজ করলেন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — কারাগার থেকে পিতরের আশ্চর্যজনকভাবে উদ্ধার।** |
| পুনরালোচনা করুন | ১। প্রতিদিন প্রার্থনা করা খ্রীষ্টানদে জন্য কেন এত দুরুহ আলোচনা করুন।<br>২। সেই সময়টির বিষয়ে আলোচনা করুন যখন আপনি জানতেন যে আপনি ঈশ্বরের ইচ্ছার মধ্যে চলছেন না।<br>৩। ঈশ্বরের চালনার সাথে কাজ করার জন্য দুইটা বাইবেল পদ খুঁজে বের করুন এবং দলটির কাছে তা বলুন। | ১। কঠিন সময়ে ঈশ্বরের কাছে প্রার্থনা করার গুরুত্বপূর্ণতার বিষয়ে চিন্তা করুন।<br>২। কিভাবে আমাদের প্রত্যাশার সঙ্গে প্রার্থনা করা এবং উত্তর দিতে ঈশ্বরের উপর নির্ভর করা উচিত তা চিন্তা করুন।<br>৩। একজন ঘনিষ্ট বন্ধু, আত্মীয়কে জিজ্ঞাসা করুন একটা উদাহরণ দিতে যে কিভাবে ঈশ্বর তাদের জন্য বিশেষভাবে প্রার্থনার উত্তর দিয়েছিলেন এবং অন্যের কাছে তা বলুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। কেন ঈশ্বরের পথগুলি মাঝে মাঝে রহস্য বলে মনে হয় (কেউ কেউ সুস্থতা পায় এবং অন্যেরা পায় না)?<br>২। কিভাবে আমরা আমাদের জীবনের জন্য ঈশ্বরের ইচ্ছা আবিষ্কার করি? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। কেন আমরা প্রায়ই সন্দেহ করি যে আমরা যেভাবে চাই সেভাবে ঈশ্বর আমাদের প্রার্থনার উত্তর দিবেন না?<br>২। কিভাবে আমরা জানি যে ঈশ্বরের ক্ষমতা আমাদের চেয়ে অনেব বেশী? |

| | এ৬ - ৩ নং স্তর<br>১ নং পাঠ - অব্রাহামের যাত্রা<br>মূল বিষয় - ঈশ্বরে বিশ্বাস | এ৬ - ৪ নং স্তর<br>১ নং অধ্যয়ণ - অব্রাহামের যাত্রা<br>মূল বিষয় - তাঁর আহ্বান |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ১২:১-৯**<br>**মূল পদ ঃ ইব্রীয় ১১:৮**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। অব্রাম একজন বিশ্বাসী মানুষ ছিলেন। তিনি ঈশ্বরে বিশ্বাস করেছিলেন এমনকি যখন তিনি জানতেন না ঈশ্বর কোথায় তাঁকে চালিয়ে নিয়ে যাচ্ছিলেন।<br>২। ঈশ্বর যখন আমাদের ডাকেন, যেমন তিনি অব্রামকে ডেকেছিলেন, তখন তাঁকে আমাদের বিশ্বাস করা, তাঁকে অনুসরণ করা এবং তাঁর বাধ্য হওয়া প্রয়োজন। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ১১:২৭-৩২; আদিপুস্তক ১২:১-৯**<br>**মূল পদ ঃ প্রেরিত ৭:২-৪**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। অব্রাম একজন বিশ্বাসী মানুষ ছিলেন। তিনি ঈশ্বরে বিশ্বাস করেছিলেন এমন কি যখন তিনি জানতেন না ঈশ্বর কোথায় তাঁকে চালিয়ে নিয়ে যাচ্ছিলেন।<br>২। ঈশ্বর যখন আমাদের ডাকেন, যেমন অব্রামকে ডেকেছিলেন তখন তাঁকে আমাদের বিশ্বাস করা, তাঁকে অনুসরণ করা এবং তাঁর বাধ্য হওয়া প্রয়োজন। প্রকৃতপক্ষে, আমাদের জীবনটা তাঁর কাছে আমাদের দিয়ে দেওয়া উচিত। |
| পরিচয় করান | • দলটিকে জিজ্ঞাসা করুন তারা কখনও নতুন স্কুলে গিয়েছিল কি না। এতে কি কি সমস্যা জড়িত ছিল? (আপনি নতুন সময়সূচী শুরু, যাতায়াতের ভিন্ন ব্যবস্থা, নতুন বন্ধু গড়ে তোলা এবং নতুন শিক্ষক-শিক্ষিকার সাথে মিলিত হওয়া নিয়ে আলোচনা করতে পারেন।)<br>• জিজ্ঞাসা করুন দলটির মধ্যে কেউ বাড়ী পরিবর্তন করেছে কিনা। এটা কি কি সমস্যা উপস্থাপিত করেছিল? অব্রাম ও তাঁর পরিবারের জন্য নতুন সমস্যাগুলি হয়ত অন্য ভাষা, খাদ্য, আবহাওয়া এবং রীতি ছিল, সেইসাথে ছিল বাড়ীতে বন্ধুদের থেকে অনেক দূরে থাকা। | হেঁটে হেঁটে তর্ক। দলটিকে কল্পনা করতে বলুন যে তারা একটা দেশের উদ্দেশ্যে লম্বা যাত্রা শুরু করেছে যে দেশটিতে তারা আগে কখনও যায় নি, এবং পরিকল্পনাটি এই যে তারা সেখানে ঘর বাঁধবে। এটা কি কি সমস্যা উপস্থাপিত করতে পারে? (অব্রাম ও তাঁর পরিবারের জন্য নতুন সমস্যাগুলি হয়ত অন্য ভাষা, খাদ্য, আবহাওয়া এবং রীতিনীতি ছিল, সেই সাথে ছিল বাড়ীতে বন্ধুদের থেকে অনেক দূরে থাকা)।<br>এ৪ কাগজে আলাদাভাবে নীচের শব্দগুলি লিখুন : অনিশ্চিত, চিন্তিত, উত্তেজিত, নিষ্পেষিত, অশঙ্কাগ্রস্ত। লেখা কাগজগুলি কামরার আলাদা আলাদা অংশে দেয়ালে আটকে দিন। ছাত্রছাত্রীদের বলুন হেঁটে সেই শব্দ লেখা কাগজের কাছে যেতে যা সবচেয়ে ভালভাবে বর্ণনা করে কিভাবে এই পরিস্থিতি তাদের অনুভব করতে দিতে পারে। তারপর তাদের পছন্দগুলি নিয়ে আলোচনা করুন কেন তারা এমন অনুভব করে? |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঈশ্বর অব্রামের সাথে কথা বললেন এবং তাঁকে বলেছিলেন তাঁর পরিবার নিয়ে অন্য এক দেশে যেতে, যা তিনি তাঁকে দেখাবেন। এটা সহজ ছিল না। অব্রামের সময় যাত্রা করা কঠিন এবং ধীর চিল। এছাড়াও তাঁর অনেক জিনিস ছিল যা সুপরিচালিত করার ছিল এবং তাঁর সাথে কোন লোকদের নিবেন।<br>২। অব্রামকে আশীর্বাদ করতে এবং তাঁর পরিবারকে এক মহান জাতি তৈরী করতে ঈশ্বর এক বিশেষ প্রতিজ্ঞা করেছিলেন। এই মহান জাতির মাধ্যমে পৃথিবীর অন্য সব লোকেরাও আশীর্বাদ পাবে।<br>৩। অব্রাম তাঁর ভাইয়ের ছেলে লোট ও তাঁর স্ত্রী সারীকে সঙ্গে নিয়ে যাত্রা শুরু করেছিলেন। তাঁরা তাঁদের সাথে তাঁদের সমস্ত জিনিসপত্র নিয়েছিলেন। অব্রামের বয়স ছিল ৭৫ বছর।<br>৪। তাঁরা কিছু সময় যাত্রা করার পর, শিখিম নামে এক জায়গায় ঈশ্বর অব্রামকে দেখা দিলেন। তিনি অব্রামকে বলেছিলেন তাঁর পরিবারকে তিনি দেশটি দিবেন।<br>৫। অব্রাম এক বেদী তৈরী করেছিলেন এবং ঈশ্বরের আরাধনা করেছিলেন। তারপর তিনি বেথেল এবং অয়ের মাঝখানে পাহাড়ী অঞ্চলে এক জায়গায় যাত্রা করেছিলেন এবং তাঁর তাঁবু খাটিয়েছিলেন। প্রভুর আরাধনা করতে তিনি আবার বেদী তৈরী করেছিলেন। সেখান থেকে তিনি নেগেভ মরুভূমির দিকে যাত্রা চালিয়ে গিয়েছিলেন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — অব্রাহাম কনানে যান** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঈশ্বর অব্রামের সাথে কথা বললেন এবং তাঁকে বলেছিলেন তাঁর পরিবার নিয়ে অন্য এক দেশে যেতে, যা তিনি তাঁকে দেখাবেন। এটা সহজ ছিল না। অব্রামের সময় যাত্রা করা কঠিন এবং ধীর ছিল। এছাড়াও তাঁর অনেক জিনিস ছিল যা সুপরিচালিত করার ছিল এবং তাঁর সাথে কোন লোকদের নিবেন।<br>২। অব্রামকে আশীর্বাদ করতে এবং তাঁর পরিবারকে এক মহান জাতি তৈরী করতে ঈশ্বর এক বিশেষ প্রতিজ্ঞা করেছিলেন। এই মহান জাতির মাধ্যমে পৃথিবীর অন্য সব লোকেরাও আশীর্বাদ পাবে।<br>৩। অব্রাম তাঁর ভাইয়ের ছেলে লোট ও তাঁর স্ত্রী সারীকে সঙ্গে নিয়ে যাত্রা শুরু করেছিলেন। তাঁরা তাঁদের সাথে তাঁদের সমস্ত জিনিসপত্র নিয়েছিলেন। অব্রামের বয়স ছিল ৭৫ বছর।<br>৪। তাঁরা কিছু সময় যাত্রা করার পর, শিখিম নামে এক জায়গায় ঈশ্বর অব্রামকে দেখা দিলেন। তিনি অব্রামকে বলেছিলেন তাঁর পরিবারকে তিনি দেশটি দিবেন।<br>৫। অব্রাম এক বেদী তৈরী করেছিলেন এবং ঈশ্বরের আরাধনা করেছিলেন। তারপর তিনি বেথেল এবং অয়ের মাঝখানে পাহাড়ী অঞ্চলে এক জায়গায় যাত্রা করেছিলেন এবং তাঁর তাঁবু খাটিয়েছিলেন। প্রভুর আরাধনা করতে তিনি আবার বেদী তৈরী করেছিলেন। সেখান থেকে তিনি নেগেভ মরুভূমির দিকে যাত্রা চালিয়ে গিয়েছিলেন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**১ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — অব্রাহাম কনানে যান** |
| পুনরালোচনা করুন | হারণ থেকে বেথেলে অব্রামের যাত্রার একটা মানচিত্র আঁকুন এবং এই গল্পে যে যে জায়গার নাম উল্লেখ করা হয়েছে সেগুলি চিহ্নিত করুন। মোরির বিরাট গাছটি এবং দুইটা বেদী যা অব্রাম ঈশ্বরের আরাধনা করতে তৈরী করেছিলেন তা যুক্ত করেছেন বলে নিশ্চিত হবেন। | এখন, আজ যা অধ্যয়ন করা হয়েছে সেই বাইবেল বিষয়ক ঘটনাগুলির উপর ভিত্তি করে, অন্য দেশে যেতে ঈশ্বরের আহ্বানের প্রতি অব্রামের মনোভাব বর্ণনা করতে আমরা যে সব বিশেষণ ব্যবহার করতে পাই তার একটা তালিকা তৈরী করুন। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। অব্রাম ঈশ্বরের বাধ্য হয়েছিলেন যখন তিনি তাঁকে যাত্রা করতে বলেছিলেন, এমন কি যদিও তা সহজ হোত না। এটা আমাদের তাঁর চরিত্রের বিষয়ে কি দেখায়?<br>২। ঈশ্বরের উপর আমাদের বিশ্বাস কিভাবে প্রতিদিন আমরা যেভাবে আচরণ করি তার উপর প্রভাব ফেলা উচিত, এমন কি পরিস্থিতিগুলি যখন আমরা সম্পূর্ণরূপে বুঝি না? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। জোড়া জোড়া অথবা ত জনের দলে আলোচনা করুন: অব্রাহাম ঈশ্বরের বাধ্য হয়েছিলেন। এটা আমাদের ঈশ্বরের প্রতি অব্রামের দৃষ্টির বিষয় কি শিক্ষা দেয়?<br>২। পরিস্থিতিগুলি চিন্তা করুন যখন ঈশ্বরের বাধ্য হওয়া সমস্যামূলক হয়। এমন কি যখন আমরা অনিশ্চিত, সঙ্কটময় অথবা চিন্তিত বোধ করি তখন আমাদের কিভাবে আচরণ করা উচিত সে বিষয়ে অব্রামের গল্পটি আমাদের কি শিক্ষা দেয়? |

| | এ৬ - ৩ নং স্তর<br>২ নং পাঠ - অব্রাহামের যাত্রা<br>মূল বিষয় - মনোনয়ন | এ৬ - ৪ নং স্তর<br>২ নং অধ্যয়ণ - অব্রামের যাত্রা<br>মূল বিষয় - তাঁর মনোনয়ন |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ১৩:১-১৮**<br>**মূল পদ ঃ হিতোপদেশ ৩:৫ ও ৬**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। আমাদের জীবনে ভাল সিদ্ধান্ত নেওয়া গুরুত্বপূর্ণ।<br>২। ভাল সিদ্ধান্তগুলি নিতে আমাদের সাহায্য করতে আমাদের ঈশ্বরকে বলা উচিত। আমাদের উচিত তাঁর চালনা চাওয়া। ঈশ্বরকে ধন্যবাদ দিতে এবং তাঁর আরাধনা করতেও আমাদের মনে রাখা উচিত। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ১৩:১-১৮; আদিপুস্তক ১৪:১-১৬**<br>**মূল পদ ঃ যিহোশূয় ২৪:১৫**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। অব্রাম ঈশ্বরের চালনা এবং সাহায্য চেয়েছিলেন এবং তিনি ঈশ্বরকে ধন্যবাদ দিয়েছিলেন।<br>২। আমরা যা করি তার প্রত্যেকটির মধ্যে ঈশ্বরকে আমাদের চেনা, তাঁর সাহায্য ও চালনা চাওয়া এবং আমাদের জীবনে আশীর্বাদের জন্য তাঁকে সমস্ত প্রশংসা এবং সম্মান দেওয়া উচিত। |
| পরিচয় করান | • প্রতিদিন আমরা সকলে মনোনয়ন করি এবং সিদ্ধান্ত নিই। দলটিকে ছোট, দৈনন্দিন সিদ্ধান্তগুলির উদাহরণ দিতে বলুন এবং তারপর কয়েকটি বড় জীবন-পরিবর্তনকারী সিদ্ধান্তের উদাহরণ দিতে বলুন। একটা বড় কাগজে এই দুইটি তালিকা তুলনামূলক বিচারের জন্য লিখুন।<br>• প্রতিটি ব্যক্তিকে এক টুকরা কাগজ দিন। একদিকে তারা একটা ছবি আঁকবে যা এক ছোট সিদ্ধান্তকে বোঝাবে যা ইদানিং তারা নিয়েছে। অন্যদিকে তারা একটা ছবি আঁকবে যা এক প্রত্যাশা, স্বপ্ন অথবা উচ্চাকাঙ্ক্ষা বোঝাবে যা ভবিষ্যতের বিষয়ে তাদের আছে। ছোট ছোট দলে তারা তাদের ছবিটার বিষয়ে বলতে এবং আলোচনা করতে পারে। ব্যাখ্যা করুন যে আমাদের সকলকে মনোনয়ন ও সিদ্ধান্ত নিতে হয় এবং তাই এসবের জন্য আমাদের সাহায্য এবং পরিচালনা প্রয়োজন। আমাদের সমস্ত মনোনয়ন এবং সিদ্ধান্তের জন্য আমাদের ভাল পরিচালনা দিতে আমরা ঈশ্বরকে বিশ্বাস করতে পারি। | ঈশ্বরের পরিচর্য্যা করা একটা মনোনয়ন।<br>মানুষের জীবনে আমরা কি পার্থক্য দেখতে পারি যারা ঈশ্বরের পরিচর্য্যা করা বেছে নিয়েছে?<br>বড় কাগজের উপর সেগুলির একটা তালিকা প্রস্তুত করুন এবং পাঠে যখন আমরা অব্রামের জীবনের আলোকচিত্রটি অধ্যয়ন করি তখন এগুলি মনের মধ্যে রাখুন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। অব্রাম আগে যেখানে তাঁবু খাটিয়েছিলেন সেখানে ফিরে গেলেন, যেটা ছিল বেথেল এবং অয়ের মাঝখানে। সেখানে তিনি প্রভুর উদ্দেশ্যে এক বেদী তৈরী করেছিলেন এবং তিনি প্রার্থনা করতে গিয়েছিলেন, প্রভুর নামে ডেকেছিলেন।<br>২। অব্রামকে একটা সিদ্ধান্ত নিতে হয়েছিল। সেখানে দেশটিতে অনেক বেশী লোক বাস করছিল এবং তারা এবিষয়ে ঝগড়া করছিল। সেখানে প্রত্যেকের জন্য যথেষ্ট জায়গা ছিল না ফলে সময় এসেছিল যখন অব্রামকে তাঁর ভাইয়ের ছেলে লোটের কাছ থেকে আলাদা হতে হোত এবং ভিন্ন এলাকায় বাস করতে হোত।<br>৩। অব্রাম লোটকে বেছে নিবার সুযোগ দিয়েছিলেন যে দেশটির কোন এলাকায় সে বাস করতে চায়।<br>৪। লোট যর্দন নদীর ধারে উর্বরা ও সজল সমভূমি বেছে নিয়েছিল এবং শহরের কাছে বাস করার সিদ্ধান্ত নিয়েছিল।<br>৫। অব্রাম কনান দেশে বাস করলেন।<br>৬। লোট যখন তার পথে চলে গিয়েছিল তখন প্রভু অব্রামের সাথে কথা বলেছিলেন এবং উত্তর, দক্ষিণ, পূর্ব ও পশ্চিম: প্রতিটি দিকে অব্রাম যা দেখতে পেয়েছিলেন সে সমস্ত দেশ তাঁকে দিতে তিনি প্রতিজ্ঞা করেছিলেন।<br>৭। ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে অব্রামের অনেক অনেক সন্তান হবে এবং দেশটি তাদের হবে।<br>৮। অব্রাম হিব্রোণে, মম্রির বিরাট গাছটির কাছে বাস করতে স্থির করেছিলেন। তিনি সেখানে প্রভুর প্রতি আরাধনা করতে এক বেদী নির্মাণ করেছিলেন।<br><br>**মুল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই —অব্রাম ও লোট আলাদা হন। (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। অব্রামকে একটা সিদ্ধান্ত নিতে হয়েছিল। সেখানে দেশটিতে অনেক বেশী লোক বাস করছিল এবং তারা পশুদের জন্য ঘাসে ভরা জমির বিষয়ে ঝগড়া করছিল। সময় এসেছিল যখন অব্রামকে তাঁর ভাইয়ের ছেলে লোটের কাছ থেকে আলাদা হতে হোত এবং ভিন্ন এলাকায় বাস করতে হোত।<br>২। অব্রাম লোটকে বেছে নিবার সুযোগ দিয়েছিলেন যে কোন এলাকায় সে বাস করতে চায়।<br>৩। লোট যর্দন নদীর ধারে উর্বরা ও সজল সমভূমি বেছে নিয়েছিল এবং শহরের কাছাকাছি বাস করার সিদ্ধান্ত নিয়েছিল।<br>৪। অব্রাম কনান দেশে বাস করলেন।<br>৫। লোট যখন তার পথে চলে গিয়েছিল,তখন প্রভু অব্রামের সাথে কথা বলেছিলেন এবং প্রতিটি দিকে অব্রাম যে দেশ দেখতে পেয়েছিলেন তা তাঁকে দিতে তিনি তাঁর কাছে প্রতিজ্ঞা করেছিলেন। ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন যে অব্রামের অনেক সন্তান হবে এবং দেশটি তাদের হবে।<br>৬। অব্রাম মম্রির বিরাট গাছটির কাছে বসবাস করলেন। তিনি সেখানে প্রভুর উদ্দেশে আরাধনা করতে এক বেদী নির্মাণ করেছিলেন।<br>৭। অব্রাম এক সংঘর্ষের সময় বাস করেছিলেন। সদোমের শত্রুরা, যেখানে লোট বাস করছিল, সেই শহরটি আক্রমণ করেছিল এবং লোটকে বন্দী করেছিল, তার সাথে অন্য কয়েকজন এবং তাদের জিনিষপত্র ছিল।<br>৮। অব্রাম যখন এ বিষয়ে শুনতে পেয়েছিলেন তিনি শত্রুকে আক্রমণ করতে সৈন্য নিয়ে গিয়েছিলেন এবং বন্দীদের ফিরিয়ে এনেছিলেন। অব্রাম বন্দী করে তাকে পরাজিত করেছিলেন। তিনি সদোমের রাজার কাছ থেকে কোন অর্থ গ্রহণ করতে চান নি, কারণ তিনি ঈশ্বর যিনি তাঁর শত্রুদের উপর জয় দিয়েছিলেন।<br><br>**মুল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**২ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — অব্রাম ও লোট আলাদা হন। (I)** |
| পুনরালোচনা করুন | আজকের পাঠের গল্পের বিষয়ে একটা সংবাদপত্রের শিরোনাম এবং প্রথম পৃষ্ঠার ছোট রিপোর্ট উৎপন্ন করুন। লেখাটিতে গল্পের সমস্ত মূল উপাদানগুলি থাকা উচিত। এই কার্যক্রমটি ছোট ছোট দলে অথবা জোড়া জোড়া করে সম্পূর্ণ করা যেতে পারে। প্রবন্ধটি প্রদর্শন এবং আলোচনা করা যেতে পারে। | মূল পদ **যিহোশূয় ২৪:১৫ পদটি** পড়ন। এই অধ্যয়ণটিতে আপনি কি থেকে শিখেছেন, কিভাবে অব্রাম প্রদর্শন করেছিলেন যে তিনি একজন প্রভুর দাস ছিলেন? এই পাঠের শুরুতে ঈশ্বরের দাসদের বৈশিষ্টগুলির তালিকাটি পুনরালোচনা করুন। আর কি কোনকিছু আছে যা আপনি এখন যোগ অথবা পরিবর্তন করতে ইচ্ছা করেন? প্রভুর পরিচর্য্য করতে আজ আমাদের জীবনে কি পার্থক্য তৈরী করা উচিত? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>অব্রাম তাঁর মনোনয়ন এবং সিদ্ধান্তে ঈশ্বরকে নিয়োজিত করেছিলেন আর ঈশ্বর তাকে আশীর্বাদ করেছিলেন। আপনার জীবনে আপনি যখন গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নেন তখন আপনাকে চালনা করতে ও নির্দেশ দিতে ঈশ্বরকে জিজ্ঞাসা করার বিষয়ে চিন্তা করুন। | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>প্রতিটি ছাত্রছাত্রীকে একটা খালি পোষ্টকার্ড দিন। একটি উপায়ের কথা চিন্তা করতে তাদের উদ্বুদ্ধ করুন যে উপায়ে তারা আরও বিশ্বস্তভাবে প্রভুর পরিচর্য্যা করতে পারে। তারা একটা ব্যক্তিগত প্রার্থনা লিখতে পারে এবং পাঠটি মনে রাখার জন্য তা বাড়ী নিয়ে যেতে পারে। |

| | এ৬ - ৩ নং স্তর<br>৩ নং পাঠ - অব্রাহামের যাত্রা<br>মূল বিষয় - ঈশ্বরের প্রতিজ্ঞাগুলি | এ৬ - ৪ নং স্তর<br>৩ নং অধ্যয়ণ - অব্রামের যাত্রা<br>মূল বিষয় - তাঁর নির্ভরতা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ১৭:১-৮; আদিপুস্তক ১৮:১-১৫; আদিপুস্তক ২১:১-৫**<br>**মূল পদ ঃ মথি ১:২১**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। এমন কি অব্রাম যদিও তাঁর নিজের উপায়ে জিনিসগুলি ঠিক করে নিতে চেষ্টা করেছিলেন, তথাপি ঈশ্বর তাঁকে ছেড়ে দেন নি।<br>২। অব্রামের কাছে ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা দৃঢ়ভাবে প্রতিপন্ন করেছিলেন যে তিনি অনেক জাতির পিতা হবেন। এর অর্থ ছিল আশীর্বাদটি কেবল অব্রামের জন্য ছিল না; কিন্তু ইতিহাস জুড়ে লোকদের জন্য-ও।<br>৩। কোন কোন সময় আমরা ঈশ্বরের প্রতিজ্ঞাগুলিতে সন্দেহ করতে পারি কারণ সেগুলি অতি অবিশ্বাস্য মনে হয়। আমরা হয়ত নিজেরাই জিনিসগুলি মিটিয়ে নিতে চেষ্টা করতে পারি। এই পাঠটি আমাদের ঈশ্বরের প্রতিজ্ঞাগুলিতে বিশ্বাস করতে এবং সেগুলির পূর্ণতার জন্য অপেক্ষা করতে উদ্বুদ্ধ করে। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ১৫:১-৭; আদিপুস্তক ১৭:১-১৯; আদিপুস্তক ১৮:১-১৫**<br>**মূল পদ ঃ আদিপুস্তক ১৮:১৪**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর অব্রামের কাছে প্রতিজ্ঞা করেছিলেন যে তাঁর একটি সন্তান হবে এবং সে হবে তাঁর উত্তরাধিকারী। অব্রাম ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন, কিন্তু তিনি এবং তাঁর স্ত্রী বৃদ্ধ হয়েছিলেন তবুও তাঁদের কোন সন্তান হয় নি। তাঁরা নিজে নিজেই জিনিসগুলি মিটিয়ে নিতে চেষ্টা করেছিলেন।<br>২। ঈশ্বর অব্রাম ও সারীকে পরিত্যাগ করেন নি। ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা দৃঢ়ভাবে প্রতিপন্ন করেছিলেন যে অব্রাম অনেক জাতির পিতা হবেন। এর অর্থ ছিল আশীর্বাদটি কেবল অব্রামের জন্য ছিল না কিন্তু ইতিহাস জুড়ে লোকদের জন্য-ও।<br>৩। কোন কোন সময় আমরা ঈশ্বরের প্রতিজ্ঞাগুলিতে সন্দেহ করতে পারি কারণ সেগুলি অতি অবিশ্বাস্য মনে হয়। আমরা হয়ত নিজেরাই জিনিসগুলি মিটিয়ে নিতে চেষ্টা করতে পারি। এই পাঠটি আমাদের ঈশ্বরের প্রতিজ্ঞাগুলিতে বিশ্বাস করতে এবং সেগুলির পূর্ণতার জন্য অপেক্ষা করতে উদ্বুদ্ধ করে। |
| পরিচয় করান | দলটিকে জিজ্ঞাসা করুন তারা কখনও প্রতিজ্ঞা করেছিল কি না। কেউ কি দলের একজন সদস্যের কাছে প্রতিজ্ঞা করেছে? একটা বড় কাগজের উপর এগুলির একটা তালিকা লিখুন। মাঝে মাঝে লোকেরা তাদের প্রতিজ্ঞা রক্ষা করে না। এর কারণগুলি কি? (দলটির সাথে আলোচনা করুন) এই পাঠটি আমাদের শিক্ষা দেয় যে ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা রাখেন, এমন কি যখন অসম্ভাব্য মনে হতে পারে যে তিনি রাখবেন। | একটা বোর্ডে অথবা বড় কাগজে বিভিন্ন রকমের প্রতিজ্ঞার তালিকা তৈরী করুন যা আজকাল মানুষ করে থাকে (বিয়ের অঙ্গীকার, সেনাদের প্রতিজ্ঞা, বৈধ চুক্তি, বেতনের চুক্তি ইত্যাদি) আলোচনা করুন কতদূর পর্য্যন্ত এই প্রকার প্রতিজ্ঞাগুলি রাখা যায় বা ভেঙে ফেলা যায়। আজকের অধ্যয়নটি আমাদের শিক্ষা দেয় যে ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা রক্ষা করেন। |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঈশ্বর অব্রাহামকে প্রতিজ্ঞা করেছিলেন যে তাঁর অনেক সন্তান হবে।<br>২। অব্রাম ও সারীর অনেক বয়স হয়েছিল এবং তাঁরা নিজেরাই জিনিসটা মিটিয়ে নিতে চেষ্টা করেছিলেন।<br>৩। তবে ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা ভাঙেন নি। আসলে তিনি আবার অব্রাম ও সারীর সাথে তা দৃঢ়ভাবে প্রতিপন্ন করেছিলেন। তিনি প্রতিজ্ঞার চিহ্ন হিসাবে তাঁদের নতুন নাম দিয়েছিলেন — তাঁদের ডাকা হবে অব্রাহাম ও সারা।<br>৪। ঈশ্বর অব্রাহামকে বলেছিলেন তিনি অনেক জাতির পিতা হবেন। তিনি প্রতিজ্ঞা করেছিলেন যে তিনি অব্রাহাম ও তাঁর বংশধরদের দেশটি দিবেন, এবং তিনি তাদের ঈশ্বর হবেন।<br>৫। তিন ব্যক্তি তাঁর সাথে দেখা করতে এসেছিলেন। অব্রাহাম তাঁদের প্রতি অনেক দয়া দেখিয়েছিলেন।<br>৬। প্রভু অব্রাহামকে বলেছিলেন যে পরবর্তী বছরের মধ্যে সারার একটি ছেলে হবে। সারা হেসেছিলেন যখন তিনি তা শুনেছিলেন, কারণ তিনি এবং অব্রাহাম সন্তানের জন্ম দিতে খুবই বৃদ্ধ হয়েছিলেন।<br>৭। ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা রেখেছিলেন এবং সারার একটি ছেলে হয়েছিল।<br>৮। অব্রাহাম ও সারা ছেলেকে ইসহাক বলে ডাকতেন, যার অর্থ "হাসি" কারণ প্রভু তাঁদের কাছে এক অবিশ্বাস্য প্রতিজ্ঞা পূর্ণ করেছিলেন, এবং তাঁদের বৃদ্ধ বয়সে তাঁদের জন্য অনেক আনন্দ এনেছিলেন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — অব্রাহাম ও তিনজন আগন্তুক (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঈশ্বর অব্রাহামকে প্রতিজ্ঞা করেছিলেন যে তাঁর অনেক সন্তান হবে।<br>২। অব্রাম ও সারীর অনেক বয়স হয়েছিল এবং তাঁরা নিজেরাই জিনিসটা মিটিয়ে নিতে চেষ্টা করেছিলেন।<br>৩। ঈশ্বর তাঁদের উপর থেকে আশা ছাড়েন নি। তিনি প্রতিজ্ঞাটি দৃঢ়ভাবে প্রতিপন্ন করেছিলেন। ঈশ্বর অব্রাম ও সারীকে নতুন নাম দিয়েছিলেন। তাঁর প্রতিজ্ঞার স্মারক হিসাবে, তখন থেকে তাদের ডাকা হয়েছিল অব্রাহাম ও সারা।<br>৪। ঈশ্বর অব্রাহামকে বলেছিলেন তিনি অনেক জাতির পিতা হবেন। তিনি প্রতিজ্ঞা করেছিলেন যে তিনি অব্রাহাম ও তাঁর বংশধরদের দেশটি দিবেন, এবং তিনি তাদের ঈশ্বর হবেন।<br>৫। তিন ব্যক্তি তাঁর সাথে দেখা করতে এসেছিলেন। অব্রাহাম তাঁদের প্রতি অনেক দয়া দেখিয়েছিলেন।<br>৬। প্রভু অব্রাহামকে বলেছিলেন যে পরবর্তী বছরের মধ্যে সারার একটি ছেলে হবে। সারা হেসেছিলেন যখন তিনি তা শুনেছিলেন, কারণ তিনি এবং অব্রাহাম সন্তানের জন্ম দিতে খুবই বৃদ্ধ হয়েছিলেন।<br>৭। ঈশ্বর তাঁর প্রতিজ্ঞা রেখেছিলেন এবং সারার একটি ছেলে হয়েছিল।<br>৮। অব্রাহাম ও সারা ছেলেকে ইসহাক বলে ডাকতেন, যার অর্থ "হাসি" কারণ প্রভু তাঁদের কাছে এক অবিশ্বাস্য প্রতিজ্ঞা পূর্ণ করেছিলেন, এবং তাঁদের বৃদ্ধ বয়সে তাঁদের জন্য অনেক আনন্দ এনেছিলেন।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৩ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — অব্রাহাম ও তিনজন আগন্তুক (I)** |
| পুনরালোচনা করুন | মূল পদটি পড়ুন। এর মধ্যে যে প্রশ্নটি আছে তা একটা বুকমার্ক নকশা করতে ব্যবহার করুন। প্রত্যেকবার যখন আপনি তার দিকে তাকাবেন, তখন মনে করবেন যে ঈশ্বর তাঁর প্রতিজ্ঞাগুলি রক্ষা করেন, এমন কি তখনও যখন তা আমাদের কাছে অবিশ্বাস্য মনে হতে পারে। | ছোট ছোট দলে : এই পাঠে আমরা ঈশ্বর, অব্রাহাম ও সারার চরিত্রের বিষয়ে কি শিখি? এক টুকরা কাগজে ছাত্রছাত্রীদের ধারণাগুলি লেখা উচিত এবং তারপর সমগ্র দলের কাছে সেগুলি আলোচনা করা উচিত। |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। আপনি কি ঈশ্বরকে বিশ্বাস করছেন?<br>২। তিনি তাঁর বাক্যে যে প্রতিজ্ঞাগুলি করেছেন সেসব কি আপনি বিশ্বাস করেন?<br>৩। কিভাবে এই পাঠটি ঈশ্বরে আপনার বিশ্বাসকে শক্তিশালী করতে পারে? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>১। আপনার জীবনে কি এমন কোন জিনিস আছে যা আপনি মনে করেন তা ঈশ্বরের জন্য কঠিন?<br>২। আপনার জীবনের প্রতিটি অংশের সাথে ঈশ্বরকে বিশ্বাস করতে আপনাকে উৎসাহিত করার জন্য এই অধ্যয়নে আপনি কি শিখেছেন? |

| | এ৬ - ৩ নং স্তর<br>৪ নং পাঠ - অব্রাহামের যাত্রা<br>মূল বিষয় - ভালবাসার পরীক্ষা | এ৬ - ৪ নং স্তর<br>৪ নং অধ্যয়ণ - অব্রাহামের যাত্রা<br>মূল বিষয় - সমস্যা |
|---|---|---|
| | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ২২:১-১৪**<br>**মূল পদ ঃ যোহন ১:২৯**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর অব্রাহামকে পরীক্ষা করেছিলেন। তিনি অব্রাহামকে বলেছিলেন তাঁর একমাত্র ছেলেকে উৎসর্গ করতে। অব্রাহাম ঈশ্বরের বাধ্য হয়েছিলেন এবং সম্পূর্ণরূপে তাঁকে বিশ্বাস করেছিলেন।<br>২। ঈশ্বর এক মহান যোগানদাতা। তিনি ইসহাকের জায়গাটি নিতে নৈবেদ্য যুগিয়ে দিয়েছিলেন।<br>৩। ঈশ্বর আমাদের জায়গাটি নিতে এবং আমাদের পাপ সরিয়ে দিতে নৈবেদ্য হিসাবে প্রভু যীশুকে যুগিয়ে দিয়েছিলেন। | **বাইবেলে দৃষ্টিপাত ঃ আদিপুস্তক ২২:১-১৯**<br>**মূল পদ ঃ ইব্রীয় ১১:১৭-১৯**<br>**আমরা শিখছি যে ঃ**<br>১। ঈশ্বর অব্রাহামকে পরীক্ষা করেছিলেন। তিনি অব্রাহামকে বলেছিলেন তাঁর একমাত্র ছেলেকে উৎসর্গ করতে। অব্রাহাম ঈশ্বরের বাধ্য হয়েছিলেন এবং সম্পূর্ণরূপে তাঁকে বিশ্বাস করেছিলেন।<br>২। ঈশ্বর এক মহান যোগানদাতা। তিনি ইসহাকের জায়গাটি নিতে নৈবেদ্য যুগিয়ে দিয়েছিলেন।<br>৩। ঈশ্বর জানতেন যে অব্রাহাম তাঁর বাধ্য হয়েছিলেন, এবং তিনি তাঁকে প্রত্যেকটি জিনিস দিতে প্রস্তুত আছেন, কাজেই তিনি আবার তাঁর প্রতিজ্ঞাগুলি দৃঢ়ভাবে প্রতিপন্ন করেছিলেন।<br>৪। ঈশ্বর আমাদের জায়গাটি নিতে এবং আমাদের পাপ সরিয়ে দিতে নৈবেদ্য হিসাবে প্রভু যীশুকে যুগিয়ে দিয়েছিলেন। |
| পরিচয় করান | মাঝে মাঝে আমরা মানুষের বিষয়ে জিনিসগুলি খুঁজে বের করতে পরীক্ষা ব্যবহার করি। বিভিন্ন প্রকারের পরীক্ষাগুলির তালিকা তৈরী করুন যা মানুষকে দিতে হয় (চালক পরীক্ষা, স্কুলের পরীক্ষা, গানের পরীক্ষা, শ্রবণ ও দৃশ্যের পরীক্ষা ইত্যাদি) এই পরীক্ষাগুলি মানুষের জ্ঞান, বোধশক্তি, শারিরীক ক্ষমতা এবং আচরণের বিষয়ে কোনকিছু দেখায়। এই গল্পে ঈশ্বর এটা খুঁজতে পরীক্ষা ব্যবহার করেছিলেন যে অব্রাহাম প্রকৃতই তাঁকে বিশ্বাস করেছেন কিনা। | আপনার জীবনে কি কোনকিছু বা কেউ আছে যা বাদ দিয়ে আপনি বাঁচতে পারেন না? অব্রাহামের জন্য, তাঁর ছেলে ইসহাক নিশ্চয়ই এইসব ব্যক্তিদের মধ্যে একজন ছিল। অব্রাহাম ইসহাককে পেতে কতদিন অপেক্ষা করেছিলেন। অব্রাহাম যদি ইসহাককে হারাতেন তবে কেমন বোধ করতেন? |
| সম্পূর্ণ করুন | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঈশ্বর অব্রাহামকে বলেছিলেন তাঁর একমাত্র ছেলে ইসহাককে হোমবলি হিসাবে উৎসর্গ করতে যাকে ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন।<br>২। অব্রাহাম ঈশ্বরের নির্দেশগুলির বাধ্য হয়েছিলেন। ঈশ্বর তাঁকে যে স্থানে যেতে বলেছিলেন সেখানে পৌঁছতে অব্রাহাম তিন দিনের পথ যাত্রা করেছিলেন।<br>৩। ইসহাক যখন অব্রাহামকে জিজ্ঞাসা করেছিল নৈবেদ্য কোথায়, তখন অব্রাহাম উত্তর দিয়েছিলেন যে ঈশ্বর নিজে একটা যুগিয়ে দিবেন। এটা দেখায় যে অব্রাহামের ঈশ্বরের উপর প্রচণ্ড বিশ্বাস ছিল।<br>৪। অব্রাহাম সম্পূর্ণরূপে ঈশ্বরের বাধ্য ছিলেন। ঈশ্বরের জন্য তিনি সমস্ত জিনিস দিতে এবং তাঁর মূল্যবান ছেলেকে উৎসর্গ করতে প্রস্তুত ছিলেন।<br>৫। ঈশ্বর অব্রাহামকে ডেকেছিলেন এবং তাঁর ছেলে ইসহাকের ক্ষতি না করতে তাঁকে বলেছিলেন।<br>৬। ইসহাকের স্থানটি নিতে ঈশ্বর নিশ্চয়ই একটা নৈবেদ্য যুগিয়েছিলেন ঃ একটা মেষ।<br>৭। ঈশ্বর অব্রাহামের কাছে তাঁর প্রতিজ্ঞা দৃঢ়ভাবে প্রতিপন্ন করেছিলেন যে তাঁর এত বংশবৃদ্ধি পাবে যে কেউ তা গুনতে সক্ষম হবে না। তিনি আরো প্রতিজ্ঞা করেছিলেন যে তাদের মাধ্যমে পৃথিবীর সমস্ত জাতি আশীর্বাদ পাবে।<br>৮। আমাদের জায়গা নিতে ঈশ্বর তাঁর একমাত্র পুত্রকে "ঈশ্বরের মেষশাবক" হিসাবে পাঠিয়েছিলেন। প্রভু যীশুর মাধ্যমে, ঈশ্বর আমাদের পরিত্রাণ দিয়ে আশীর্বাদ করেন, যদি আমরা তাঁকে বিশ্বাস করি।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং পাঠটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — অব্রাহাম ও ইসহাক (I)** | **বাইবেলের গল্পটি উপস্থাপিত করুন**<br>**আলোচনা ও ব্যাখ্যা করুন ঃ**<br>১। ঈশ্বর অব্রাহামকে বলেছিলেন তাঁর একমাত্র ছেলে ইসহাককে হোমবলি হিসাবে উৎসর্গ করতে যাকে ঈশ্বর প্রতিজ্ঞা করেছিলেন।<br>২। অব্রাহাম ঈশ্বরের নির্দেশগুলির বাধ্য হয়েছিলেন। ঈশ্বর তাঁকে যে স্থানে যেতে বলেছিলেন সেখানে পৌঁছতে অব্রাহাম তিন দিনের পথ যাত্রা করেছিলেন।<br>৩। ইসহাক যখন অব্রাহামকে জিজ্ঞাসা করেছিল নৈবেদ্য কোথায়, তখন অব্রাহাম উত্তর দিয়েছিলেন যে ঈশ্বর নিজে একটা যুগিয়ে দিবেন। এটা দেখায় যে অব্রাহামের ঈশ্বরের উপর প্রচণ্ড বিশ্বাস ছিল।<br>৪। অব্রাহাম সম্পূর্ণরূপে ঈশ্বরের বাধ্য ছিলেন। ঈশ্বরের জন্য তিনি সমস্ত জিনিস দিতে এবং তাঁর মূল্যবান ছেলেকে উৎসর্গ করতে প্রস্তুত ছিলেন।<br>৫। ঈশ্বর অব্রাহামকে ডেকেছিলেন এবং তাঁর ছেলে ইসহাকের ক্ষতি না করতে তাঁকে বলেছিলেন।<br>৬। ইসহাকের স্থানটি নিতে ঈশ্বর নিশ্চয়ই একটা নৈবেদ্য যুগিয়েছিলেন ঃ একটা মেষ।<br>৭। ঈশ্বর অব্রাহামের কাছে তাঁর প্রতিজ্ঞা দৃঢ়ভাবে প্রতিপন্ন করেছিলেন যে তাঁর এত বংশবৃদ্ধি পাবে যে কেউ তা গুনতে সক্ষম হবে না।<br>৮। আমাদের জায়গা নিতে ঈশ্বর তাঁর একমাত্র পুত্রকে "ঈশ্বরের মেষশাবক" হিসাবে পাঠিয়েছিলেন। প্রভু যীশুর মাধ্যমে, ঈশ্বর আমাদের পরিত্রাণ দিয়ে আশীর্বাদ করেন, যদি আমরা তাঁকে বিশ্বাস করি।<br><br>**মূল পদটি ব্যাখ্যা করুন এবং ছাত্রছাত্রীদের তা শিখতে উৎসাহিত করুন।**<br>**৪ নং অধ্যয়ণটি সম্পূর্ণ করুন।**<br>**দেখান ঃ এফবিআই — অব্রাহাম ও ইসহাক (I)** |
| পুনরালোচনা করুন | মূল পদটি আমাদের শিক্ষা দেয় যে প্রভু যীশু নিখুঁত নৈবেদ্য, ঈশ্বরের মেষশাবক, যিনি জগতের পাপ নিয়ে যান। আপনি কি ঈশ্বরে বিশ্বাস করেছেন এবং প্রভু যীশুকে আপনার পরিত্রাতা হিসাবে গ্রহণ করেছেন? | অব্রাহাম সেই জায়গাটির নাম দিয়েছিলেন "প্রভু যোগাইবেন" যেখানে আজকের অধ্যয়ণের ঘটনাটি ঘটেছিল। কিভাবে প্রভু আমাদের জন্য যুগিয়েছেন? |
| সক্রিয় হন | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>অব্রাহাম সম্পূর্ণরূপে ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন এবং তাঁর বাধ্য হয়েছিলেন আর তার জন্য ঈশ্বর তাঁকে প্রচুর আশীর্বাদ করেছিলেন। কিভাবে আমরা অব্রাহামের আদর্শ অনুসরণ করতে পারি? | **কিভাবে পাঠটি আমাদের উদ্বুদ্ধ করে :**<br>অব্রাহাম ঈশ্বরকে বিশ্বাস করেছিলেন এবং তাঁর বাধ্য হয়েছিলেন, এমনকি তখনও যখন তাঁর বিশ্বাসের পরীক্ষা করা হয়েছিল। কিভাবে আমরা তাঁর আদর্শ অনুসরণ করতে পারি? |

# পাঠগুলিতে মান দিতে শিক্ষক-শিক্ষিকাদের পরিচালনা

## ৩নং স্তরের পাঠগুলি

- ছাত্রছাত্রীরা বাইবেলকে উল্লেখ না করে এই পাঠগুলি সম্পূর্ণ করতে পারে না এবং হয়ত একটা বা আরও বাইবেল পাঠ উল্লেখ করতে পারে।
- প্রশ্নগুলি বিভিন্ন আকারের হয় যেখানে থাকে শব্দের ধাঁধাঁ, শব্দকোষ, হারানো শব্দ, ইত্যাদি।
- সেগুলি বাইবেলের পুরনো অনুবাদ থেকে করা হয়েছে।
- আমাদের উদ্দেশ্য এই যে সমস্ত ছাত্রছাত্রীরা, যেন প্রশ্নগুলির উত্তর দিতে সক্ষম হয়।
- প্রতি সপ্তাহের জন্য কুড়ি নম্বর ধার্য করা হয়েছে, যেখানে মাসের জন্য সবচেয়ে বেশী ৮০ নম্বর, যদি পাঠগুলি সম্পূর্ণটাই সঠিক হয়।
- ৩নং স্তর — সাধারণত প্রতি প্রশ্নের জন্য ১ নম্বর প্রয়োজন, যেমন নির্দেশ দেওয়া হয়েছে।

## ৪নং স্তরের পাঠগুলি :

- এইগুলি ৩নং স্তরে পাঠগুলির কাছে এক কঠিনতম সংস্করণ।
- আরও জটিল প্রশ্ন এবং উত্তরগুলি প্রয়োজন।
- প্রতি সপ্তাহের জন্য কুড়ি নম্বর এবং মাসের জন্য ৮০ নম্বর, যদি পাঠগুলি সম্পূর্ণরূপে সঠিক এবং প্রশ্নগুলির সম্পূর্ণ উত্তর থাকে।

## মান দেওয়ার আভাস

শিক্ষক-শিক্ষিকাদের বলা হয়, প্রথমে :

- প্রতিটি পাঠ পরীক্ষা করতে এবং সঠিক বা ভুল উত্তরগুলির মান দিতে।
- প্রয়োজনীয় পয়েন্টগুলি পুরস্কৃত করতে যেমন নির্দেশ দেওয়া হয়েছিল।
- সর্বদা এক আলাদা রং দিয়ে মান দিতে, এবং সঠিক উত্তরে টিক দিতে।
- যেখানে প্রয়োজন, সঠিক উত্তরটি বসাতে এবং ভুল বানানগুলি ঠিক করতে, যদিও এগুলির জন্য কোন নম্বর বাদ দেওয়া হবে না।
- আংশিক ঠিক উত্তরের জন্য কম নম্বর দিতে।
- মাসটির জন্য মোট নম্বর যোগ করতে এবং পিছনের পৃষ্ঠায় যোগান জায়গায় এটা লিখতে।

মোটামুটি উদার হওয়া প্রয়োজন এবং ছাত্রছাত্রীদের বাইবেল অধ্যয়ণে উৎসাহ দিতে যতটা সম্ভব ততটা করা প্রয়োজন। এটা সাহায্য করে, যেখানে প্রতি মাসে শিক্ষক-শিক্ষিকাদের জন্য যখন সম্ভব তখন ছাত্রছাত্রীদের প্রতি উৎসাহজনক বাক্য লেখা এবং এটা করার জন্য পাঠটির পৃষ্ঠায় জায়গা দেওয়া আছে। ভাল রং করা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, নম্বর পাওয়া, পাঠটির বিষয়ে ছাত্রছাত্রীদের বোধশক্তি ইত্যাদিতে মন্তব্য করা যেতে পারে।
আমরা মন্তব্যগুলি যতটা সম্ভব আলাদা করতে চেষ্টা করি। প্রশ্ন, বক্তব্য, পর্য্যবেক্ষণ, উৎসাহদান ইত্যাদি বিভিন্নতা রক্ষা করতে ব্যবহার করা যেতে পারে। এতে প্রয়োজন চিন্তাধারনা, কিন্তু এটা গুরুত্বপূর্ণ যেন ছাত্রছাত্রীদের উৎসাহটি জাগিয়ে রাখা হয়। যদি একই মন্তব্য বা প্রশ্ন প্রত্যেক মাসে পুনর্বার দেওয়া হয়, তবে প্রভাবটা হারিয়ে যায়।

## ৩নং স্তর

### সাধারণ মন্তব্যগুলি

"দারুণ কাজ। তুমি অবশ্যই অতি সতর্কতার সাথে প্রশ্নগুলি পড়েছ। আমি বিশেষভাবে শেষ প্রশ্নে তোমার উত্তরটা পছন্দ করেছি যেখানে খুব ভালভাবে শব্দগুলি বসান হয়েছিল"
"এই যোনাথন, তোমার সব কঠোর পরিশ্রমের জন্য ধন্যবাদ। এটা খুব মহৎ যে তুমি প্রায় সমস্ত উত্তরগুলি পেরেছ। আমি তোমার জন্য হারানো উত্তরগুলি পূর্ণ করে দিয়েছি।"

### আত্মিক মন্তব্যগুলি

"ইস্রায়েল সন্তানদের সাথে মোশির কিছু কঠিন সময় কেটেছিল, কিন্তু ঈশ্বর সব সমস্যাগুলির সমাধান করতে তাকে নিজেকে একা ফেলে রাখেন নি।"
"যোষেফ কখনও ভুলে যায় নি যে তার বাবা তাকে ঈশ্বরকে ভালবাসতে শিখিয়েছিলেন। এমন কি সে যখন বাড়ী থেকে অনেক দূরে ছিল তখনও সে তা মনে রেখেছিল।"
"বরতীময় প্রভু যীশুর কাছে পৌঁছতে দৃঢ় প্রতিজ্ঞ ছিল। সে হতাশ হয় নি কারণ সে তখন দেখতে সক্ষম হয়েছিল এবং সে জানত প্রভু যীশু কোন একজন প্রকৃতই বিশেষ ব্যক্তি।"

## ৪নং স্তর

### সাধারণ মন্তব্যগুলি

"আরেকটি অপূর্ব পাঠগুচ্ছ। তুমি এই বাইবেলের গল্পগুলি খুব ভালভাবে বুঝতে পেরেছ বলে মনে হয় এবং আমি সত্যিই আশা করি তুমি এগুলিতে আনন্দ পেয়েছ। পাঠগুলি সতর্কতার সাথে করতে সময় দেওয়ার জন্য তোমাকে ধন্যবাদ। এগুলির মধ্য দিয়ে তাড়াতাড়ি যাওয়া সহজ হোত, কাজেই আমি তোমার সব প্রচেষ্টার প্রশংসা করি।"
"রাহেল, খুব ভাল চেষ্টা করেছ। তোমার উত্তরগুলি দেখে আমার মনে হয়, তুমি হয়ত গল্পটা সম্পূর্ণ বুঝতে পার নি। সম্ভবতঃ তুমি আবার তা পড়তে চেষ্টা করতে পার।"

### আত্মিক মন্তব্যগুলি

"উপমাগুলিকে মাঝে মাঝে বলা হয় স্বর্গীয়, বা গভীর অর্থ দিয়ে জাগতিক গল্প। ৩নং অধ্যয়ণে উপমাটির মধ্যে কি গভীর অর্থ আছে তা কি তুমি চিন্তা করতে পার?"
"স্তিফানের নিষ্ঠুরভাবে মৃত্যু হয়েছিল, তথাপি তিনি মরতে ভয় পান নি, কারণ তিনি জানতেন যে ঈশ্বর তখনও নিয়ন্ত্রণ করেছিলেন, এবং তিনি জানতেন যে তিনি স্বর্গে প্রভু যীশুর সাথে থাকবেন।"

bes INDIA
bible educational services

PO. BOX NO-9. MOOKANNUR.P.O. ANGAMALY, ERNAKULAM 683577
KERALA, E-mail:besindia1@gmail.com.
© Bible Educational Services 2019. **Visit www.besweb.com**